# किन

# সুবোধ ঘোষ

এম. সি. সরকার অ্যাপ্ত সন্ধ লিমিটেড ১৪, বঙ্কিম চাটুজ্যে খ্রীট, কলিকাতা—১২ প্রকাশক—**জ্রীস্থপ্রিয় সরকার** এম. সি. সরকার অ্যাণ্ড সন্স লিঃ ১৪, বৃদ্ধিম চাটুজ্যে খ্রীট, কলিকাতা

### চতুর্থ সংস্করণ—আশ্বিন ১৩৫৭ দাম ২॥০ টাকা

# STATE CENTRAL LIBRARY

8.0.53.

মূদ্রাকর শ্রীগোপালচন্দ্র রায় নাভানা প্রিন্টিং ওত্থার্কস্ লিমিটেড, পি ১৬, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলিকাতা

# मृघी

গল্প		পৃষ্ঠা
ফসিল	***	2
योगोवत्र	•••	75
শক থেৱাপী	•••	8.
অ্যান্ত্ৰিক	•••	৬২
<b>न                                    </b>	***	90
মানিহর	•••	۶۹
<b>ञ्</b> न १ म	•••	7.02
শ্বলা	•••	১২৭
গোত্রান্তর	•••	>80

## কয়েকটি অভিমত

স্বোধবাবুর গল্পগুলির মধ্যে আমরা এক নৃতন সন্ধান পাইয়াছি এবং তাহাকে অবলম্বন করিয়া বাঙ্গলা সাহিত্যের গতান্তগতিকতার মোড় ফিরিতেছে এবং ফিরিবে। তেবেন্তার কথাবস্তর মনোহারিত্ব, সংলাপচাতুর্য্য এবং অনবত্ত গঠননৈপুণ্যের মধ্য দিয়া গল্পগুলি এক অনিবার্য্য পরিণতির দিকে অগ্রসর হইয়া গিয়াছে। তেব্বা যায়, সমাজের নানা স্তরের জীবনের সঙ্গে তাহার পরিচয় কত ঘনিষ্ঠ, অভিজ্ঞতা কত বিস্তৃত এবং অধ্যয়ন কত ব্যাপক।

লেখক অল্পদিনের মধ্যেই কথাসাহিত্যিকরূপে তাঁহার স্বাতন্ত্র্যের পরিচয় দিয়া যশস্বা হইয়াছেন। তাঁহার অভিজ্ঞতার ক্ষেত্র প্রশস্ত, পর্যাবেক্ষণ নিপুণ এবং ভাষা বলিষ্ঠ—জীবননীতিতে তিনি প্রগতিশীল। তাঁ করিলেই বুঝা যায় যে, আধুনিক বাংলা গল্প কি আঙ্গিক আর কি বিষয়বস্থ, কোনদিকেই অন্তান্ত দেশের গল্পসাহিত্য হইতে পিছাইয়া নাই। ত্যুগান্তর

বাংলা গল্পের প্রকৃতি যে বদলাচ্ছে তার প্রমাণ স্থবোধ ঘোষের এই প্রথম বইথানি । · · · · সামাজিক চৈতন্তই শুধু লেথককে উদ্বুদ্ধ করেনি, আধুনিক দর্শন-বিজ্ঞানের প্রভাবও তাঁর ওপর বেশ সক্রিয় । সমাজ-বিজ্ঞানের স্থ্রকে কাজে লাগিয়ে অমন পূর্ণাঙ্গ গল্প তৈরী করা বিস্ময়কর । · · · · · · এ জাতের গল্প নিয়ে কিছুকাল থেকে বাংলা সাহিত্যে পরীক্ষা চলছিল বটে, কিন্তু তা সফল হলো এই প্রথম । · · · · স্থবোধ ঘোষের ছোটগল্প পাঠককে যে-রকম গভীরভাবে আলোড়িত ও অভিভৃত করে তার তুলনা সমসাময়িক কথাসাহিত্যে বিরল । — পরিচয়

ছোটগল্প ববীক্রনাথের হাতে যৌবনের পরিপূর্ণ নিটোল সৌন্দর্য্য লাভ করিয়াছিল। তেওঁ আধুনিক ঔপত্যাসিকগণ ইহাতে স্বষ্টর মৌলিকতা ও দৃষ্টিভঙ্গীর বৈশিষ্ট্য দেখাইয়াছেন। তেওঁ শুরুক্ত স্থবোধ ঘোষের তুইখানি গল্প-সংগ্রহ 'ফসিল' ও 'পরশুরামের কুঠার', ইহার আর্টকে নৃতনভাবে রূপায়িত করিয়াছে।

নৃতনপত্র: ডক্টর শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়

নেটিভ দেউট অঞ্জনগড়; আয়তন কাটায় কাটায় সাড়ে-আট বর্গমাইল। তবুও নেটিভ দেউট, বাঘের বাচ্চা বাঘই। মহারাজা আছেন; ফৌজ, ফৌজদার, দেরেস্তা, নাজারং দব আছে। এককুড়ির উপর মহারাজার উপাধি। তিনি ত্রিভূবনপতি; তিনি নরপাল, ধর্মপাল এবং অরাতিদমন। হু'পুরুষ আগে এ-রাজ্যে বিশুদ্ধ শাস্ত্রীয় প্রথায় অপরাধীকে শূলে চড়ানো হু'ত; এখন সেটা আর সম্ভব নয়। তার বদলে শুধু ফ্যাংটো ক'রে মৌমাছি লেলিয়ে দেওয়া হয়।

সাবেক কালের কেলাটা যদিও লুপ্তঞী, তার পাথরের গাঁথুনিটা আজও আটুট। কেলার ফটকে বুনো হাতীর জীর্ণ কঙ্কালের মতে। তুটো মরচেপড়া কামান। তার নলের ভেতর পায়রার দল স্বচ্ছন্দে ডিম পাড়ে; তার ছায়ায় বসে ক্লান্ত কুকুরেরা ঝিমোয়। দপ্তরে দপ্তরে শুধু পাগড়ী আর তরবারির ঘটা; দেয়ালে দেয়ালে ঘুঁটের মত তামা আর লোহার ঢাল।

একজন অমাত্য, আটজন প্রধান আর—ফৌজদার, আমিন, কোতোয়াল, সেরেন্ডাদার। ক্ষত্রিয় আর মোগল এই হু'জাতের আমলাদের যৌথ-প্রতিভার সাহায্যে মহারাজা প্রজারঞ্জন করেন। সেই অপূর্ব্ব অভুত শাসনের ঝাঁজে রাজ্যের অর্দ্ধেক প্রজা সরে পড়েছে দূর মরিসাসের চিনির কারখানায় কুলির কাজ নিয়ে।

সাড়ে-আট বর্গমাইল অঞ্জনগড়—শুধু ঘোড়ানিম আর ফণীমনসায় ছাওয়া রুক্ষ কাঁকরে মাটীর ডাঙা আর নেড়া নেড়া পাহাড়। কুর্মি আর ভীলেরা হু'ক্রোশ দূরের পাহাড়ের গায়ে লুকানো জলকুগুগুলি থেকে

মোষের চামড়ার থলিতে জল ভরে আনে—জমিতে সেচ দেয়—ভুট্টা, যব আর জনার ফলায়।

প্রত্যেক বছর স্টেটের তসীল বিভাগ আর ভীল ও কুর্মি প্রজাদের ভেতর একটা সংঘর্ষ বাধে। চাষীরা রাজভাগুরের জন্ম ফদল ছাড়তে চায় না। কিন্তু অর্দ্ধেক ফদল দিতেই হবে। মহারাজার স্থগঠিত পোলো টীম আছে। হয়প্রেষ্ঠ শতাধিক ওয়েলারের হ্রেষারবে রাজ-আন্তাবল সতত মুখরিত। সিডনির নেটিভ এই দেবতুল্য জীবগুলির ওপর মহারাজার অপার ভক্তি। তাদের তো আর খোল ভূষি খাওয়ানো চলে না। ভূট্টা, যব, জনার চাই-ই।

তদীলদার অগত্যা দেপাই তাকে। রাজপুত বীরের বল্লম আর লাঠির মারে ক্ষাত্রবীর্য্যের ক্ষুলিঙ্গ বৃষ্টি হয়। এক ঘণ্টার মধ্যে সব প্রতিবাদ স্তব্ধ—বিদ্রোহ প্রশমিত হয়ে যায়।

পরাজিত ভীলেদের অপরিমেয় জংলী দহিষ্কৃতাও ভেঙে পড়ে। তারা দলে দলে রাজ্য ছেড়ে গিয়ে ভর্তি হয় সোজা কোন ধাঙড়-রিক্র্টারের ক্যাম্পে। মেয়ে মরদ শিশু নিয়ে কেউ যায় নয়াদিল্লী, কেউ ক'লকাতা, কেউ শিলং। ভীলেরা ভূলেও আর ফিরে আসে না।

শুধু নড়তে চায় না কুর্ম্ম প্রজারা। এ-রাজ্যে তাদের সাতপুরুষের বাস। ঘোড়ানিমের ছায়ায় ছায়ায় ছোট বড় এমন ঠাওা মাটীর ডাঙা, কালমেঘ আর অনস্তম্লের চারার এক একটা ঝোপ; সালসার মত স্থগন্ধ মাটীতে। তাদের যেন নাড়ীর টানে বেঁধে রেখেছে। বেহায়ার মত চাষ করে, বিদ্রোহ করে আর মারও খায়—ঋতুচক্রের মত এই ত্রিদশার আবর্ত্তনে তাদের দিনসন্ধোর সমস্ত মৃহুর্ত্তগুলি ঘুরপাক খায়। এদিক গুদিক হবার উপায় নেই।

তবে অঞ্জনগড় থেকে দয়াধর্ম একেবারে নির্ব্বাসিত নয়। প্রতি

রবিবারে কেল্লার সামনে স্থপ্রশন্ত চব্তরায় হাজারের ওপর তৃত্ব জমায়েত হয়। দরবার থেকে বিতরণ করা হয় চিঁড়ে আর গুড়। সংক্রান্তির দিনে মহারাজা গায়ে-আল্পনা-আঁকা হাতীর পিঠে চড়ে জলুস নিয়ে পথে বার হন—প্রজাদের আশীর্কাদ করতে। তাঁর জন্মদিনে কেল্লার আভিনায় রামলীলা গান হয়—প্রজারা নিমন্ত্রণ পায়। তবে অতিরিক্ত ক্ষত্রিয়ত্বের প্রকোপে যা হয়—সব ব্যাপারেই লাঠি। বেখানে জনতা আর জয়ধ্বনি সেখানে লাঠি চলবেই আর হুচারটে অভাগার মাথা ফাটবেই। চিঁড়ে, আশীর্কাদ বা রামলীলা—সবই লাঠির সহযোগে পরিবেশন করা হয়; প্রজারা সেই ভাবেই উপভোগ করতে অভান্ত।

লাঠিতদ্বের দাপটে স্টেটের শাসন, আদায় উস্থল আর তসীল চলছিল বটে কিন্তু যেটুকু হচ্ছিল তাতে গদির গৌরব টিকিয়ে রাখা যায় না। নরেক্সমণ্ডলের চাঁদা আর পোলো টীমের ধরচ! রাজবাড়ীর বাপেরকেলে সিন্দুকের রূপো আর সোনার গাদিতে ক্রমে ক্রমে হাত পড়ল।

অঞ্জনগড়ের এই অদৃষ্টের সন্ধিক্ষণে দরবারের ল-এজেণ্টের পদে আনানো হ'ল একজন ইংরেজী আইননবীশ। আমাদের মুখাজ্জীই এল ল-এজেণ্ট হয়ে। মুখাজ্জীর চওড়া বুক—বেমন পোলো ম্যাচে তেমনি স্টেটের কাজে অচিরে মহারাজার বড় সহায় হয়ে দাঁড়ালো। ক্রমে মুখার্জীই হয়ে গেল ডি ফ্যাক্টো অমাত্য, আর অমাত্য রইলেন শুধু সই করতে।

আমাদের মুখার্জ্জী আদর্শবাদী। ছেলেবেলার হিষ্টি-পড়া মার্কিণী ডিমোক্রেসীর স্বপ্নটা আজো তার চিস্তার পাকে পাকে জড়িয়ে আছে। বয়সে অপ্রবীণ হলেও সে অত্যন্ত শাস্তবৃদ্ধি। সে বিশ্বাস করে—বে সং-সাহসী সে কথনো পরাজিত হয় না, বে কল্যাণকৃৎ তার কখনো তুর্গতি হতে পারে না।

মৃথার্জ্জী তার প্রতিভার প্রতিটী পরমাণু উজাড় করে দিল স্টেটের উন্নতি সাধনায়। অঞ্জনগড়ের আবালবৃদ্ধ চিনে ফেলল তাদের এজেণ্ট সাহেবকে—একদিকে যেমন কড়া অন্ত দিকে তেমনি হমদরদী। প্রজারা ভয় পায় ভক্তিও করে। মৃথার্জ্জীর নির্দেশে বন্ধ হ'ল লাঠিবাজি। সমস্ত দপ্তর চুলচেরা অভিট করে তোলপাড় করে তুললো। স্টেটের জরীপ হ'ল নতুন করে: সেন্সাস নেওয়া হ'ল। এমন কি মরচে-পড়া কামান তুটোকেও পালিস করে চকচকে করে ফেলা হ'ল।

ল-এজেন্ট ম্থার্জীই একদিন আবিষ্কার করল অঞ্জনগড়ের অন্তর্ভৌম সম্পদ। রত্নগর্ভ অঞ্জনগড়—তার প্রানিটে গড়া পাঁজরের ভাঁজে ভাঁজে অভ্র আর অ্যাসবেস্টসের স্তৃপ। ক'লকাতার মার্চ্চেন্টদের ডাকিয়ে ঐ কাঁকরে মাটীর ডাঙাগুলিই লাথ লাথ টাকায় ইজারা করিয়ে দিল। অঞ্জনগড়ের শ্রী গেল ফিরে।

আজ কেলার এক পাশে গড়ে উঠেছে স্থবিরাট গোয়ালিয়রী দটাইলের প্যালেস। মার্কেল, মোজেয়িক, কংক্রীট আর ভিনিসিয়ান সার্সীর বিচিত্র পরিসজ্জা! সরকারী গ্যারেজে দামী দামী জার্মান লিম্জিন, সিভান আর টুরার। আস্তাবলে নতুন আমদানী আইরিশ পনির অবিরাম লাথালাথি। প্রকাণ্ড একটা বিহ্যুতের পাওয়ার হাউস—
দিবারাত্র ধক্ ধক্ শব্দে অঞ্জনগড়ের নতুন চেতনা আর পরমায় ঘোষণা করে।

সত্যই নতুন প্রাণের জোয়ার এসেছে অঞ্জনগড়ে। মার্চেন্টরা একজোট হয়ে প্রতিষ্ঠা করেছে—মাইনিং সিণ্ডিকেট। খনি অঞ্চলে ধীরে গড়ে উঠেছে খোয়াবাঁধানো বড় বড় সড়ক, কুলির ধাওড়া, পাম্প-বসান ইনারা, ক্লাব, বাংলো, কেয়ারি-করা ফুলের বাগিচা আর জিমথানা। কুর্মি কুলিরা দলে দলে ধাওড়া জাঁকিয়ে বসেছে। নগদ মজুরী পায়,

শুয়োর বলি দেয়, হাড়িয়া খায় আর নিত্য সন্ধ্যায় মাদল ঢোলক পিটিয়ে খনি অঞ্চল সরগরম করে রাখে।

মহারাজা এইবার প্ল্যান আঁটছেন—ছুটো নতুন পোলো গ্রাউণ্ড তৈরী করতে হবে; আরো এগার কাঠা জমি যোগ করে প্যালেদের বাগানটাকে বাড়াতে হবে। নহবতের জন্ম একজন মাইনে-করা ইটালীয়ান ব্যাণ্ড মান্টার হ'লেই ভাল।

অঞ্জনগড়ের মানচিত্রটা টেবিলের ওপর ছড়িয়ে মুথাজ্জী বিভার হয়ে ভাবে—তার ইরিগেশন স্কীমটার কথা। —উত্তর থেকে দক্ষিণ, সমাস্তরাল দশটা ক্যানেল। মাঝে মাঝে থিলান-করা কড়া-গাঁথুনির শ্লুস-বসানো বড় বড় ডাম। বরাকরের বর্ধার সমস্ত ঢলটাকে কায়দা করে অঞ্জনগড়ের পাথুরে বুকের ভেতর চালিয়ে দিতে হবে—রক্তবাহী শিরার মত। প্রত্যেক কুর্মি প্রজাকে মাথা পিছু তিন কাঠা জমি। আউশ আর আমন; তা ছাড়া একটা রবি। বছরে এই তিন কিন্তি ফসল তুলতেই হবে। উত্তরের প্লটের সমস্তটাই নার্সারী, আলু আর তামাক; দক্ষিণেরটায় আগ, যব, আর গম। তারপর—

তারপর ধীরে একটা ব্যাস্ক; ক্রমে একটা ট্যানারী আর কাগজের মিল। রাজকোষের সে অকিঞ্চনতা আর নেই। এই তো শুভ মাহেক্সকণ! শিল্পীর তুলির আঁচড়ের মত এক একটা এস্টিমেটে সে অঞ্জনগড়ের রূপ ফিরিয়ে দেবে। সে দেখিয়ে দেবে রাজ্যশাসন লাঠিবাজি নয়; এও একটা আট।

একটা স্থ্ন—এইটাতে মহারাজার স্পষ্ট জবাব, কভি নেহি। মুখাজ্জী উঠলো; দেখা যাক্ ব্ঝিয়ে বাগিয়ে মহারাজার আপত্তিটা টলাতে পারে কিনা।

মহারাজা তাঁর গালপাট্টা দাড়ির গোছাটাকে একটা নির্মাম মোচড় দিয়ে মুখাজ্জীর সামনে এগিয়ে দিল হুটো কাগজ—এই দেখ।

প্রথম পত্র—প্রবল প্রতাপ দরবার আর দরবারের ঈশ্বর মহারাজ! আপনি প্রজার বাপ। আপনি দেন বলেই আমরা থাই। অতএব এ বছর ভূট্টা, যব, জনার যা ফলবে, তাতে যেন সরকারী হাত না পড়ে। আইনসক্ষতভাবে সরকারকে যা দেয়, তা আমরা দেব ও রসিদ নেব। ইতি দরবারের অহুগত ভূত্য: কুর্মি সমাজের তরফে হুলাল মাহাতো বকলম থাস।

দিতীয় পত্র—মহারাজার পেয়াদা এসে আমাদের থনির ভেতর চুকে চারজন কুর্মি কুলিকে ধরে নিয়ে গেছে আর তাদের স্ত্রীদের লাঠি দিয়ে মেরেছে। আমরা একে অধিকারবিক্ষম মনে করি এবং দাবী করি মহারাজার পক্ষ থেকে শীদ্রই এ-ব্যাপারের স্থমীমাংসা হবে। ইতি সিগুকেটের চেয়ারমান গিবসন।

মহারাজা বললেন—দেখছ তো ম্থাজ্ঞী, শালাদের হিন্মৎ।
—ই্যা, দেখছি।

টেবিলে ঘুসি মেরে বিকট চীৎকার করে অরাতিদমন প্রায় ফেটে পড়ল—মুড়ো, শালাদের মুড়ো কেটে এনে ছড়িয়ে দাও আমার সামনে। আমি বসে বসে দেখি; তুদিন তু'রাত ধরে দেখি।

মৃথাৰ্জ্জী মহারাজকে শাস্ত কর্ল—আপনি নিশ্চিন্ত থাকুন। আমি একবার ভেতরে ভেতরে অফ্লয়নান করি আদল ব্যাপার কি।

বৃদ্ধ ত্লাল মাহাতো বছদিন পরে মরিসাস থেকে অঞ্জনগড়ে ফিরেছে। বাকী জীবনটা উপভোগ করার জন্ত সঙ্গে নগদ সাতটা টাকা এবং বুকভরা হাঁপানি নিয়ে ফিরেছে। তার আবির্ভাবের সঙ্গে সঙ্গে কুর্মিদের জীবনেও বেন একটা চঞ্চলতা—একটা নতুন অধ্যায়ের স্টনা হয়েছে।

কুর্মিরা তুলালের কাছে শিখেছে—নগদ মজুরী কি জিনিষ।

ফয়জাবাদ স্টেশনে কোন বাবুসাহেবের একটা দশসেরী বোঝা ট্রেণের কামরায় তুলে দাও। বাস—নগদ একটী আনা, হাতে হাতে।

তুলাল বলতো—ভাইসব, এই বুড়োর মাথায় য'টা সাদা চুল দেখছ
ঠিক ততবার সে বিশ্বাস করে ঠকেছে। এবার আর কাউকে বিশ্বাস
নয়। সব নগদ নগদ। এক হাতে নেবে তবে অন্ত হাতে সেলাম
করবে।

সিগুকেটের সাহেবদের সঙ্গে ছুলাল সমানে কথা চালায়। কুলিদের মজুরীর রেট, হপ্তা পেমেণ্ট, ছুটি, ভাতা আর ওষুধের ব্যবস্থা—এ সব সে-ই কুর্মিদের মুখপাত্র হয়ে আলোচনা করেছে; পাকা প্রতিশ্রুতি আদায় করে নিয়েছে। সিগুকেটও ছুলালকে উঠতে বস্তে তোয়াজ করে—চলে এস ছুলাল। বলতো রাতারাতি বিশ ডজন ধা ওড়া করে দি। তোমার সব কুর্মিদের ভর্ত্তি করে নি।

তুলাল জবাব দেয়—আচ্ছা, সে হবে। তবে আপাততঃ কুলি পিছু কিছু কয়লা আর কেরোসিন তেল মুফতি দেবার অর্ডার হোক।

—আচ্ছা তাই হবে। সিণ্ডিকেটের সাহেবরা তাকে কথা দিত।

তুলালের আমন্ত্রণ পেয়ে একদিন রাজ্যের কুর্মি একত্রিত হ'ল ঘোড়ানিমের জঙ্গলে। পাকাচুলে ভরা মাথা থেকে পাগড়ীটা খুলে হাতে নিয়ে তুলাল দাঁড়ালো—আজ আমাদের মগুলের প্রতিষ্ঠা হ'ল। এখন ভাব কি করা উচিত। চিনে দেখ কে আমাদের তুশমন আর কেই বা দোস্ত। আর ভয় করলে চলবে না। পেট আর ইজ্জং, এর প্রপর যে ছুরি চালাতে আসবে তাকে আর কোন মতেই ক্ষমানয়।

ভাঙা শঙ্খের মত তুলালের স্থবির কণ্ঠনালীটা অতিরিক্ত উৎসাহে

কেঁপে কেঁপে আওয়াজ ছাড়ন—ভাই সব, আজ থেকে এ মাহাতোর প্রাণ মণ্ডলের জন্ম, আর মণ্ডলের প্রাণ ।

কুর্মি জনতা একদক্ষে হাজার লাঠি তুলে প্রত্যুত্তর দিল—মাহাতোর জন্ম।

ঢাক ঢোল পিটিয়ে একটা নিশান পর্যন্ত উড়িয়ে দিল তারা। তারপর ষে যার ঘরে গেল ফিরে।

ঘটনাটা যতই গোপনে ঘটুক না কেন মুখাৰ্জীর কিছু জানতে বাকী রইল না। এটুকু দে বুঝল—এই মেঘেই বজ্ঞ থাকে। সময় থাকতে চটপট একটা ব্যবস্থা দরকার। কিন্তু মহারাজা যেন ঘুণাক্ষবেও জানতে না পায়। ফিউডলী দেমাকে অন্ধ আর ইচ্ছৎ কমপ্লেক্সে জর্জর এই সব নরপালদের তা হ'লে সামলানো তৃষ্কর হবে। বুথা একটা রক্তপাতও হয় তো হয়ে যাবে। তার চেয়ে নিজেই একহাত ভদ্রভাবে লড়ে নেওয়া যাক।

পেয়াদারা এসে মহারাজাকে জানালো—কুম্মিরা রাজবাড়ীর বাগানে মার পোলোলনে বেগার থাটতে এল না। তারা বলছে—বিনা মজুরীতে থাটলে পাপ হবে; রাজ্যের মুমঙ্গল হবে।

ডাক পড়ল মুখাজ্জীর। তুলাল মাহাতোকেও তলব করা হ'ল। জোড় হাতে তুলাল মাহাতো প্রনিপাত করে দাঁড়ালো। মেষশিশুর মত ভীক্ষ—তুলাল যেন ঠক্ ঠক্ করে কাঁপছে।

- তুমিই এসব সয়তানী করছ! মহারাজা বললেন।
- —হুজুরের জুতোর ধূলো আমি।
- —চুপ থাক।
- -জী সরকার।

- চুপ! মহারাজা জীমৃতধ্বনি করলেন। তুলাল কাঠের পুতৃলের মত স্থির হয়ে গেল।
- —ফিরিঙ্গি বেনিয়াদের সঙ্গে তোমার সম্পর্ক ছাড়তে হবে। আমার বিনা হুকুমে কোন কুম্মি খনিতে কুলি খাটতে পারবে না।
  - জী সরকার। আপনার হুকুম আমার জাতকে জানিয়ে দেব।
  - —যাও।

তুলাল দণ্ডবং করে চলে গেল। এবার আদেশ হ'ল মুখার্জ্জীর ওপর।
— দিণ্ডিকেটকে এখুনি নোটীশ দাও, যেন আমার বিনা স্থপারিশে আমার
কোন কুম্মি প্রজাকে কুলির কাজে ভর্ত্তি না করে।

অবিলম্বে যথাস্থান থেকে উত্তর এল একে একে। তুলাল মাহাতোর স্বাক্ষরিত পত্র।—ধেহেতু আমরা নগদ মজুরী পাই, না পেলে আমাদের পেট চলবে না, সেই হেতু আমরা খনির কাজ ছাড়তে অসমর্থ। আশা করি দরবার এতে বাধা দেবেন না। দ্বিতীয়—আগামী মাসে আমাদের নতুন মন্দির প্রতিষ্ঠা হবে। রাজ-তহবিল থেকে এক হাজার টাকা মঞ্জুর করতে সরকারের হুকুম হয়। তৃতীয়—আগামী শীতের সময়ে বিনা টিকিটে জঙ্গলের ঝুরি আর লকড়ি ব্যবহার করার অন্তমতি হয়।

নোটিশের প্রত্যুত্তরে সিপ্তিকেটের একটা জবাব এল—মহারাজার সঙ্গে কোন নতুন সর্ত্তে চুক্তিবদ্ধ হতে আমরা রাজি আছি। তবে আজ নয়। বর্ত্তমান চুক্তির মেয়াদ যখন ফুরোবে—নশো নিরানকাই বছর পরে।

— কি রকম ব্রাছ মুখাজ্জী ? অগত্যা দেখছি ফৌজদারকেই ডাকতে হয়। জিজ্ঞাসা করি, থাল-কাটার স্বপ্পটা ছেড়ে দিয়ে এখন আমার ইজ্জতের কথাটা একবার ভাববে কি না?

মহারাজ আন্তে আন্তে বললেন বটে, কিন্তু মুখ-চোখের চেহারা থেকে বোঝা গেল, রুদ্ধ একটা আক্রোশ শত ফণা বিস্তার করে তাঁর মনের ভেতর ফুঁদে ফুঁদে তড়পাচ্ছে।

মুখাৰ্জী সবিনয়ে নিবেদন করল—মন খারাপ করবেন না সরকার।
আমাকে সময় দিন, সব গুছিয়ে আনছি আমি।

মৃথাজ্জী ব্ঝেছে তুলালের এই ত্রংসাহসের প্রেরণা যোগাচ্ছে কারা। সিগুকেটের তৃষ্ট উৎসাহেই কুম্মি সমাজের নাচানাচি। এই গোলযোগ বিচ্ছিন্ন না করলে রাজ্যের সমূহ অশান্তি—অমঙ্গলও। কিন্তু কি করা যায়!

ত্লাল মাহাতোর কুঁড়ের কাছে মৃথাজ্জী এদে দাঁড়ালো। শশব্যস্তে ত্লাল বেরিয়ে এদে একটা চৌকী এনে মৃথাজ্জীকে বদতে দিল। মাথার পাগড়ীটা খুলে মুথাজ্জীর পায়ের কাছে রেখে ত্লালও বদলো মাটীর ওপর। মুথাজ্জী এক এক করে তাকে দব ব্ঝিয়ে, শেষে বড় অভিমানে ভেক্তে পড়ল—একি করছো মাহাতো! দরবারের ছেলে তোমরা; কথনো ছেলে দোষ করে, কথনো করে বাপ। তাই বলে পরকে ডেকে কেন্ট ঘরের ইজ্জৎ নষ্ট করে না। দিগুকেট আজ তোমাদের ভাল থাওয়াচ্ছে, কিন্তু কাল যথন তার কাজ ফুরোবে তথন তোমাদের দিকে ফিরেও তাকাবে না। এই দরবারই তথন ত্মুঠো চিঁড়ে দিয়ে তোমাদের বাঁচাবে।

মুখার্জ্জীর পায়ে হাত রেখে তুলাল বলল—কসম, এজেণ্ট বাবা, তোমার কথা রাথব। বাপের তুল্য মহারাজা, তাঁর জন্ম আমরা জান দিতে তৈরী। তবে ঐ দরধাস্টটী একটু জলদি জলদি মঞ্ব হয়।

দিতীয় প্রশ্ন বা উত্তরের অপেক্ষা না করে মুখাজ্জী ত্লালের কুঁড়ে থেকে বেরিয়ে পড়ল।—নাঃ, রোগে তো ধরেই ছিল অনেক দিন। এইবার দেখা দিয়েছে বিকারের লক্ষণ।

স্নান, আহার আর পোষাক বদলাবার কথা মুখার্জ্জীকে ভুলতে হ'ল আজ। একটানা ডাইভ করে থামলো এসে সিগুকেটের অফিসে।

—দেখুন মিষ্টার গিবসন, রাজা-প্রজা সম্পর্কের ভেতর দয়া করে হস্তক্ষেপ করবেন না আপনারা। আপনাদের কারবারের স্থুখ স্থবিধার জন্ম দরবার তো পূর্ণ গ্যারাটি দিয়েছে।

গিবসন বললো—মিষ্টার মুখাৰ্চ্জী, আমরা মনিমেকার নই, আমাদের একটা মিশনও আছে। Wronged humanity-র জন্ম আমরা চিরকাল লড়ে এসেছি। দরকার থাকে, আরো লড়বো।

—সব কুম্মি প্রজাদের লোভ দেখিয়ে আপনারা কুলি করে ফেলেছেন। স্টেটের এগ্রিকালচার তাহ'লে কি করে বাঁচে বলুন তো!

ঝোঁকের মাথায় মুখাজ্জী তার ক্ষোভের আসল কারণটী ব্যক্ত করে ফেললো।

- —এগ্রিকালচার না বাঁচুক, ওয়েল্থ তো বাঁচছে। এই **অস্বীকার** কে করতে পারে ?
- —তর্ক ছেড়ে কো-অপারেশনের কথা ভাব্ন, মিষ্টার গিবসন। কুলি ভত্তির সময় দরবার থেকে একটু অমুমোদন করিয়ে নেবেন, এই মাত্র। মহারাজাও খুসি হবেন এবং তাতে আপনাদেরও অন্থ দিকে নিশ্চয় ভাল হবে।
- —সরি, মিষ্টার মুখাৰ্চ্জী! গিবদন বাঁকা হাসি হেসে চুক্কট ধরালো।
  নিদারুণ বিরক্তিতে লাল হয়ে উঠল মুখার্চ্জীর কর্ণমূল। সজোরে
  চেয়ারটা ঠেলে দিয়ে সে চলে গেল অফিস ছেড়ে।

ম্যাককেনা এসে জিজ্ঞাসা করল—কি ব্যাপার হে গিবসন ?

—ম্থাৰ্জী, that monkey of an administrator, মৃথের ওপর শুনিয়ে দিয়েছি। কোন টার্মই গ্রাহ্ম করিনি।

—ঠিক করেছ। ওর ঐ ইরিগেশন স্কীমটা। খুব সাবধান, fight it at any cost. নইলে সাংঘাতিক লেবারের অভাবে পড়তে হবে। কারবার এখন expansionএর মুখে।

—কোন চিস্তা নেই। Domesticated মাহাতো রয়েছে আমাদের হাতে। ওকে দিয়েই স্টেটের সব ডিজাইন ভণ্ডল করবো।

পরস্পর হাস্থ বিনিময় করে ম্যাককেনা বলল—মাহাতো এসে বসে আছে বোধ হয়। দেখি একবার।

অফিসের একটা নিভৃত কামরায় মাহাতোকে নিয়ে গিয়ে গিবসন বলল—এই যে দর্থান্ত তৈরী। সব কথা লেখা আছে এতে। সই করে ফেল; আজই দিল্লীর ডাকে পাঠিয়ে দি।

মাহাতোর পিঠ থাবড়ে ম্যাককেনা তাকে বিদায় দিল—ডরো মৎ মাহাতো, আমরা আছি। যদি ভিটে মাটি উৎথাত করে, তবে আমাদের ধাওড়া থোলা রয়েছে তোমাদের জন্ম, সব সময়। ভরো মৎ।

নিজের দপ্তরে বসে মুখার্জ্জী শুধু আকাশপাতাল ভাবে। কলম ধরতে আর মন চায় না। মহারাজাকে আখাস দেবার মত সব কথা ফ্রিয়ে গেছে তার। পরের রথের সারথ্য আর বোধ হয় চলবে না তার দারা। এইবার রথীর হাতেই তুলে দিতে হবে লাগাম। কিন্তু মাম্থ-শুলোর মাথায় ঘিলু নিশ্চয় শুকিয়ে গেছে সব। সবাই নিজের নিজের মৃচতায়—একটা আত্মবিনাশের উৎকট কল্পনা-তাগুবে মজে আছে যেন। কিংবা সেই ভুল করেছে কোথাও।

মহারাজার আহ্বান; খাস কামরায়। অমাত্য ও ফৌজদার শুক্ষ মূথে বসে আছেন। মহারাজা কৌচের

চারিদিকে পায়চারী করছেন ছটফট ক'রে। মুখাজ্জী ঢুকতেই একেবারে অগ্ন্যদ্গার করলেন।

—নাও, এবার গদিতে থৃথু ফেলে আমি চললাম। তুমিই বদো তার ওপর আর স্টেট চালিও।

হতভম্ব মুখাজ্জী অমাত্যের দিকে তাকালো। অমাত্য তার হাতে তুলে
দিল এক চিঠি। পলিটিক্যাল এজেন্টের নোট।—স্টেটের ইন্টার্ণাল
ব্যাপার সম্বন্ধে বহু অভিযোগ এসেছে। দিন দিন আরো নতুন ও গুরুতর
অভিযোগ দব আদছে। আমার হস্তক্ষেপের পূর্বের, আশা করি, দরবার
শীঘ্রই স্বব্যবস্থা প্রতিষ্ঠা করতে সমর্থ হবে।

ফৌজদার একটু ভ্রকুটি করেই বলল—এই সবের জন্ম আপনার কনসিলিয়েশন পলিসিই দায়ী, এজেন্ট সাহেব।

ফৌজদারের অভিযোগের স্থ ধরে মহারাজা চীংকার করে উঠলেন—নিশ্চয়, খুব সত্যি কথা। আমি সব জানি মুথার্জ্জী। আমি অন্ধ নই।

- —সব জানি ? এ কি বলছেন সরকার ?
- —থাম সব জানি। নইলে আমার রাজ্যের ধূলো মাটি বেচে যে বেনিয়ারা পেট চালায় তাদের এত সাহস হয় কোথা থেকে! কে তাদের ভেতর ভেতর সাহস দেয় ?

মহারাজা যেন দমবন্ধ করে কৌচের উপর এলিয়ে পড়লেন। একটা পেয়াদা ব্যস্তভাবে ব্যজন করে তাঁকে স্কুস্থ করতে লাগল। অমাত্য, ফৌজদার আর মুখাজ্জী ভিন্ন ভিন্ন দিকে মুখ ফিরিয়ে বোবা হয়ে বসে রইল।

গলা ঝেড়ে নিয়ে মহারাজাই আবার কথা পাড়লেন।—ফৌজদার সাহেব, এবার আপনিই আমার ইজ্জৎ বাঁচান।

অমাত্য বলল—তাই হোক্, কুর্মিদের আপনি সায়েন্ডা কক্ষন ফৌজনার সাহেব আর আমি সিণ্ডিকেটকে একটা সিভিল স্থটে ফাঁসাচ্ছি। চেষ্টা করলে কণ্ট্রাক্টের মধ্যে এমন বহু ফাঁক পাওয়া যাবে।

মহারাজা মুথাজ্জীর দিকে চকিতে তাকিয়ে মুখ ঘুরিয়ে নিলেন।
কিন্তু মুথাজ্জী এরি মধ্যে দেখে ফেলেছে, মহারাজার চোথ ভেজা ভেজা।

দিংহের চোথে জল। এর পেছনে কতথানি অন্তর্দাহ লুকিয়ে আছে, তা স্বভাবতঃ শশক হলেও মুখার্জ্জী আন্দাজ করে নিল। সত্যিই তো, এ দিকটা তার এতদিন চোথে পড়েনি! তার ভুল হয়েছে। মহারাজার সামনে এগিয়ে গিয়ে সে শাস্তভাবে তার শেষ কথাটা জানালো।—আমার ভুল হয়েছে সরকার। এবার আমায় ছুটি দিন। তবে আমায় যদি কথনো ডাকেন, আমি আসবই।

মহারাজা মূহুর্ত্তের মধ্যে একেবারে নরম হয়ে গেলেন—না, না মূথাজ্জী, কি বে বল! তুমি আবার যাবে কোথায়? অনেকে অনেক কিছু বলছে বটে, কিন্তু আমি তা বিখাস করি না। তবে পলিসি বদলাতেই হবে; একটু কড়া হতে হবে। ব্যাঙের লাথি আর সহু হয় না, মূথাজ্জী।

শীতের মরা মেঘের মত একটা রিক্ততা, একটা ক্লান্তি যেন ম্থাৰ্চ্জীর হাতপায়ের গাঁটগুলোকে শিথিল করে দিয়েছে। দপ্তরে যাওয়া ছেড়ে দিয়েছে সে। শুধু বিকেল হ'লে, ব্রিচেস চড়িয়ে বয়ের কাঁধে ছ'ডজন ম্যালেট চাপিয়ে পোলো লনে উপস্থিত হয়। সমস্তটা সময় পুরো গ্যালপে ক্ষাপা ঝড়ের মত থেলে য়য়। ডাইনে বাঁয়ে বেপরোয়া আগুরি-নেক হিট্ চালায়। কড় কড় করে এক একটা ম্যালেট ভেঙে বৃত্তি যায় ফালি হয়ে। মুথের ফেনা আর গায়ের ঘামের স্রোতে ভিজে

ঢোল হয়ে যায় কালো ওয়েলারের গলার ম্যাটিংগল আর পায়ের ফ্ল্যানেল। তবু স্কোরের নেশায় পাগল হয়ে চার্জ্জ করে। বিপক্ষদল ভ্যাবাচাকা থেয়ে অতি মন্থর ট্রটে ঘুরে ঘুরে আত্মরক্ষা করে। চক্কর শেষ হবার পরেও সে বিশ্রাম করার নাম করে না। ক্যাটারে ক্যাটারে সারা পোলো লন্টাকে বিহ্যান্থেগে পাক দিয়ে বেড়ায়। রেকাবে ভর দিয়ে মাঝে মাঝে চোপ বুঁজে দাঁড়িয়ে থাকে—বুক ভ'রে যেন স্পীড পান করে নেয়।

থেলা শেষে মহারাজা অমুযোগ করেন ।—বড় রাফ্থেলা থেলছ, মুথাজী।

দেদিনও সংক্ষ্যের আগে নিয়মিত স্থ্যান্ত হ'ল অঞ্চনগড়ের পাহাড়ের আড়ালে। মহারাজা সাজগোজ করে লনে যাবার উত্যোগ করছেন। পেয়াদা একটা থবর নিয়ে এল।—চৌদ্দ নম্বরের পীট ধসেছে, এখনো ধসছে। নকাই জন পুরুষ আর মেয়ে কুম্মি কুলি চাপা পড়েছে।

— অতি স্কুসংবাদ! মহারাজা গালপাট্টায় হাত বুলিয়ে উৎকট
আনন্দের বিস্ফোরণে চেঁচিয়ে উঠলেন।—এইবার ত্শমন মুঠোর মধ্যে,
নির্দ্ধের মত পিষে ফেলতে হবে এইবার।—শীগগির ডাক অমাতাকে।

অমাত্য এলেন, কিন্তু মরা কাত্লা মাছের মত দৃষ্টি তাঁর চোধে। বললেন—ফু:দংবাদ।

—কিসের হঃসংবাদ ?

বিনা টিকিটে কুশ্মিরা লকড়ি কাটছিল। ফরেস্ট বেঞ্জার বাধা দেয়। ভাতে বেঞ্জার আর গার্ডদের কুশ্মিরা মেরে ভাড়িয়ে দিয়েছে।

- —তারপর ?—মহারাজার চোয়াল ছটো কড় কড় করে বেজে উঠল।
  - —তারপর ফৌজনার গিয়ে গুলি চালিয়েছে। ছর্রা ব্যবহার

করলেই ভাল ছিল! তা না করে চালিয়েছে মুঙ্গেরী গাদা আর দেড় ছটাকী বুলেট। মরেছে বাইশ জন আর ঘায়েল পঞ্চাশের ওপর। ঘোড়ানিমের জন্ধলে সব লাস এখনো ছড়িয়ে পড়ে আছে।

মহারাজা বিমৃত হয়ে রইলেন থানিকক্ষণ। তাঁর চোথের সামনে পলিটিকাল এজেন্টের নোট্টা চকচকে স্থচীমুথ বর্শার ফলার মত ভেসে বেড়াতে লাগল।

- —খবরটা কি রাষ্ট্র হয়ে গেছে ?
- অন্ততঃ সিণ্ডিকেট তো জেনে ফেলেছে।—অমাতা উত্তর দিল।
  মুখাজ্জীকে ডাকালেন মহারাজা।—এই তো ব্যাপার মুখার্জ্জী।
  এইবার তোমার বাঙালী ইলম দেখাও; একটা রাস্তা বাতলাও।

একট্ট ভেবে নিয়ে মুথাজ্জী বলল—আর দেরী করবেন না। সব ছেড়ে দিয়ে মাহাতোকে আগে আটকান।

জন পঞ্চাশ পেয়াদা সড়কী লাঠি লঠন নিয়ে অন্ধকারে দৌড়ল তুলালের ঘরের দিকে।

ম্থাজ্জী বলল—আমার শরীর ভাল নয় সরকার; কেমন গা বমি বমি করছে। আমি যাই।

চৌদ্দ নম্বরের পীট ধনেছে। মার্চেন্টরা দস্তরমত ঘাবড়ে গেল।
তৃতীয় সীমের ছাদটা ভাল করে টিম্বার করা ছিল না, তাতেই এই
তুর্ঘটনা। উর্দ্ধোৎক্ষিপ্ত পাথরের কুচি আর ধ্লোর সঙ্গে রসাতল থেকে
বেন একটা আর্ত্তনাদ থেমে থেমে বেরিয়ে আসছে—বুম্ বুম্ বুম্।
কোয়ার্টসের পিলারগুলো চাপের চোটে তুর্ডির মত ধ্লো হয়ে ফেটে
পড়ছে। এরি মধ্যে কাটাতারের বেড়া দিয়ে পীটের মুখটা ঘিরে দেওয়া
হয়েছে।

অস্থান্ত ধাওড়া থেকে দলে দলে কুলিরা দৌড়ে আসছিল। মাঝ পথেই দারোয়ানেরা তাদের ফিরিয়ে দিয়েছে। কাজে যাও সব, কিছু হয় নি। কেউ ঘায়েল হয় নি, মরেও নি কেউ।

মার্চেণ্টরা দল পাকিয়ে অন্ধকারে একটু দূরে দাঁড়িয়ে চাপা গলায় আলোচনা করছে। গিবসন বলল—মাটি দিয়ে ভরাট করবাব উপায় নেই, এখনো হু'দিন ধরে ধসবে। হাজিরা বইটা পুড়িয়ে আজই নতুন একটা তৈরী করে রাখ।

ম্যাককেনা বলল—তাতে আর কি লাভ হবে ? দি মহারাজার কানে গৌছে গেছে দব। তা ছাড়া, ছাট মাহাতো; তাকে বোঝাবে কি দিয়ে ? কালকের সকালেই সহরের কাগজগুলো থবর পেয়ে যাবে আর পাতা ভরে স্ক্যাণ্ডাল ছড়াবে দিনের পর দিন। তারপর আসবেন একটি এনকোয়ারী কমিটি; একটা গান্ধিয়াইট বদমাসও বোধ হয় তার মধ্যে থাকবে। বোঝ ব্যাপার ?

সে রাতে ক্লাব ঘরে আর আলো জনলো না! একসঙ্গে একশো ইলেকট্রিক ঝাড়ের আলো জলে উঠন প্যালেসের একটা প্রকোষ্ঠে। আবার ডাক পড়ল মুখার্জ্জীর।

অভূতপূর্ব দৃশ্য! মহারাজা, অমাত্য আর ফৌজনার—গিবসন, ম্যাককেনা, মূর আর প্যাটার্সন! স্থদীর্ঘ মেহগনি টেবিলে গেলাস আর ডিকেন্টারের ঠাসাঠাসি।

সম্মিতবদনে মহারাজা মুখার্জীকে অভ্যর্থনা করলেন।—মাহাতো ধরা পড়েছে মুখার্জী। ভাগ্যিস সময় থাকতে বুদ্ধিটা দিয়েছিলে।

গিবসন সায় দিয়ে বলল—নিশ্চয়, অনেক ক্লাম্জি ঝঞ্চাট থেকে বাঁচা গেল। আমাদের উভয়ের ভাগ্য বলতে হবে।

এ বৈঠকের সিদ্ধান্ত ও আশু কর্ত্তব্য কি নির্দ্ধারিত হয়ে গেছে,

ফৌজদার তাই মুথাজ্জীর কানে কানে সংক্ষেপে শুনিয়ে দিল। নিরুতর মুথাজ্জী শুধু হাতের চেটোয় মুথ গুঁজে রইল বসে।

গিবসন ম্থাৰ্জীর পিঠ ঠুকে একবার বলল—Be strong Mukherjee, it is administration!

রাত তুপুরে অন্ধকারের মধ্যে আবার চৌদ্দ নম্বর পীটের কাছে মোটর গাড়ী আর মান্থবের একটা জনতা। ফৌজদারের গাড়ীর ভেতর থেকে দারোয়ানেরা কম্বলে মোড়া তুলাল মাহাতোর লাসটা টেনে নামালো। ঘোড়ানিমের জঙ্গল থেকে ট্রাক বোঝাই লাস এল আরো। ক্ষুধার্ত্ত পীটটার মুথে শবদেহগুলি তুলে নিয়ে দারোয়ানেরা ভুজ্যি চড়িয়ে দিলে একে একে।

শ্রাম্পেনের পাতলা নেশা আর চুক্ষটের ধোঁয়ায় ছলছল করছিল মুখার্জ্জীর চোখ হুটো। গাড়ীর বাম্পারের ওপর এলিয়ে বসে চৌদ নম্বর পীটের দিকে তাকিয়ে সে ভাবছিল অন্ত কথা। অনেক দিন পরের একটা কথা।

লক্ষ বছর পরে এই পৃথিবীর কোন একটা যাত্ঘরে জ্ঞানবৃদ্ধ প্রতান্তিকের দল উগ্র কৌতৃহলে স্থির দৃষ্টি মেলে দেখছে কতগুলি ফিসিল! অর্দ্ধপশুগঠন, অপরিণতমন্তিক ও আত্মহত্যাপ্রবণ তাদের সাবহিউম্যান শ্রেণীর পিতৃপুরুষের প্রস্তরীভূত অস্থিককাল আর ছেনি হাতুড়ি গাঁইতা—কতগুলি লোহার ক্রুড কিস্তৃত অস্থাস্ত্র; যারা আক্মিক কোন ভূবিপর্যায়ে কোয়ার্টস আর গ্রানিটের স্তরে স্তরে সমাধিস্থ হয়ে গিয়েছিল। তারা দেখছে, শুধু কতকগুলি সাদা সাদা ফসিল; তাতে আজকের এই এত লাল রক্তের কোন দাগ নেই!

### যাযাবর

দ্র বৃদ্ধগয়ার মন্দিরটা উত্তরের দিগ্বলয়ে জ্যামিতিক আঁচড়ের মত দাগা। সেথান থেকে জঙ্গলের বৃকে বৃকে একটানা গড়িয়ে সড়কটা এথানে এসে পশ্চিমে মোড় ফিরেছে। প্রথমে পরিথার মত আথ আর তিল ক্ষেতের প্রসার; তারপর সহরতলির মেটে বাড়ি—তারপর থাস সহর। মোড়ের কাছে এসে উদ্ভিদরাজ্য তার সীমা হারিয়েছে; শেষ হয়েছে তার বক্তগৌরব। এথানে আরম্ভ—পুকুর, বাগান, চষাক্ষেত; মায়্রের গৃহস্থালি—জনতার নমুনা।

মোড়ের তুপাশে ছড়ানো কয়েকটা দোকান আর বাংলো বাড়ি; মাঝে মাঝে শুধু ঘাসফুলে ছাওয়া মেঠো জমির টুকরো টুকরো ব্যবধান। কাছেই পাহাড়ের পায়ের কাছে পন্টনের ছাউনির মত একটা বস্তি। সবই রাজেনবাবুদের জমিদারি। তাঁরা থাকেন সিমলায়।

আমাদের বাড়ির তুপাশে হুটো বাড়ি। পূবের বাড়ীটা ছোট, ন টাক। ভাড়া। আগে গালার গুলাম ছিল। পশ্চিমের বাড়ীটা বড়, ভাড়া পঞ্চাশ টাকা। আগে ত্রিহুতের এক জমিদারের পোষা বাইজী থাকত। প্রায় সব বাড়ি কটাই থালি পড়ে আছে।

সন্ধ্যায় একটি আলোও জলে না। ফাঁক। বাড়িগুলো সমাধির মত ঝিমোয়। বড় নির্জ্জন। এ নির্জ্জনতার চাপ ভিড়ের চেয়েও কঠোর; হাঁপিয়ে উঠতে হয়। আজ দেড় মাসের মধ্যে একবারও কেউ আসে নি।

মাঝে মাঝে শুধু দ্রাগত মোটরবাসের উচ্ছুসিত বিলাপ জ্বলের লতাগুলো গুমরে ৬ঠে। টেলিগ্রাফের তারগুলো শিউরে বাজতে থাকে। ভরসা হয় এইবার বৃঝি কোন প্রতিবেশী আসছেন।

বই পড়া বন্ধ করে বারান্দায় দাঁড়িয়ে ছোট বাড়িটার দিকে তাকালাম। কারা যেন এসেছে।

পিলপিল করে একদল ছোট ছোট ছেলেমেয়ে বেরিয়ে এসে জামতলায় দড়িবাঁধা ছাগলটাকে ঘিরে দাঁড়াল। সব কটিরই আত্ড় গা, লাল সালুর এক একটা হাফপ্যান্ট পরানো। ছয় থেকে এক বছর বয়সের ছটি হৃষ্টপুষ্ট ফরসা ফরসা মান্থব।

কারা এরা ? কোন্ ধৃতরাষ্ট্র আবার এলেন আমার প্রতিবেশী হয়ে ? কৌতৃহল হ'ল।

সাইকেল থেকে নামলেন নরেনবাবু ওভারসিয়ার, সবে ভিউটি থেকে ফিরছেন। সোলার হাট মাথায়, পরিধানে ঢিলে হাফপ্যান্ট, পায়ে গরম হোস আর বুট, বিবর্ণ আলপাকার গলাবন্ধ কোট; তাতে বড় থলির মত তুটো পকেট—ফুটকল, ফিতে, ডায়েরি আর কাগজপত্রে বোঝাই। কাঁধে বলরামের লাঙ্গলের মত একটি থিয়ডোলাইট ঝোলানো।

নবেনবাবু বললেন—আস্থন ভাই আমাদের বাড়িতে। ধড়াচুড়ো ছেড়ে আলাপটা সেবে নিই।

নবেনবাব্র ছেলেমেয়েরা সামনে এসে দাঁড়াল—মণ্টু, পিন্টু, বাঁশী, বটা, নোনা, তিয় । সব যেন অর্ডার দিয়ে তৈরী—নিখুঁত ছাঁচের চ্প্রিং বসানো পুতুলের মত ।

নরেনবাবু বেশ বদল করে এলেন। বুঝলাম নরেনবাবু যুবকই, বয়দ পঁয়ত্তিশের বেশী নয়। মুখের ওপরই শুধু রোদে ঝলসানো একটা তামাটে প্রবীণতার ছাপ পড়েছে; নইলে তিনি গৌরবর্ণ স্থপুরুষ।

— এই সব নয়, আরও আছে। কোলেরটি এখন ঘুমিয়ে আছেন।
নইলে ওকে দেখিয়ে দিতাম।

#### যাযাবর

#### —করছেন কি নরেনদা !

খুব থানিকটা হেসে নিয়ে নরেনদা বললেন—তোমাদের এই জায়গাটা বেশ জায়গা হে। সহর থেকে দূরে বলেই বেশ। যেমন জলবাতাস তেমনি জিনিষপত্র। যেমন সরেস তেমনি সন্তা। ধর থাটি হুধ, সহরে থাকলে আর টাকায় সাত সের করে পেতে হতো না। না, বেশ জায়গা ভাই।

নরেনদার মুথেই সব শুনলাম। ক'বছর ইন্ক্রিমেণ্ট বন্ধা, তায় আবার কড়া ডিউটি পড়েছে। সকাল নটায় থেয়ে দেয়ে থিয়ডোলাইট কাঁধে সাইকেল নিয়ে বেরিয়ে পড়তে হয়। চার মাইল একটানা প্যাডেল চালিয়ে প্রথমে যেতে হয় চক্রপুরের ক্যাম্পে—রাস্তা মেটাল করা হচ্ছে। সেথানে তদ্বির শেষ করে শালবনের পথে পথে তু মাইল দক্ষিণে গিয়ে ডাকবাংলোর মেরামত কাজটা দেখেন। সেথান থেকেও তু মাইল পূবে গিয়ে লালবালু নদী। এথানে এখন জরীপ চলেছে শুধু, শীঘ্রই পুল তৈরি আরম্ভ হবে। কাজেই বাড়ি ফিরতে কখনও সন্ধ্যা, কথনও রাত হয়ে যায়।

দরজার দিকে একবার তাকিয়ে নরেনদা হাঁকলেন—সামনে এদেই দিয়ে যাও না। লজ্জা করার কিছু নেই। এ হ'ল ভবানী, আমার এক ক্লাদের বন্ধু মানিকের ছোট ভাই।

দরজার আড়াল ছেড়ে নরেনদার স্থী সামনে বেরিয়ে এলেন। চা-রুটি দিয়ে গেলেন।

বউদিকে দেখে বিস্মিত হলাম সব চেয়ে বেশী। বহু সস্তানবতী বাঙালী মেয়ের তো এমন চেহারা থাকা উচিত নয়। ছবিতে রুশিয়ার মেয়ে-পাইলটদের চেহারার ভেতর যে নিটোল স্বাস্থ্যের পরিচয় পাওয়া যায় বউদি যেন তারই প্রতিচ্চবি।

— যুদ্ধের দরুন জিনিষপত্র কি থুবই মাগ্ গি হচ্ছে ভবানী ? কিছু খবর টবর রাখ ?— নরেনদা প্রশ্ন করলেন।

সে থবর আমি রাখি না, আমার দরকারও নেই। নরেনদার কিন্তু
শয়নে স্বপনে এই চিন্তা—বিশ্বভূবনে কোথায় কোন্ জিনিস সন্তা। গদগদ
ভাষায় বর্ণনা করলেন—জাহানাবাদের গুড়, ডালটনগঞ্জের বেগুন,
মধুপুরের মুগি।—কুকুরে ছোঁয় না হে এত সন্তা।

নরেনদার বর্ণনা শুনছি। কল্পনায় তিনি সেই ক্ষ্প্র ক্ষ্প্র থণ্ডস্বর্গগুলিকে জড়ো করে এক মহামহিম সন্তারাজ্যের ছবি দেখছেন, যেখানে তাঁর এক মাসের মাইনে বাহালটি মৃদ্রার বিনিময়ে একটা তালুকদারি কেনা অসম্ভব নয়।

যুদ্ধের জন্ম জিনিসপত্র মাগ্রি হচ্ছে, নরেনদা সে থবর রাখেন। নরেনদা তাই যুদ্ধের ওপর বড় চটা; সঙ্গে সঙ্গে জার্মানদের ওপরও বড় চটে গেছেন।

বললেন—এই জার্মানগুলো, বাড়িওয়ালাদের চেয়েও পাজি। কথাটা কানে বাধল।

ক্রমে আলাপে আলাপে আরও অনেক কিছু জানলাম। গত তিন বছরে নরেনদা নিদেন পঁচিশবার বাসা বদল করেছেন। প্রত্যেক নতুন বাসাতেই প্রথম এসে কটা দিন থাকেন ভাল। অল্প দিনেই উন্মনা হয়ে পড়েন। তার পর হঠাৎ একদিন তাড়াছড়ো করে তল্পিতল্পা নিয়ে নতুন একটা বাসায় চলে যান। বছরে আট দশবার করে গেরস্থালি গোছাতেই বউদির প্রাণাস্ত হয়।

নরেনদা নিজ মুখেই বললেন—সহরে আর কেউ আমাকে ভাড়া দিতে চায় না।

—কেন বলুন তো?

#### যাযাবর

- —কেন ? সে কি করে বলি।
- —আপনিই বা অত ঘন ঘন বাসা ছাড়েন কেন ?
- —অস্থবিধে হয় তাই ছাড়ি।
- —এর আগের বাসাটায় কি অস্থবিধে ছিল আপনার ?
- —দে আর ব'লো না। পাশের বাড়িটা থেকে দিবারাত্র বিশ্রী পোলাওয়ের গন্ধ আদতো।

অবাক হয়ে বললাম—তা হ'লে এ বাদাটাও হয়তো মাদখানেক পরে ছেডে যাবেন, ওই রকম গন্ধ-টন্ধর জন্ম ।

প্রবলভাবে মাথা নেড়ে নরেনদা প্রতিবাদ জানালেন—না, না; এ বাসাটি বেশ। এ জায়গা ছাড়া চলবে না। এইবার খাঁটী জায়গায় এসেছি। একটু চুপ করে থেকে নরেনদা যেন স্বগত বলে উঠলেন—বাড়ি ভাড়া-টাড়া কি মান্ত্রে দেয়।

—কথাটা ব্রালাম না নরেনদা। তবে কি ভাড়া না দিয়ে থাকাটাই ভদ্রলোকের পক্ষে…।

নরেনদার যেন হ'ঁদ হ'ল। অপ্রস্তত হয়ে বললেন—আহা, ভূল শুনছ কেন। বলছি, বাড়ি ভাড়া কি মান্থয়ে নেয়।

মন্টু বা সামনের ছোট মাঠটায় জামতলায় থেলছে। ডাকলাম—এই মন্ট অ্যাণ্ড কোম্পানি! কাম আপ্।

যে যার বয়দ আর দামর্থ্য মত দবেগে দৌড়ে এল। বললাম—সব সার বেঁধে দাঁড়াও। ক্যাঙ্গারু ডিল শেখাব।

ছেলেমেয়েগুলো অত্যস্ত চটপটে আর ফুর্ত্তিবাজ। ঘণ্টাথানেক মধ্যেই ড্রিলটা বেশ স্কুষ্ঠভাবে আয়ত্ত করে নিল।

— ওয়ান, টু, থ্রী। ড্রিল চলেছে। পরিশ্রমে ঘেমে ওঠা মৃথগুলো দব জলে ভেজা সাদা ফুলের মত দেখাছে। পেশীহীন শরীরের কোমল মাংসল

আবরণ ভেদ করে ফুটে উঠেছে রক্তের আভা। শেষে অর্ডার দিলাম— ডিস্পার্স !

মন্ট্র বলল-আবার কথন ড্রিল হবে কাকা?

—হবে এখন। এবার বাড়ী যাও।

এক ঝাঁক রাজহাঁসের মত মিঠে আওয়াজ করে মণ্ট্র কোম্পানি চলে গেল। উড়ে গেল মনে হ'ল।

বারান্দায় বদে বই পড়ি। পড়া শেষ হ'লে আর কোনও কাজ থাকে না। অস্বস্তি বোধ করি। চারিদিকে কত নয়নাভিরাম দৃশ্যবস্ত ছড়িয়ে রয়েছে। দেখলেই হ'ল।

বদে বদে দেখি রাজেনবাবুদের বাগানটা। দেশী বিদেশী ফুল, পাতাবাহারের কুঞ্জ—রঙের রূপোল্লাস। হেকার সাহেবের কেনেলটা চোথে পড়ে—চামড়ার পেনি পরানো তাজা তাজা আলমেসিয়ান, টেরিয়ার আর স্প্যানিয়েল। বাবুলালের মেঠাইএর দোকান—ন্ত পীরুত বালুশাই, বরফি আর শোনপাপড়ি। বেলজিয়ান ক্যাথলিক গির্জ্জাটার হলের ভেতরটা স্পষ্ট দেখা যায়—বিচিত্র রূপোর পুলপিট, মূর্ত্তি, প্রদীপ আর কার্পেটপাতা গ্যালারি। লাল ফুলের বোঝা মাথায় রুষ্ণচুড়াটার তলায় বুড়ো স্মিথের পোলট্র। পেঁজা তুলোর মত পালকে ভরা ফাঁপানো পুছ্—ঝক্রাকে পুষ্ট পুষ্ট মোরগ আর মূরগী। রোড আইলাাও, অরপিংটন, মিনরকা আর লেগহর্নের রঙিন ঝুঁটির শিহর, স্থঠাম গ্রীযাবিলাস আর রক্তজবার মত কানের ঝুমকোর দোলা। এ দেখবার, উপভোগ করবার মত দৃশ্য।

কিন্তু এসব ছাড়িয়ে, সবচেয়ে নয়নাভিরাম—মালুয়ের কিশলয়মূর্তি
ওই নরেনবাবুর ছেলেমেয়েরা যখন একান্ত উৎসাহে জামতলায় থেলে
বেড়ায়, পলায়নপর গোসাপের পেছনে দল বেঁধে তাড়া করে, বড়ো

#### যাযাবর

টাট্রু ঘোড়ার কান ধরে নির্তীক আনন্দে বাবুই পাথীর মত ঝুলতে থাকে। তাদেরই দেখি বেশী করে।

প্রবল বর্ধা নেমেছে ক'দিন থেকে। নরেনদা বড় দেরি করে ফেরেন। মাঝে মাঝে দেখি লঠন নিয়ে মণ্টু আর বউদি রৃষ্টি আর অন্ধকারে অস্পষ্ট সড়কের দিকে তাকিয়ে নরেনদার জন্ম উৎক্ষিত প্রতীক্ষায় বারান্দায় দাঁড়িয়ে আছেন।

আজ এখন রাত্রি বারোটা। তবুও মন্টুরা দাঁড়িয়ে আছে। নরেনদা ফেরেন নি নিশ্চয়। উঠে যেতে হ'ল মন্ট্রের বাড়ি।

বললাম—তাই তো বউদি, রোজ যদি এমন সাংঘাতিক বর্ধা গায়ে মেথে দৌডাদৌডি করেন তাহ'লে—

বউদি বললেন,—তা হ'লে কি ?

—একটা অস্থুখ বিস্থুখ হয়তে∣—

—সেদিকে ভদ্রলোক ঠিক আছেন। একটা হাঁচি কাশিও হবেনা।

বললাম—তা ছাড়া এত রাত্রে জংলী পথে…

কথার মাঝখানেই বৌদি বললেন—ওই শুমুন, দয়া হয়েছে এতক্ষণে।
বৃষ্টির শব্দের মধ্যেই একটা লক্ষড় সাইকেলের ঘড়াং ঘড়াং আওয়াজ
শোনা গেল। নরেনদা অকস্মাৎ পৌছে গিয়ে সকলকে উদ্বেগের হাত
থেকে নিষ্কৃতি দিলেন।

বৃষ্টিতে ভিজে সোলার হাটিটা হু ইঞ্চি ফুলে গেছে। সাইকেলের কেরিয়ারে বাঁধা একবোঝা কুমড়োর ডাঁটা আর একটা লাউ। বললেন, —ছোট নদীটায় আটকে গেলাম। যা জলের তোড়়। তা ছাড়া লাউটার জন্ম চন্দ্রপুর হয়ে একবার ঘুরে আসতে হ'ল।

অস্থবোগ করে বললাম,—বর্ধার রাত্রে জংলী রাস্তায় অত বেপরোয়া বেড়াবেন না নরেনদা।

সাইকেলের রভে গামছা দিয়ে বাঁধা বন্দুকটার দিকে আঙুল দিয়ে দেখিয়ে নরেনদা বললেন—আমার এই কালো লাঠিটি যতক্ষণ সঙ্গে ততক্ষণ সত্যিই কিস্তু পরোয়া করি না, ভবানী।

আমাকে প্রস্থানোন্থত দেখে প্রশ্ন করলেন—লাউটা কত হ'ল বল দেখি, ভবানীচন্দর ?

রাত নিশুতি, স্বপ্ন দেখার সময়; তথন আর লাউয়ের দাম আলোচনা করবার উৎসাহ আমার নেই। চ'লে আসতে আসতে শুনলাম, নরেনদা নিজেই ব'লে যাচ্ছেন—মাত্র তু পয়সা, যাকে বলে আধ আনা।

মন্টু কোম্পানিকে ক্যাস্থাক জিল শেথানো হয়ে গেছে। এর পর শেথালাম ডংকি জাম্প। এতে পিন্টুই হ'ল ফার্ন্ট। চার বছরের এই ছেলেটা পাঁচ ফুট উঁচু বারান্দা থেকে সোনাচিতার বাচ্চার মত অকুতোভয়ে লাফিয়ে পড়ে সত্যিই তাক লাগিয়ে দিল।

শেখালাম হরিণ দৌড়। এতে বাঁশী মেয়েটাই ফার্ফর্ হ'ল।

দেখে শুনে নরেনদা একদিন বললেন—বেশ জুটেছ যা হ'ক। একে তো তাঁাদড়, তারপর তুমি আবার ট্রেনিং দিয়ে ঘাগী ক'রে তুলছ।

- —ভাবছেন কি ? একদিন গ্রেট বেঙ্গল কলোনি বসবে এখানে। এইতো সবে কাজ আরম্ভ করেছি। যা করছি পরে বুঝবেন।
- —পরে কেন? এখুনি খুব ব্রছি। ছু সের মাংস আনলাম, চেটেপুটে সব মেরে দিলে তোমার ওই মণ্ট কোম্পানি।

#### যাযাবর

বললাম—তা, কি এমন পাপ করেছে ?

—না, পাপ করেনি ঠিকই। তবে----বোঝ না তো ভায়া।

মণ্টু দের নতুন ধরণের একটা স্থালুট শেখাচ্ছি। নরেনদা চেঁচিয়ে ডাক দিলেন—ওদের একবার ছেড়ে দাও তো ভবানী, দরজী এদে ব'সে আছে।

মণ্ট্রদের সঙ্গে নিয়েই গেলাম। নরেনদা বললেন—দেখছ ?
দেখলাম। ভালুকের না কিসের রোঁয়ার একটা লম্বা চওড়া পুরু
কম্বল। যেমন খসখদে তেমনি ভারী।

- —কি হবে এটা, জিজ্ঞাসা করলাম।
- —এটা থেকে সব হবে। মন্টুদের ছটি ওভারকোট হবে। তা ছাড়া আমারও ফতুয়ার মত একটা কিছু হয়ে যাবে মনে হচ্ছে।

বললাম—কি যাচ্ছেতাই করছেন নরেনদা। ছেলেগুলোর গায়ের ছাল আর থাকবে না।

—খ্ব থাকবে। বোঝ না তো ভায়া!
নবেনদা দরজীকে কাজের নির্দ্ধেশ দিতে লেগে গেলেন।

শীত এসে পড়েছে। পশ্চিমের বড় বাড়ীটাতে কারা এসেছে। আলাপ হ'ল। হাওয়া বদলের জন্ম এসেছেন বুন্দাবনবাবু, তাঁর মা আর তার ছেলে পোঁচো পিন্টু দের বয়সী। বুন্দাবনবাবুর ডিসপেপসিয়া, পোঁচোর রিকেট। বুন্দাবনবাবুর মা বিপুলান্দী, মেদভারে মন্থর।

বৃন্দাবনবাবু বললেন—তুমি মানিকের ভাই ? তা আগে বলতে হয়। তোমাকে তো আত্মীয় বলেই ধ'রে নেওয়া যেতে পারে। যাক্—তেলটা আর ঘিটা, এ যেন খাঁটি হয় ভবানী। এই বন্দোবস্তটা ক'রে দাও। পয়দা লাগুক কিন্তু জিনিষ ভাল হ'ডয়া চাই।

মাসীমা অর্থাৎ বৃন্দাবনবাবুর মা বললেন—একটা ভাল গয়লা ঠিক ক'রে দাও বাবা। বাড়িতে হয়ে দিয়ে যাবে। এবেলা পাঁচ সের ওবেলা তিন সের। একাদশীর দিন আরও হু সের।

—পয়সার জন্ম ভাবি না ভবানী। বাজিয়ে টাকা দেব, বাজিয়ে জিনিয় নেব। তোমার বাবাও তো শুনেছি বেশ কিছু রেথে গেছেন। হাা, তোমার কাকাই বোধ হয়, একবার ধার চাইতে এসেছিলেন। স্মার ·····।

বৃন্দাবনদা তুবড়ির মত কথা ছড়িয়ে চললেন; তার মধ্যে মাত্রার বালাই নেই। উত্তরের জন্ম মুহুর্ত্তেকও অপেক্ষা না ক'রে আরম্ভ করলেন,—যাক্, তুটো ভাল চাকর, একটা ভাল ধোপা; এ যেন কালকের মধ্যেই যোগাড হয়ে যায় ভবানী।

মাসীমা বললেন—একটা ভাল ডাক্তারও ঠিক ক'রে দিতে হয় বাবা পেঁচোর জন্মে। রোজ একবার এসে দেখে যাবে।

বড় বাড়ির মর্জি ফরমাস থেটে চলেছি। মন্টুদের সঙ্গে ক'দিন দেখা সাক্ষাৎ হচ্ছে না। নরেনদার দেখা পাওয়া তো আরও তৃঙ্কর। কিন্তু জানি ওরা সব ভাল আছে। ভাল থাকাটাই ওদের নিয়ম।

বউদির কোলের ছেলেটার এতদিনে ঠ্যাঙে জোর হয়েছে; ট'লে ট'লে হাঁটে, জোরে হামাও দেয়। মন্টুরা ওর নাম দিয়েছে— টাইগার।

মাঝে মাঝে রাত্রে দেখতে পাই, মন্টুরা প্রদীপ জেলে বারান্দায় সতরঞ্চি পেতে পড়তে বদে। টাইগার এসে ঝাঁপিয়ে পড়ে' পড়ার ব্যাঘাত করে—প্রদীপ উল্টে দেয়। নরেনদা ব'সে ব'সে টাইগারকে সকল নষ্টামিতে উৎসাহ দেন! বউদি এসে প্রতিবাদ করেন!

তবু স্থাথের কথা। ভদ্রলোক বছর খানেকের ওপর এখানে টিকে

#### যাযাবর

গেছেন। শোনা যায়, জায়গার গুণে ক্যাপা হাতী ঘুমিয়ে পড়ে। এ তো মান্তয়।

বড় বাড়ির চাকর রামতুলালকে আড়ালে পেয়ে একদিন জিজ্ঞাসা করলাম—হাা রে, আট সের ত্থ রোজ কে থায় বল্ তো? সবাই তো কণী।

- —বুড়ীমা খায়।
- —বাজে বকিস না, ঠিক ঠিক বল।

ঝুট কেন বলব বাবু। আমি নিজে দেখিয়েছে—একাদশীকা রোজ এক কড়াহি রসগুলা বড়ীমা একা খেয়ে ফেলিয়েছেন।

মণ্টুদের পুরো দলটি নিয়ে একদিন চড়াও করলাম মাসিমার বাড়ি। মাসিমা ছাঁচ থেকে খুলে থালায় সন্দেশ সাজাচ্ছেন। একটা কড়াতে রসগোল্লা ভাসছে, আর একটা জামবাটিতে কানায় কানায় ভরা ক্ষীর।

- —এরা আবার কারা? মাদীমা জিজ্ঞাদা করলেন।
- -- এরা ? এরা পৃথিবীর ছেলে। এদের সন্দেশ দিন।

মাসীমা থানিকক্ষণ হাঁ করে তাকিয়ে থেকে বললেন—আহা, বাপ মানেই বঝি ?

খাসা বাপ মা রয়েছে, বলেন কি ? সন্দেশ দিন।

- কি যে ছেলেমাত্ময়ি কর ভবানী! কোন্ ঢঙে কথা বল বুঝতে পারি না বাবা। বলি, কাদের ছেলে এরা?
  - —নরেনবাবুর। ওই পূবের বাড়িতে যাঁরা থাকেন।
  - —তা, বউটির তো বড় কষ্ট।
  - —কন্ত আবার কিসের ?
  - —কষ্ট নয়? এতগুলো কুচোকাচা সামলানো; মামুষ করা।
  - —মামুষকে আবার মামুষ কি করবে ?

—যা বোঝ না তা নিয়ে কাব্যি ক'রো না বাবা। এক পেঁচোকে নিয়েই বুঝেছি কত বড় দায় ভগবান ঠেলে দেছেন মাথার ওপর!

পেঁচোর কথা উঠতেই নজরে পড়ল—ঘরের এক কোণে নিঃশব্দে দাঁডিয়ে পেঁচো।

মান্ন্ত্যের চেহারার এত বড় ট্রাজেডি সহজে চোথে পড়ে না। জিরজিরে হাত পা বুড়ো বাত্ত্ডের মত কেশবিরল মাথাটা। চার বছরের একরত্তি এই ছেলেটার ধড়ে কে যেন একটা ঝুনো সংসারীর মুখোস বসিয়ে দিয়েছে। মায়া হ'ল দেখে। আহা, রোগেই ছেলেটার এহেন দশা করে ছেড়েছে।

কিন্তু পেঁচো এগিয়ে আসছে। হাতে একটা বাঁশের লাঠি। তার উদ্দেশ্যটা থুবই স্পষ্ট; মন্ট দের খানিকটা খোঁচাতে হবে এই তার মনের বাসনা।

মন্টু পিন্টু সকলে সভয়ে স'রে এসে আমার গা ঘেঁসে দাঁড়াল। বললে—কাকা, মারছে।

মাসীমা কটুকণ্ঠে ঝঙ্কার দিয়ে উঠলেন—কি মিথ্যুক রে বাবা, এই ছেলেগুলো ৷ মারছে ? কোথায় মেরেছে ?

তার পর স্থ্পচুর আদর-রদে গলা ভিজিয়ে নিয়ে পেঁচোর উদ্দেশ্যে বললেন—যাও কাগ মেরে এস দাছ। যাও, এদের মারতে নেই।

সঙ্গে সংশ্ব অভূত ব্যাপার ঘটে গেল। পেঁচোর করোগেটেড পাঁজরগুলো কেঁপে উঠলো ত্ তিন বার। তারপরেই একটা চীৎকার ছেড়ে লুটিয়ে পড়ল মাটির ওপর। কান্নার সঙ্গে সঙ্গে কেশবিরল মাথাটা নির্মমভাবে অবিশ্রান্ত মেঝের উপর ঠুকে যেতে লাগল।

—যা ভেবেছিলাম তাই। তোমরা একটা কাণ্ড না বাধিয়ে ছাড়লে না। এখন সামলাতে গিয়ে প্রাণটা আমার যাক্। মাসীমা রাগ ক'রে বলে চললেন।

## যাযাবর

কাল্লা শুনে বৃন্দাবনদা এলেন। পোঁচোকে বিশুর আদর অন্থনয় ক'রে স্থস্থ ক'রে তুললেন। বাঁশের লাঠিটা তুলে নিয়ে একবার মন্টুর একবার পিন্টুর পেটে ঠেকিয়ে পোঁচোকে বোঝালেন—হেই মেরেছি। থুব মেরেছি। এইবার চুপ! হাঁ। এই যে পাঁচুবাবু চুপ করেছে। পোঁচো বড় ভাল। পোঁচো শাস্ক হ'ল।

- —कार्तित (इ.ल.मि.ल. १० व्यानी १ वृक्तावनमा जिड्डामा कत्रालन।
- ---নরেনবাবু ওভারসিয়ারের।
- —এতগুলো! কত মাইনে পায় ভদ্রলোক ? বৃন্দাবনদা মাত্রা-তিরিক্ত বিশ্বয়ে কপাল কুঁচকে ফেললেন। এর কথাবার্ত্তার সত্যিই রাগ হচ্ছিল। বললাম—মাইনে কমই পায়। বাহার টাকা। তাতে হয়েছে কি ?

খানিকক্ষণ ভেবে নিয়ে বৃন্দাবনদা বললেন—গুলি করা উচিত ! —কাকে ?

একটু থতমত থেয়েই যেন বৃন্দাবনদা উত্তর দিলেন—আহা, এদের নয়। এদের নয়। ওই নির্কোধ লোকগুলোকে, প্রকৃত অপরাধী যারা। আবার থানিককণ চিন্তাক্লিষ্ট থেকে হঠাৎ মণ্টু দের দিকে সঙ্গিনের মত ছুঁচলো তর্জ্জনীটা তুলে বললেন—এই যে কটা জীব·····।

মন্টুরা সকলেই একটু চমকে উঠল।

····জানি এরা নির্দ্দোষ, এরা পবিত্র। কিন্তু তবু, ছি ছি, সমাজকে এভাবে ট্যাক্স করা·····।

কোমর-ভাঙা সাপের শানিত হিংস্থক দৃষ্টির মত বৃন্দাবনদার চোথ একবার চিকচিক করে উঠল। বললেন—এর একমাত্র উপায় কি জান ? এই লোকগুলোর এই বাড়াবাড়ি, এত বাপ হবার সথ—অস্ত্রোপচারে একবারে নির্মাল করে দেওয়া। বৃন্দাবনদার বক্তব্য শেষ হ'ল।

আন্তে আন্তে আবার পুরাণো প্রদক্ষ উত্থাপন করলাম—এইবার ছেলেদের একট মিষ্টিমুখ করিয়ে দিন মাসীমা।

—থাম বাবা ভবানী। পেঁচোর কানে গেলে আর রক্ষে থাকবে না। কাল না হয় আর এক সময় এদের নিয়ে এসো।

মন্টুরা অনেকক্ষণ থেকেই বাড়ি যাবার জন্ম অস্থির হয়ে উঠেছিল। বললাম—দাঁড়াও, দাঁড়াও, লজ্জা কেন ? দিদিমার বাড়ী সন্দেশ টন্দেশ খাও, তারপর যোয়ো।

মাসীমা বললেন—হাঁ, অনেকক্ষণ তো হ'ল। ওদের মা হয়তো ভাবছে।

- —না, মা ভাববে কেন? ভাবনার কি আছে।
- —কেমন মা রে বাপু! মাসীমা যেমন বিরক্ত তেমনি হতাশ হয়ে পড়লেন।

বৃন্দাবনদাকে ইংরাজীতে বললাম—পেঁচোকে একটু স্থানান্তরে নিয়ে যান। মাদীমা ছেলেদের মিষ্টিমুখ করাবেন!

এতথানি অধ্যাত্মনাধনার পর মাদীমা অগত্যা বিচলিত হলেন।
ভাঁড়ার থেকে শালপাতার ঠোঙায় গোটাকয়েক বাতাসা নিয়ে
বললেন—কই গো থোকাথুকীরা, হাত পাত দেখি সব একে একে।

দেখলাম, মণ্টু পিণ্টু বাঁশী প্রত্যেকের হাত কাঁপছে। শক্ষিত চোথে বার বার তাকাচ্ছে আমার দিকে। তিন্থ কেঁদেই ফেলল— বাড়ি চল কাকা। মাসীমা তেতে উঠলেন—বড় বেয়াড়া নরেনবাব্ না কার এই ছেলেগুলো। নেবে কি না বলে দাও ভবানী, আমি আর তপিশ্যে করতে পারবো না বাবা।

হঠাৎ বাতাসার ঠোঙা হাতে মাসীমা তাঁর বিপুল দেহভার নিয়ে থপ থপ ক'রে চোরের মত দৌড়ে স'রে গেলেন। চমকে ফিরে

# যাযাবর

দেখলাম—অদূরে চৌকাঠের কাছে দাঁড়িয়ে পেঁচো। এই দিকেই দৃষ্টি
নিবদ্ধ। পেঁচোর চোথ থেকে বিষের ধোঁয়া বেরিয়ে আসছে যেন।
আবার একটা তুর্ঘটনা ঘটবে। ব্যস্ত হয়ে মন্ট্রদের বললাম—আর নয়,
চল এবার যাই।

সমস্ত রাত্রিটা ঘুমোবার সময় পাইনি একরকম। নরেনদার সঙ্গে ধাই ডাকতে বস্তি বস্তি ঘুরে বেড়াতে হয়েছে। কাল রাত্রে মন্ট্র-ব্রাদারহুডের একটি নতুন সভ্য ভূমিষ্ঠ হয়েছে।

নরেনদা নিজেই রাশ্লাবাশ্লা ক'রে আজকের সকালেও বেরিয়ে গেলেন সাইকেল নিয়ে—ডিউটি দিতে। মণ্টুরা অন্ত দিনের মত ড্রিল করতে এবেলা আর এল না। ওদের উৎসবে পেয়েছে আজ। কেউ বাসন মাজছে, কেউ দিচ্ছে ঘর ঝাঁট, কেউ বা উন্থন জেলে জল গ্রম করতে ব্যস্ত।

আহার শেষে একটা আরাম-নিদ্রার উত্যোগ করছি। রামছলার এসে জানালো—মাদীমা ডাকছেন, এখুনি যেতে হবে। একটুও দেরি করলে চলবে না। পেঁচোর অবস্থা থারাপ।

হস্তদন্ত হয়ে পৌছলাম বড়বাড়ি। মাদীমা অবদন্ধভাবে একটা পাখা হাতে নিয়ে বদে আছেন। প্রায় কাদ কাদ হয়ে বললেন—বাবা ভবানী, একবাব উঠোনে এদ আমার দক্ষে।

আশস্কায় বুকটা ছমছম করে উঠল। নিদারুণ কিছু ঘটে যায়নি তো।
—উঠোনে ? কেন মাসীমা ?

—পেঁচো হেগেছে। কি সাংঘাতিক, দেখবে এস। সবুজ সবুজ ফেনা আর কালো ছিবড়ের মত মল। এখুনি ডাক্তারকে থবর দিতে হয়, ভবানী।

একটা ত্যাকারের তোড় প্রায় গলা ঠেলে এল। মুথে রুমাল চাপা ত

দিয়ে বললাম—মাপ করবেন মাসীমা। রামত্বারকে পাঠিয়ে দিন। আজ্ব আর আমার সামর্থ্যে কুলোবে না কোন কাজ।

চলে এলাম। এইথানেই বড়বাড়ির সঙ্গে সকল সম্পর্কে পূর্ণচ্ছেদ্ পড়ল। আর ডাক পড়েনি কখনও।

সড়ক ধরে বেড়াতে বেড়াতে অনেক দুর গিয়েছি। নরেনদা সাইকেলের আওয়াজে পথের নিশ্চিন্ত কাঠবিড়ালীগুলোকে সচকিত ক'রে আসছেন।

-থামুন নরেনদা, কোথায় থাকেন আজকাল ?

নরেনদা থামলেন। কেরিয়ারে বাঁধা একটা পুটলি আর হ্যাণ্ডেলে দড়ি দিয়ে ঝোলানো একটা পেতলের ঘটি, তার মুখটা শালপাতা দিয়ে মোড়া।

- —কেরিয়ারে কি নরেনদা ?
- —আতপ চাল। তের পয়সায় তু সের।
- —ঘটিতে 🗸
- —ছধ।
- খুব রাবড়ি টাবড়ি চালাচ্ছেন বুঝি আজকাল ?
- —না হে না। রাবজি না তৃঃস্বপ্ন! গ্রলা ব্যাটা তৃথের দর চিড়িয়েছে। বলে, টাকায় চার দেরের বেশী দেবে না। আমিও তেমনি, স্রেফ বন্ধ করে দিয়েছি। মাঝে মাঝে গাঁয়ে দেহাতে সন্তায় এক আধ সের এই রকম পেয়ে যাই, বাস্।

এ উত্তরের জন্ম তৈরী ছিলাম না। এত অকপটে, অক্লেশে যে সোজা কথাগুলো বলে গেলেন নরেনদা তার প্রত্যুত্তর দেওয়া আর সম্ভব হ'ল না।

—যা যুদ্ধের বাজার পড়েছে! বিড় বিড় ক'রে নিজের মনে বকতে বকতে নরেনদা উঠে চলে গেলেন।

#### যাযাবর

এমন কিছু ঘটেনি। তবু মনের মধ্যে সর্বাদা একটা মেঘলা গুমোটের ভার অন্তব করি। সাইকেলে গুধের ঘটি ঝোলানো নরেনদার ধন্যাক্ত চেহারাটা থেকে থেকে মনে পড়ে। মনে পড়ে বউদির কোলে ঘুমন্ত পায়রার মত পুচকে থোকাটার কথা। মনে পড়ে স্বাস্থ্যে গড়া লাটিমের মত মন্ট কোম্পানির কথা।

নরেনদা একটা চটের ছালাকে পার্ট করে সাইকেলের কেরিয়ারে বাধছেন, ডিউটিতে বার হবার উত্তোগ করছেন। বললেন—চন্দ্রপুরের সাঁওতালদের কাছে মণ খানেক সক্ষ চাল আছে। আজ বাগাতে হবে সস্তায়। জিজ্ঞাসা করলেন, তুমি কথনও গিয়েছ কি ভবানী—চন্দ্রপুর ?

- —যেয়ো একবার, ভারী স্থন্দর জায়গাটা।

যেন একটা নতুন জগতের বান্তা শোনাচ্ছেন, এমনিভাবে ব'লে চললেন—স্থল্ব জায়গা। পাশের দেহাতে কি না পাওয়া যায়! আর কত সন্তা! ছাগলের চুধই পাওয়া যায় দিন সের পাঁচেক আর তাও মাত্র পাঁচ আনায়। তেন কাছেই একটা বড় বিল—পানিফলে ঠাসা। বাঘা বাঘা মাগুর সব কিলবিল করছে। ধ'রে আনলেই হ'ল। তেন আড়হরের তো জঙ্গলই প'ড়ে রয়েছে। ওর আর চাষ করতে হয় না। এক ডাল থেতে থেতেই পরমায়ু ফুরিয়ে যায়।

नरत्नमा 5'रल शिलन।

প্রায়ই আজকাল দেখা সাক্ষাং হয়। কিন্তু প্রথম দিনের দেখা সেই উৎফুল্ল মানুষ্টিকে আর পাই না। সেই প্রাক্মানবীয় প্রমোৎসাহ যেন কতকটা ঢিমে হয়ে এসেছে।

মন্ট কোম্পানিকে নিয়েও আজকাল অতটা হুটোপাটি করতে মন

চায় না। বড় জোর একটা স্থাবৃত্তি, একটা শেয়ালের স্কুল বা এই রকম কোনও একটা কুঁড়ে খেলার মহড়া দিয়ে ছেড়ে দিই।

হয় আমার চোথের ভুল, নয় ব্যাপারটা সত্যি। মণ্টুদের বেশ রোগা রোগা দেখছি।

একদিন সন্ধ্যায় খবর পেলাম—নোনার জব হয়েছে।

ব'সে ব'সে অনেক কিছু ভাবলাম। ঘটনাগুলো সব কেমন যেন একে একে ছন্দ হারিয়ে চলেছে। আমার গ্রেট বেঙ্গল কলোনির মাথার ওপর ক্রমেই জমে উঠেছে বড় নোংরা অভিশাপের ঝড়।

নরেনদার ঘরে ঢুকতেই কানে এল—মালিশ, স্রেফ মালিশ ক'রে যাও।

বুকে কফ ঘড়গড় করছে, জ্বরে চোগ মুথ লালচে; নোনা চুপ করে শুয়ে আছে। বউদি নোনার বুকে কি একটা মালিশ করছেন।

মাঝথানে প'ড়ে আপত্তি করলাম—ডাক্তার ডাকা উচিত।

নবেনদা বললেন—শোন কথা। হয়েছে তো সদ্দিজ্বর, এইবার ডাক্তার এসে নিউমোনিয়া ক'রে দিক।

বললাম—ডাক্তার ডাকছি, পয়দা লাগবে না।

নরেনদার চোথ ছটো জ্বলে উঠল দপ ক'রে। কঠোর শ্লেষাক্ত স্বরে মুথ বাঁকিয়ে বললেন—তুমি কাঁচা নিমপাতা থাবে ? পয়সা লাগবে না।

দ'মে গিয়ে বললাম—আচ্ছা, আসি এবার।

নবেনদাও দক্ষে দক্ষে শাস্ত ভাষায় সমীহ ক'বে বললেন—হাঁ এস। তবে রাগ ক'বো না। জানই তো লোকে সাবে নিজের গায়ের জোরে আব নাম হয় ডাক্তাবের।

ক'দিনের মধ্যেই বুঝলাম, নরেনদার কথাটাই সত্য হয়েছে। নোনা সেরে উঠেছে। নরেনদা মাঝে মাঝে গান গাইছেন।

#### যাযাবর

মনটা খুশী ছিল সেদিন—মণ্টুদের নিয়ে হৈ চৈ করার উৎসাহটা আবার পেয়ে বসল।

হাঁক দিলাম—এই পিন্টু। স্ট্যাও আপ্। রেলিং-এর ওপর দাঁড়াও। জাম্প্।

পিণ্ট্ব একবার হাঁটু মুড়ে লাফাতে গিয়েই আবার তাড়াতাড়ি সামলে নিল।

হাকলাম—জাম্প ডংকি, জাম্প।

পিণ্ট আবার দম টেনে নিয়ে খানিকক্ষণ পায়তাড়া করল।

হাঁটু তুটো বেতালা কেঁপে উঠল বার কয়েক। তারপর লজ্জিত হয়ে অপ্রস্তুতভাবে চুপ ক'রে দোষীর মত তাকিয়ে রইল।

রাগ চ'ড়ে গেল মাথায়—এ কি হচ্ছে পিন্টু! কাওয়ার্ড !—জাম্প !
চুপ করে দাঁড়িয়ে রইল 'পিন্টু। বুকটা ওর টিপ টিপ করে উঠছে
পড়ছে। ছোট ভুক্ন চুটোর ওপর ফুটে উঠেছে বিন্দু বিন্দু যাম।

শান্ত হয়ে চেয়ারে গিয়ে বসলাম। বললাম—আচ্ছা, নেমে এস। লাফাতে হবে না। বাড়ি যাও সব।

মনে পড়েছে। আমাদের সাঁওতাল চাকরটা কাঁদতে কাঁদতে যা বলছিল—ক'দিনের জ্বরে ম'রে গেছে ওর ছোট্ট একটি ছেলে। ডাইনী আছে ওদের গাঁয়ে। তাকে চিনেও ফেলেছে সে; একদিন এর শোধ তুলবে।

আরণ্য বর্ধরতায় লালিত সাঁওতাল ছেলের সংশয়বিকার আজ আমারও যুক্তি ক্লচি শিক্ষা সব কিছুকে অন্ধকারের মত জড়িয়ে ধরছে পাকে পাকে। কে জানে, কথাটা হয়তো মিথ্যে নয়।

বড়বাড়ির থবর অনেকদিন রাখিনি। আমার প্রয়োজন সেথানে অনেক দিনই মিটে গেছে। তবে বৃন্দাবনবাবুরা এখন আর একা নন।

একজনের বদলে আজ একটা সহরই তার প্রতিবেশিত্ব করছে। রোজ্ব সন্ধ্যায় বৈঠকখানায় দস্তরমত জনসমাগম হয়। সহরের সন্ধ্রান্তরাই আসেন—বাইরে দাঁড়ানো গাড়িগুলি থেকেই তার পরিচয় পাই। প্রায়ই নিমন্ত্রিতদের ভূরিভোজনের আনন্দ কোলাহল কানে ভেসে আসে।

- দাঁড়া রামত্রলার। কথা আছে। রামত্রলার ঘাড় থেকে চিনির বস্তাটা নামিয়ে দাঁডাল।
- —কবে যাচ্ছে রে তোর বাবুরা ?
- -- এখন এক বছর থাকবেন।
- —এক বছর! কেন, কি হ'ল আবার প
- —এথন যাবেন কেন ? বাবুকা তনচুক্ষন্তি হচ্ছে, আজকাল আগু হজম করছেন। পেঞোভি মোটায় যাচ্ছে দিনকে দিন।

একটা চিঠি পেলাম। বাড়িওয়ালা রাজেনবাবু সিমলা থেকে আমাকেই লিথেছেন—আমাদের বড়বাড়ির ভাড়াটে বৃন্দাবনবাবুকে আমার নমস্কার জানাবে। বথাসাধ্য ওদের স্থথ স্থবিধার দিকে একটু নজর রাথবে। হাজার হ'ক, প্রতিবেশী।

অনেক দিন পরে আবার পুরনো দিনের নির্জনতাকেই খুঁজছি সাধ ক'রে। পাশের এই চুটো বাড়িই খালি হয়ে যাক এই মূহুর্ত্তে—এই ধুমায়িত আবহাওয়া একটু পরিচ্ছন্ন হ'ক।

#### যাযাবর

মনের যত চাপা অভিমান চেলে ডায়রিতে লিখে রাখলাম—আমার পরম হারানোর দিন বোধ হয় ঘনিয়ে আসছে। একদিনের পাওয়া, এতদিনের পাওনা, গ্রেট বেঙ্গল কলোনির স্বপ্ন—স্বই শুধু একটা ফাঁকিরেথে স্বে পড়বে—ভাদ্র মেঘের চট্টল ছায়ার মত।

কেমন একটা সন্দেহ হচ্ছিল, পূবের বাতাসে শব্দ স্পান্দন যেন থেমে গেছে—নিরেট একটা স্তব্ধতা। ধড়ফড় ক'রে উঠে জানালা খুলে তাকালাম।

হাঁ সত্যি। কার্নিভালের তাক্ত আসরের মত প'ড়ে আছে জনশৃত্য ছোট বাড়িটা। কোন মমতার চিহ্ন বালাই নেই সেথানে। ছুটো গরু এরই মধ্যে বারান্দায় চ'ড়ে জাবর কাটছে। একটা কুকুর কুলুপ লাগানো দরজার অপরিসর ফাঁকটা দিয়ে মাথা গলিয়ে ভেতরে ঢোকবার চেষ্টা করছে।

— भानित्यर्ष्ट लोक्छो। तृत्नी, त्वर्त्न, त्ठात्र ....।

লাঠিটা নয়, টেবিলের উপর থেকে রাজেনবাবুর চিঠিটা ছোঁ। মেরে তুলে নিলাম। ওদের আটক করতেই হবে, পালাতে দেওয়া চলবে না। দৌড়ে এসে দাড়ালাম সড়কের ওপর। কতদূর গেছে ওরা?

বেশী দ্র নয়—কদমের সারিটা পর্যান্ত। চন্দ্রপুরের সড়ক ধরে মালমাত্র বোঝাই গঙ্গর গাড়িটা চলেছে আগে আগে। পেছনের গাড়িতে বউদি আর মন্টুরা। পাশে আন্তে আন্তে সাইকেল চালিয়ে মাথায় সোলার হাট চাপিয়ে নরেনদা চলেছেন।

পুরনো ইতিহাসের একটা ভেঁড়া পাতা উড়ে গেল সন্মুথে—নৃতন হুণভূমির স্বপ্ন ছুচোথে, শুশুকণা প্রলুব্ধ যাযাবরের দিকে দিকে পাড়ি। পেছনের যত পরিচয় ছুহাতে মুছে ফেলে, যত বন্ধ্যা মাটির ঢেলা অবহেলায় তুপায়ে মাড়িয়ে ওরা একদিন চলে যায়। ওরা বাঁধা পড়ে না কোথাও।

ওয়াটকিন্স্ মূরের ছেলে বেসিল মূর পাগল।

বুড়ো ওয়াটকিনস্ মূর ইণ্ডিয়ান আমিতে অফিসার ছিলেন। অবসর নিয়ে এখন থাকেন ছোটনাগপুরের এই সহরটীতে। খাস সহর থেকে বেশ থানিকটা দূরে একটা পাহাড়ে ঢিবির ওপর ইউকালিপটাসে ঘেরা তাঁর বাংলো। নাম—দি রিটিটে।

এই থাপছাড়া জায়গাট। বুড়ো ম্বের এত পছন্দ কেন? এ সম্বন্ধে বুড়োর একটা বাঁধা বক্তব্য ছিল, যা তিনি এ পর্যান্ত সহস্রাধিক দেশী বিদেশী ভদ্রলোককে শুনিয়েছেন।

—এ বাংলোটা ঠিক আমাদের শায়ারের কাসেলের মত। আমরা ইয়কশায়ারের লোক, যারা গ্যালান্ট্রির জন্ম বিখ্যাত। তা ছাড়া আমরা—িদ ম্রদ্ অব ইয়কশায়ার—আমরা হ'লাম নীলরক্ত ব্রিটন। আজ ছশো বছর ধ'রে আমরা ওই একই গ্র্যাণ্ড ওল্ড কাসেলে বাস করে আসছি। আজ শিভাল্রীর টর্চ নিভে গেছে, তাই আমরা গরীব। যত জেলে হয়েছে অফিসার, ডিক্সি নিয়ে বোম্বেটে করাই নাকি বীর্ষ্ ! ওদেরই মাইনে বেশী।

···কিন্তু ও-কাজ আমাদের ধাতে সয় না। অক্বতজ্ঞরা আজ ভূলে গেছে যে, ফরাসী ব্যারণদের হাড়ের গুঁড়ো দিয়ে আমরা একদিন ডেলের মাটিতে সার দিয়েছিলাম। আজ আমাদেরই মাইনে কম।

···বিদেশ, এমন কি, কলোনিগুলোকেও আমি ঘুণা করি। শায়ার আমাকে ডাকছে। শেষ বয়সে আমি পেতে চাই সে বাতাস, যে বাতাসে নাইট টেম্পলারদের, আমার বাইশ পুরুষের নিশাস মিশে আছে। এবার দেশে যাব।

···কিন্তু বড় কম পেন্সন। আমার ছেলে বেসিল আসছে। তাকে আমি সার্ভিসে একটা কাজে লাগিয়ে দিয়ে তারপর। যাবার আগে ওর বিয়েটাও দেখে যেতে চাই।

সেই বেদিল এসেছে। একটা সাড়া পড়ে গেছে বিলিতী গিন্ধী মহলে। মিসেদ্ ওয়ান্টার মুসৌরীতে মেয়ের কাছে তার করলেন। স্কুল থেকে ছুটি নিয়ে চলে এল ক্লারা। কার্সিয়ং থেকে মিসেদ্ স্টোকদ্ স্থানালেন সিলভিকে। উটি থেকে চলে এল মিসেদ লেনের মেয়ে স্থানা।

সহরের সাধারণ লোকেরাও চিনে ফেললো বেসিলকে। বড় ভালো হকি থেলোয়াড়। এবারে টুর্নামেন্টে ওই একা বজ্ঞের ঘোড়ার মত দশদিকে ঝাঁপিয়ে পড়ে একা এগার জনের খেলা থেলে দিল। তাই এবার টুফি পেল একাদশ প্যান্থার—মুরোপীয়ান দল।

কিন্তু এ ক'দিনের মধ্যেই বুড়ো মূর দশবার রুমালে চোথের জল মুছেছেন। রাত জেগে প্রার্থনা করেছেন ছদিন।——আমার সম্মান, আমার রুটী, এই বয়সে, ও লর্ড— যেন ধুলো হয়ে না যায়।

বুড়ো মূর বুঝেছে বেদিল পাগল। এ কথাটা এখনও অন্তত্ত্র রাষ্ট্র হয়নি।

প্রাতরুখানের পর পাইপ ধরিয়ে বাগানে পায়চারী করতে বেরিয়ে এলেন বুড়ো মূর। একটা দৃশু দেথে হতবাক্ হয়ে থমকে রইলেন কিছুক্ষণ। বেসিল বাংলোর মেথরাণীকে সমন্ত্রমে একটা সিগারেট সাধছে।

রাগে রাজমাক বাহিনীর ত্রিশ বছরের ঝারু খুনিয়ার অফিসার ওয়াটকিন্দ্ মূরের চোথে দকাল বেলার স্থা নিভে এল। দিশেহারা হয়ে ত্বার বেল্ট হাতড়ে রিভলবার খুঁজলেন, একবার ফুলের টবটা তুললেন, তারপর দামলে নিয়ে গলা দিয়েই তোপ দাসলেন—বেদিল!

বেসিল এগিয়ে এল হাসিমুখে—গুডমণিং, ড্যাড।

#### —এদ আমার দঙ্গে।

বুড়ো মূর বেদিলকে যেন বধাভূমির দিকে নিয়ে গেলেন। কিন্তু এলেন ভুইংরুমে। বেদিলকে একটা কৌচের ওপর বদিয়ে প্রশ্ন করলেন —তুমি জান যে তুমি পাগল ?

- —না। তোমার অস্থ করেছে ভ্যাত। চোথ বড় লাল।
- —চুপ! তুমি ভাল হতে চাও গ
- —নিশ্চয়।
- —তবে এসব গঠিত কাজ খবরদার করবে না। আছ সন্ধ্যায ওয়ান্টারের বাড়াতে চায়ে উপস্থিত থাকবে।
  - —আচ্চা।
  - —খাটি ব্রিটনের মত ব্যবহার করবে।
  - —নি<del>শ্চয়</del> !

ওয়ান্টারের বাড়ীতে চায়ের আসরে নিমন্ত্রিতের। বসে আছে। স্টোকস্ আর লেন গিন্নীও আছেন। মোহিনী সাজে সেজে বসে আছে ক্লারা, আনা ও সিলভি। প্রধান অতিথি বেসিল এখনো আসেনি। কিন্তু সময় হয়ে গেছে অনেকক্ষণ।

বুড়ো মূর প্রমাদ গণলেন মনে মনে। অপরাণীর মত বললেন—
আমি তো তাকে দেখে এসেছি পার্টিতে আসবার জন্মে পোযাক চড়াচ্ছে।
বোধ হয় এসে পড়বে এখনি।

নীল সার্ট, লাল কোট আর হলদে ট্রাউজার পরে, একটা মাউথ অর্গান বাজাতে বাজাতে আসরে অভ্যাদিত হ'ল বেসিল। মরমে মরে গিয়ে বুড়ো মূর অক্ট্র আর্দ্তনাদ করলেন—হেভেনস্!

ক্লারা, আনা ও সিলভি আতকে শিউরে চেয়ার ছেড়ে বুড়ীদের গা

থেনে দাঁড়ালো। বুড়ো মূর বুকে সাহস বেঁধে বললেন,—তুমি ভূল করেছ বেসিল, এ ফ্যান্সি ডেসের আসর নয়।

মিদেস্ ওয়ান্টার—এটা ক্লাউনদের ক্লাব নয়।
মিদেস্ স্টোকস্—এটা জিপসিদের আড্ডা নয়।
মিদেস্ লেন—এটা সোসাইটী।

সকলের এই আপত্তি, বিক্ষোভ আর প্রশ্নের উত্তরে গালভরা হাসি হেদে বেসিল জানালো—খুব ক্ষিদে পেয়েছে না ?

ক্লারা, আনা ও দিলভি একদঙ্গে ঘর ছেড়ে চলে গেল। উচু হিল জুতোর দ্রুত ঠকঠকিতে বেজে উঠলো তকণীর হিয়ায় নিদারুণ ধিকার।

ছাগলের মত একটা লাফ দিয়ে উঠে বেসিল-ও চললো তরুণীদের অনুসরণ ক'রে। সিঁড়ির কাছেই শোনা গেল স্থতীত্র চিলের ডাকের মত তরুণীদের ভয়ার্স্ত চীৎকার। তারা সংজ্ঞা হারাবার উপক্রম করলো।

নিমন্ত্রিতেরা দৌড়ে এল সকলে। বুড়ো মূর গিয়ে থিম্চে ধরলেন বেসিলের কোটের কলার। পাইপটা দিয়ে থট্ করে মাথায় একটা গাঁটা মেরে সক্রোধে জিপ্তাসা করলেন— ভলে যাচ্ছ ?

বৃড়ীরা ততক্ষণে সপ্তমে গলা চড়িয়ে কোলাহল তুলেছে। ওয়ান্টীর গিন্দী রুমাল দিয়ে ক্লারাকে হাওয়া করতে করতে কটুকণ্ঠে ধমকে উঠলেন —শীগগির তোমার জিপসি ছোঁড়াকে সরিয়ে নিয়ে যাও মিষ্টার মূর। অতক্রতার সীমা আছে।

বুড়ো মূর বেদিলকে দেইভাবেই ধরে ছিলেন। এইবার একটি ঝাকানি দিয়ে বললেন—চল শুয়োর ঘরে। দেখাছি মজা।

যেতে যেতে বুড়ীদের দিকে বিষদৃষ্টি হেনে বললেন—জিপিদি ? মূর ক্যামিলির ছেলে জিপিদি ? ইউ ওয়ান্টার্স এণ্ড ফৌক্স্ এণ্ড লেন্স্…।

করিডরের প্রান্থে পৌছে আর একবার পেছনে তাকিয়ে বুড়ো মূর নিমন্বরে গালাগালিটা দিয়েই ফেললেন—ইউ হাফকান্ট মংগ্রেল্স।

বেসিল হো হো করে হেসে বললো—ঠিক বলেছ ড্যাড। যত সব পাগল!

বুড়ো মৃরের সত্যই ত্থাথের দিন আরম্ভ হয়েছে। বেসিলের উন্মন্ততা বেড়ে চলেছে উত্তরোত্তর। বুড়োর সকল যুক্তি অম্পনয় মিষ্টিকথা, সব নিক্ষল হয়েছে।

বেসিল সমস্তক্ষণ থাকে ঘরের বাইরে। দিখিজয়ীর উৎসাহ নিয়ে ঘুরে বেড়ায় পথে ঘাটে। বুড়ো মূর সমস্তক্ষণ বন্দী হয়ে পড়ে থাকেন বাংলোর ভেতর। সোসাইটিতে জার মূথ দেখাবার ত্রংসাহস নেই তার। সেখানে তার বিক্লদ্ধে অহনিশ ভৎ সনার বিরাম নেই। বেয়ারা খানসামার মূথে বেসিলের প্রাত্যহিক কীত্তিকলাপের থবর কানে জাসে। বুড়ো মনের স্থৈয় হারাতে বসেছে।

কিন্তু রেভারেও জ্যাক প্রায়ই আসেন। সান্ত্রনা দিয়ে বলেন—আশা ছেড় না মিস্টার মূর। আমি বলছি, প্রতিগাল বেসিল একদিন ফিরে আসবে স্থপথে।

সোসাইটীতে সকলে একবাক্যে ঘোষণা করেছে—পাগল না আরও কিছু! গভীর জলের বদমাস।

এ-বছরেও বেসিল হকি টুর্ণামেন্টে থেলতে নামলো, কিন্তু তরুণ সমিতির পক্ষে। জয়ী হলো তরুণ সমিতি। অক্যান্য টীমগুলো হিংসেয় মুসড়ে গেল বড়। সোসাইটীতে বুড়ো মুরের উদ্দেশে অভিশাপের বর্ষণ হয়ে গেল এক পশলা।

বেসিল ভিডেছে তরুণ সমিতির সঙ্গে। তরুণ সমিতি নিজেকে

ধন্ত মনে করলো এই খেতদীপবাদী থেলোয়াড়ের সাহচর্ঘ্য লাভ ক'রে। সেক্রেটারী ধীরেন উকীলের বাড়ীতে ভোজের ব্যবস্থা ক'রে বেদিলের সুষ্ঠ্যনা করা হলো।

বেদিল থিচুড়ি থাচ্ছে গোগ্রাদে। ধীরেনের জ্বেঠামশায় রিটায়ার্ড দাবজ্ব—শ্বদ্ধাপুত চক্ষে দেথছেন এ দৃষ্ট। বললেন—মাঝে মাঝে এ রকম
এক আঘটা মহাপ্রাণ ইংরেজ দেখা যায়। আমি চটকলের এক দাহেবকে
জানতাম, বেচারা কত ভক্তি করে সত্যনারায়ণের দিয়ী থেতা।

জেঠামশায় বেদিলের দক্ষে আলাপ করে বললেন—আমিতে না হয় আই পি এদ-এ ঢুকে পড় মিস্টার মূর। অফিদার না হ'লে কি তোমার মত ইংরেজকে শোভা পায় ?

বেসিল সরোজের কানে কানে জিজ্ঞাসা করলো—ভদ্রলোকের মাথার কোন দোষ আছে না কি ?

— आद्र ना, छेनि इरलन धीरत्रानत आकृल।

বেসিল হঠাং বড় অন্তমনম্ব হয়ে গেল। অভাগত কত ভদ্রলোক কত কুশলপ্রশ্ন করছেন, বেসিল সাড়া দিচ্ছে না কোন। সে তথন শুধু ঘাড়টা মোরগের মত কাং করে ঘন ঘন চোথ তুলে তাকাচ্ছে ওপরে দোতলার জানলার দিকে, যেখানে ধীরেনের স্ত্রী, বোন, ভাইঝি এবং আরও পাঁচ ছটি কৌতৃহলী তরুণীর মাথার জটলা।

এ অস্বন্থিকর দৃশুটা ভোজনরত তরুণ সমিতির সভ্যেরা সকলেই দেখলো। ধীরেন গম্ভীর হয়ে থেয়ে চললো তাড়াতাড়ি।

জানলার দিকে তাকিয়ে বেদিল ছাড়লো তীব্র কর্ণভেদী একটা শিষ।
কড়া মেজাজের লোক সরোজ। ভোজনাস্তে বাইরে গিয়েই চেপে
ধরলো বেদিলকে।—তুমি লেডিদের দিকে অমন অভন্রের মত তাকাচ্ছিলে
কেন ?

- —লেডি ? বেদিল আশ্চর্য্য হলো।
- —ই্যা, ঐ জানালার দিকে ?

বেদিল একগাল থেসে গলার স্বর নামিয়ে ফিন্ ফিন্ করে বললো— মেয়েগুলো অমন বিশ্রীভাবে তাকাচ্ছিল কেন বলতো ? উদ্দেশ্ত কি ?

— আবার বলে মেয়েগুলো! বাড়ির ঐ লেভিদের কথাই তো বলছি।

মুথ কাচু মাচু ক'রে, মাথার টুপিটা বুকে ঠেকিয়ে বেসিল বললো—দোষ হয়েছে, মাপ কর। লেডিদের ডাক একবার, মাপ চেয়ে নি।

- --না, থাক।
- —আমার অন্থরোধ, ডাক একবার।
- আঃ চুপ করো। তুমি জাননা তাই বলছো। হিন্দু লেডিরা পর-পুরুষের সামনে আদে না।

বেসিল আবার আশ্চর্য্য হয়ে কথাটার মর্ম্ম গ্রহণ করার চেষ্টা করলো।—পরপুরুষের সামনে আসে না? ভরা তা হ'লে বিয়ে করে কাকে?

সবোজ বেসিলের অবোধ্য থাটি বাঙলায় একটা গালাগালি দিয়ে চুপ করে গেল শুধু।

বেদিলের এই বেয়াড়াপনার জন্ম দকলের মনে যে একটু তিক্ততার স্টেনা করেছিল, কতকগুলো কারণে তা মুছে এল ক্রমশঃ। বড় দাদাদিধে এই সাহেবটা। থাওয়াতে থরচ করতে কত উদার। ক্লাবে মোটা চাঁদা দেয়, শিকারে ঘোরার যত পেট্রলের থরচ ও একাই বহন করে। ফ্যাকাদে বান্ধালী ছেলের মনে যতটুকু দেমাক থাকার কথা, এই থাঁটি দাদাচামড়া দাহেবের মনে তাও নেই। মেমসাহেবেরা একে

পাগলা অপবাদ দেবে না কেন ? নইলে ওদের আভিজাত্যের পায়া ভারি । থাকে কি ক'রে 
।

সরোজের বাড়ীতে সরস্বতী পূজোর ধুম। অনাছত বেসিল নিজেই পৌছে গেল। সরস্বতা মূর্ত্তির দিকে তাকিয়ে সিগারেটের ধোঁয়া ছাড়ে আর ফিকু ফিকু করে হাসে।

ধর্মশীল সরোজ ক্ষ্ম হ'ল মনে মনে। প্রকাশ্যে বললো—তুমি এসেছ ? যাক ভালোই। তবে জতো পায়ে অতটা এগিয়ে যেওনা।

বেসিল বললো—দেখছি তোমাদের আইডল। বেশ মেয়েটি, আমার বড় পছনদ ২য়।

বেসিলকে আড়ালে ডেকে নিয়ে গিয়ে সরোজ বুঝিয়ে দিলো—খুব ভেবে চিন্তে কথা বলবে। কণ্পনো কারোধর্ম নিয়ে ফষ্টি করবে না। কোন হিন্দু তা সহ্য করে না।

বেদিল দক্ষে সঙ্গে দবিনয়ে মাপ চাইলো—আচ্ছা, কথা ঘুরিয়ে নিচ্ছি।—তোমাদের আইডল আমার পছন্দ হয় না। হলো তো ?

তরুণ সমিতির থিয়েটার হবে। সব চেয়ে বেশী চাদা দিল আর পরিশ্রম করলো বেসিল। ষ্টেন্স বাঁধা ব্যাপারে একাই দশটা কুলির কান্স ক'রে দিল। তুপুরে বসে বসে গ্যাসবাতিগুলো বেসিলই ঘসে মেন্সে পরিষ্কার ক'রে রেথে গেল।

গ্রীণরুমে দবে আলো জলেছে। হুমড়ি দিয়ে চুকলো বেদিল।
—Where are the heroines?

বীরেন ও রেবতী তথন দাড়ি কামানো আরম্ভ করেছে মাত্র। সরোজ বেসিলকে দেখিয়ে দিয়ে বললো—ঐ যে ওরা। এথনো ডেুস করে নি।

বিম্চের মত দাঁড়িয়ে রইলো বেসিল। তারপর অত্যন্ত বিশ্রীভাবে মুথ ভেংচে বললো—পাগলামি পেয়েছ ইডিয়টস্ ? দাঁড়াও!

পট পট ক'রে সব গ্যাসবাতিগুলো নিভিয়ে দিয়ে বেসিল সরে পড়লো। সরোজ প্রতিজ্ঞা করলো—এর প্রতিফল ব্ঝিয়ে দেব ব্যাটাকে। সেবার মাপ চাইতে ছেড়ে দিয়েছি। আবার বেয়াড়াপন, স্বক্ষ করেছে!

তরুণ সমিতির ভুল ভাঙছে ক্রমশঃ। ধীরেন হয়েছে সব চেয়ে অতিষ্ঠ। রাত-বেরাতে গিয়ে বেসিল ডাকাডাকি করে। কগনো আবার নিঃশব্দে এসে বাগানের ফুলগাছের আড়ালে চোরের মত বসে থাকে। অনেক বোঝানো হয়েছে, কিন্তু কিছুই গ্রাহ্ম করছে না। ক্রেঠামশায় ধীরেনকে শাসিয়েছেন—এ রূপী বাঁদর যদি আবার বাড়ী চড়ে হল্লা করে তবে ওকে এবং তোমাকেও থড়ম পেটা করবো।

তবুও বেসিল মাঝরাত্রে এল ধীরেনকে ডাকতে। জেঠামশায় একটা হেস্ত নেস্ত করবার জন্ম বেরিয়ে এলেন।

বেসিল জেঠামশায়কে দেখেই কুশল জিজ্ঞাসা করলো—কেমন আছ সিক ডগ. ?

ধীরেনও এল। জেঠামশায় ক্রোধান্ধ হয়ে বললেন—এটা একের নম্বরের হারামজাদা হে ধীরেন। এই মাত্র কি বলেছে শুনেছ ?

বেসিল পকেট থেকে বার করলো একটা বোতল আর ছোট একটা গেলাস। হৃষ্কার দিয়ে উঠলেন জ্বেঠামশায়—এই খবরদার। মগু টগু থেতে হয় ষ্টেশনের পায়খানায় বসে থেগে যা। ওঠ এখান থেকে।

অবিচলিত বেসিল বল্লো—চটো কেন আঙ্কল্? একে বলে হোলি ওয়াটার; ধীরেন খুব রেলিশ করে।

ধীরেনের মুথের দিকে জ্বলস্ত চক্ষ্পিও ছটি তুলে জ্বেঠামশায় তাকিয়ে রইলেন।

এতদিনে তরুণ সমিতি বুঝেছে যে বেসিল আসলে পাগল নয়। ও অন্ত কিছু। পেটে পেটে স্ক্ষ একটা উদ্দেশ্য খেলছে। ওর সঙ্গ আর কোন ভদ্রলোকের পক্ষে নিরাপদ নয়। ধর্মে পর্যন্ত হস্তক্ষেপ করছে।

প্রত্যেকেই নিজের নিজের সম্মান ও প্রতিষ্ঠা বাঁচাতে তৎপর হয়ে উঠলো। তরুণ সমিতি আর বেসিলের অস্তরঙ্গতায় ভাঙন ধরলো এতদিনে।

এবারের হকি টুর্ণামেন্টে বেদিল খেললো বাহাত্ব ক্লাবের পক্ষে। বাহাত্ব কিলাব—বিড়িওয়ালা অক্ষয় যার দিকটারী, লতিফ মিস্ত্রি যার মানিজার, সজ্ঞীওয়ালা প্রাণকুমার যার পিদিডেন। এ ক্লাবের খেলোয়াডেরা বেশীর ভাগই মোটর বাদের খালাসী।

উন্নাসিক উন্নায় ভদ্রলোকেরা মন্তব্য করলেন,—ইস্, অধঃপতন দেখি অনেক দূর গড়িয়ে গেছে। সকলে লজ্জিত হলেন এই কথাটা ভেবে, একদিন এই নিরুষ্ট কচির লোকটাকেই তাদের ক্লাবে পেয়ে ধন্য হয়েছিলেন তারা।

বেসিলের অধংপতন হয়েছে, কথাটা মিথ্যে নয়। কোন আপত্তি ওর গতিরোধ করতে পারছে না। অজস্র মৃঢ্তার অণু পরমাণু দিয়ে ও গ'ড়ে তুলেছে নিজের এক বিচিত্র ব্রহ্মাণ্ড। এক বিজাগতিক আহলাদে মজে আছে ওর সমস্ত সত্তা। কী অপ্রমেয় উৎসাহে, অভুত ক্ষ্রধার নিষ্ঠার সঙ্গে স্তরে স্তরে সংসারের মাটি কেটে নীচে নেমে চলেছে সে। কোথায় যে পাগলের কোহিত্বর লুকিয়ে আছে তা সে-ই জানে।

বেসিলকে দেখা যায় খুব ভোরে—হরিপদর রেস্টোরেণ্টে বসে পরম তৃপ্তির সঙ্গে থাচ্ছে চা ও সিঙ্গাড়া। পকেট হাতড়ালে তুচারটে বিড়িও

85

পাওয়া যায় আজকাল। চুপুরে লতিফের আড্ডায় বসে তবলা পেটাপেটি করে। বিকেলে অক্ষয়ের বিড়ির দোকানে বেঞ্চের ওপর শুয়ে শুয়ে গ্রামোফোনের বাজনা শোনে। তালে তালে কাঁপিয়ে কাঁপিয়ে মিঠে শিষ দেয়।

অপরিচিত কেউ এমন দীনহীন সাহেবকে দেখে মাঝে মাঝে দয়ার্দ্র ভাষায় প্রশ্ন করে—তোমার বাড়ী কোথায় সাহেব ? বেসিল গন্তীরভাবে সঙ্গে সঙ্গে জবাব দেয়—বেনারস।

সমন্ত দিন যেখানেই থাক, সন্ধ্যে হ'লে বেসিল অবধার্য্য পৌছে যায় প্রাণকুমারের বাড়ী। তার সান্ধ্য আড্ডা এইখানে।

কলকাতা থেকে গুণ্ডা আইনে তাড়া থেয়ে প্রাণকুমার এথানে এসে সন্ধীর দোকান করেছে। সপরিবারে ভাল মান্থধের মত দিন্যাপন করে আক্ষকাল। পরিবারের মধ্যে স্ত্রী ও ছেলে—চম্পা আর কেষ্ট।

প্রথম দিন। প্রাণকুমারের বাড়ীর দাওয়ায় চাটাইয়ের ওপর বদলো ছই বন্ধুতে। কুলুদ্ধি থেকে প্রাণকুমার নামালো ধেনো মদের বোতল। কপাটের ফাঁকে উকি দিয়ে দাঁড়িয়ে রইলো চম্পা। বিস্মিত হয়ে বার বার দেখলো বেদিলকে, ভিন্ন গ্রহের জীব আজকের এই নতুন অতিথিকে। বেদিলও যেন থেকে থেকে চমকে উঠলো অদৃশ্য কাঁচের চুড়ির ঠুন্কো হাদির শব্দে। আধতেজান কপাট লক্ষ্য করে ছুটে গেল তার শর্বং দৃষ্টি—বার বার।

পানীয় নিংশেষ হতে প্রাণকুমার ডাকলো—এবার খাবার দিয়ে যাও।

চম্পা পর্দানশীন নয়। পর-পুরুষের সামনে বের হতে লজ্জা বোধ করবে চম্পা সে জাতের বা সে সমাজের মেয়ে নয়। আগে ঠিক

এইথানেই দাওৱার ওপর বসতো জুয়াড়ীর আড্ডা। বথরা নিয়ে যথন হাতাহাতির যোগাড় হতো তথন চম্পাই এসে প্রাণকুমারকে ঠেলে নিয়ে বন্ধ করতো ঘরে। ঝাঁটা হাতে সামনে দাড়াতেই সব জুয়াড়ী সরে পড়তো একে একে।

আজ ঘরের ভেতর দাঁড়িয়ে চম্পা ঘেমে উঠলো। লঙ্কা করছে তার। নিজেরই কাছে এ লঙ্কা ধরা পড়ে চম্পা আরও লঙ্কিত হলো।

আবার এলো ডাক—থাবার দাও শীগগির। অগত্যা আসতে হলো চম্পাকে। তুটো থালায় কটি তরকারী বয়ে নিয়ে সসকোচে চম্পা বেরিয়ে আসতেই বেসিল ব্যস্ত হয়ে টুপি হাতে উঠে দাড়ালো। প্রাণকুমার বললো—থাক্ হয়েছে, তুমি বসো। বেশী কায়দা করতে হবে না।

বেসিল পর পর তিনটে গান শোনালো। চম্পা ঘরের ভেতর লুটিয়ে পড়তে লাগলো হেসে হেসে।

অনেক রাত্রে বাড়ী ফিরে বেদিল দেখলো বুড়ো মূর তখনে। বাগানে একটা দোফায় মুসড়ে নিঝুম হয়ে পড়ে আছে। বুড়োর হাঁটুতে হাত রেথে বেদিল ডাকলো—ডাাড।

- —কে, বেসিল।
- —স্থেদংবাদ ড্যাড। আজ একজন ইণ্ডিয়ান লেডির সঙ্গে পরিচয় হলো।

তুচোথ বিক্ষারিত করলেন বুড়ো মূর।—সর্বনাশ ! ভূল করেছ ডিয়ার বয়, মস্ত ভূল করেছ। ইণ্ডিয়ানদের মধ্যে লেডি হয় না। তুমি সয়তানের ছায়া দেখেছ।

বেসিল ওঠবার উপক্রম করতেই বুড়ো খুব মিস্টি করে বললেন—শোন বেসিল, কথা আছে। আর্মি হেড কোয়ার্টার থেকে ভোমার কাজের চিঠি এসেছে। বল, কি উত্তর দিই ?

# **क** जिल

- —লিখে দাও, বেদিল মূর একজন পাগল।
- দূর হও। দূর হও।
- তুঃধ করো না ড্যাড। আমি ভেবে দেখেছি আমি একজন পাগল।

প্রাণকুমারের বাড়ীর সান্ধ্য আড্ডাই এখন বেসিলের সমস্ত দিনের ধ্যান। প্রাণকুমারও ওকে অবাধ প্রশ্রম দিয়েছে। এখানে ওখানে হু'চারটে নিন্দের কথাও ওঠেনি তা নয়। তবুও।

নেশায় যখন প্রাণকুমার ঢলে আসে, বেসিলের চোথে তখন রং লাগে শুধু। হেঁড়ে গলায় চেঁচিয়ে কেষ্টকে ডাকতে থাকে—কিসটো কিসটো। চম্পা অগত্যা বেরিয়ে এসে বলে—চেঁচিও না, আমার নিন্দে হয় জান ?

- —আচ্ছা বেশ। কিসটোকে পাঠিয়ে দাও, ওকে আদর করবো।
- —না, এখন বাড়ী যাও। রাত হয়েছে।

এমনি এক বৈঠকে, প্রাণকুমারের নেশার জোর সেদিন একটু মাত্রার বাইরে। বললো—এ জীবন আর ভাল লাগে না। আমি মরবো।

বেসিল বললো—তুমি নির্ভয়ে মর। তোমার বউ ছেলের চার্জ নেব আমি।

—শালা মনছদ্! প্রাণকুমার খালি বোতলটা তুলে নিয়ে বেসিলের কানের ওপর জমিয়ে দিল প্রচণ্ড এক আঘাত। ছহাতে মাথা চেপে শুদ্ধ হয়ের বসে রইলো বেসিল। চম্পা বিদ্যাদ্বেগ বেরিয়ে এসে প্রাণকুমারের হাত থেকে কেড়ে নিল বোতলটা। বললে:—কালাপানি যাবার সথ হয়েছে ?

বেসিলের কোটের আন্তিন থেকে রক্ত ঝরে পড়ছে ফোঁটা ফোঁটা। চম্পা ডাকলো—সাহেব। বেসিল সাড়া দিল না কোন।

## শক থেৱাপী

চুপ করে দাঁড়িয়ে রইল চম্পা। তারপর সোনালী চুলে ভরা বেসিলের মাথায় হাতটা রেথে আল্ডে আল্ডে আবার ডাকলো—বেসিল ? সাহেব ? অর্দ্ধনিমীলিত চোথে প্রাণকুমার আবার তর্জ্জন করে বোতলটা ভূলবার চেষ্টা করলো—এঁয়া চোথের সামনেই…।

হঠাৎ বেদিল উঠে বললো—মাপ করো। আমি আর কথনো ওকথা বলবো না। গুড বাই।

পরদিন প্রাতে বেসিলকে সহরে দেখলে। না কেউ। খবরাখবরে সকলেই জানলো কি ব্যাপার। অক্ষয়, লতিক, আরো অনেকে নারমূর্ত্তি হয়ে প্রাণকুমারকে চেপে ধরলো। —ক্ষ্যাপাটে বলেই তুমি ওকে কসাইয়ের মত মারবে? ওরই প্রসায় ঘটি ঘটি মদ গিলছো রোজ, লজ্জা করে না? বাঘ না হয় তার পরিচয় ভূলে ভেড়ার দলে মিশেছে। তা বলে তাকে গুঁতোতে হবে?

চম্পা স্পষ্ট জানালো প্রাণকুমারকে—কিছু শুনবো না। যাও, যেথানে বেসিল আছে নিয়ে এস। নিশ্চয় জ্বথম হয়ে ও কোথায় পড়ে আছে। ঐ জ্বথম তোমাকেই ভাল করতে হবে।

একজন কনেষ্টবল সঙ্গে নিয়ে পুলিশ ইন্সপেক্টর এলেন।—বুড়ো মূর সাহেবের ছেলেকে মেরেছ তুমি ? গুণ্ডামি করে স'রে যাবে মনে করেছ ? ইন্সপেক্টর প্রাণকুমারের একটা কান মুঠো করে ধরলেন।

মাথায় পটিবাঁধা বেসিল সাইকেল থেকে হঠাৎ এসে নামলো। সটান এসে জিজ্ঞাসা করলো—তুমি কে ?

- —আমি রায় বাহাত্র মহেশ্রী সিং, ইন্সপেক্টর অব পুলিশ।
- —লুক হিয়ার পুলিশ ম্যান! তুমি যদি আমার কোন ব্যাপারে নাক ঢোকাতে আস, তা হ'লে সে নাক আমি এই রকম সমতল করে দেব। বেসিল তার জুতোর সোলটা তুলে দেখিয়ে দিল।

পুলিশ ইন্সপেক্টর চাপা রাগে ফুলে ফুলে বললেন—বেশ, তোমার বাবার অম্পরোধ মত আমি ভাল করতে এসেছিলাম। এবার তাকে গিয়েই সব বলছি।

# —হাা, যাও ু

এদিকে ওদিকে বেসিলের আর জ্রাক্ষেপ নেই। সোজা দাওয়াফ উঠে ডাকলো—কিসটো! কিসটো! কপাটের ফাঁকে দেখা দিল চুড়িপর, হাত আর শাডীর আঁচল।

লতিফ সকলকে উদ্দেশ্য করে বললে:—চলো ইয়ার ! আমরা বৃথা কেন আর এথানে !

অক্ষয় বললো—ইয়া চলো। এ বিলিতি সরবত বাবা। বড্ডো স্থগার!

প্রাণকুমারের পরিবর্ত্তন এসেছে। সংসারে এবার থেকে সে বেশ একটু আলগা হয়ে থাকছে যেন। বেসিলের মাথা ফাটানোর পর থেকে নিরম্ভর একটা অন্থশোচনা তাকে নরম করে দিয়েছে বড়। কোন ব্যাপারে আজকাল প্রতিবাদ তো করেই না, এমনিতেই কথা বলে কম।

চম্পারও পরিবর্ত্তন কিছু কম নয়। সন্ধ্যে হবার আগেই প্রত্যহ তার প্রসাধনের ব্যস্ততা বেড়ে উঠেছে অনেক। এক ছাঁদে তুটো দিন আর থোপা বাঁধে না। রকম সকম দেখে প্রাণকুমার তু'একবার ঠাট্টাও করেছে—কি ব্যাপার ? মেমদের ভাত মারবে না কি ?

এদিকের আকাশে ধীরে মিইয়ে এল গোধুলির ছটা। ওদিকে ঝাউবনের মাথার ওপর জাঁকিয়ে ভেসে উঠলো পূর্নিমা চাঁদ। তিন শো চৌষটি দিনের সব হিসেব ভূল করার লগ্ন এল ঘনিয়ে। আজকের

এই জ্যোৎস্নার দঙ্গে প্রগল্ভ বেদনায় অন্থির হয়ে উঠবে নরনারীর স্নায়। আজ হোলি উৎসব।

চকবাজারে আবীরের ঝড় উঠেছে। উদ্দাম ঢোলকের বান্ত, চীৎকার, নাচ, থিস্তি, গান আর কুস্কুমের মার চলেছে সেখানে। পিচকারী বৃদ্ধে চকের পথটাও রঙে রঙে বিচিত্রিত। মাতালের বমির উপদ্রবে ডেনের ব্যাংগুলো উঠে পড়েছে সড়কে।

শ'পাঁচেক উৎসাহী দর্শক বৃত্তাকারে ঘিরে ডোমেদের সং দেখছে।
তারই মাঝখানে গাধার পিঠে চডে পাগলা বেদিল—মাধায় টোপরের
মত একটা বিষ্কৃটের টিন। ডোম ছেলেরা বিকট উল্লাসে চীৎকার করে
বেদিলের গায়ে ছুঁড়ে মারছে মুঠো মুঠো ফাগ। বেদিলও অফুপ্রাণিত
হয়ে গাধার পেটে লাখি মেরে চকর দিচ্ছে বোঁ বোঁ করে। মাঝে মাঝে
ধেনো মদের বোতল মুখে উপুড় করে ঢেলে নিচ্ছে এক এক ঝলক, আর
কড় কড় করে চকোলেট চিবিয়ে চলেছে।

চম্পা আজ তুপুর থেকে ঘরে বদে রাশ্লা করেছে নানা রকম স্থাতা। আজ ঘরের বাইরে একটু উঁকি দিয়ে দেখবারও উপায় নেই। দেই মূহুর্ত্তে পথের ভীড় থেকে হাজার হাজার গলায় গর্জে উঠবে পেউড়ের উল্লাস।

চম্পা আজ পরেছে উৎসবের বেশ। ডুরে শাড়ী আর জরদা রঙের ঝুলা, তার ওপর রূপোর আভরণ। কোমরে ছড়িয়ে দিয়েছে চওড়া বিছুয়া, হাতে বাজু আর কন্ধন, গলায় হাঁস্থলি আর তুপায়ে ঘুঙুরদার ছড়া। স্বর্মা টেনে চোথের টানা বাড়িয়েছে চিত্রা হরিণের মত।

চম্পা জানে প্রাণকুমার আজ আসবে না। কোন বছরই হোলির দিনে সে থাকে না। ছটো দিন নিশ্চিক্ত হয়ে কোথায় মিলিয়ে যায়।

কিন্তু। চম্পা আজ ভাবছে—বেদিল যদি আদে।

দাওয়ার ওপর মচ মচ জুতোর আওয়াজ। এক মুঠো ফাগ নিয়ে বেদিল এদে দাঁডালো।

-- 5 mp 1

ঘরের ভেতর শিউরে উঠলো চম্পা। বেসিল আজ তারই নাম ধরে ডাকছে, অগুদিন ডাকে কেস্টোকে।

—আজ হোলি হায় চম্পা!

বাইরে আসতে হলো চম্পাকে। বেসিল হাতের ফাগ নিয়ে লেপে দিলো চম্পার মুথে। আঁচলে চোথ মুথ মুছে একটু স্থন্থির হয়ে চম্পা দাঁড়িয়ে রইলো।

নেশায় তরল চোথের তার। তুটো তুলে চম্পার দিকে তাকিয়ে বেদিল বললো—চম্পা।

- কি বেসিল।
- —তোমায় আজ একটা কথা বলবো। এবার চম্পার নিংশাস রুদ্ধ হয়ে এল। পালিয়ে যেতেও অক্ষম—পা হুটো অচল অনড় হয়ে গেছে। একটু ভেবে নিয়ে চম্পা শেষে হাত জোড় করলো। মিনতি করে বললো—না, বলো না।
  - —উপায় নেই। আমি বলবোই।
  - -ना, वर्ला ना व्यक्ति।

মাথাটা থেকে থেকে ঝুঁকে পড়ছে সামনে। কপালটা একহাতে টিপে ধরে বেসিল তবুও দাঁড়িয়ে। চম্পা কপালের ঘাম আর চোথের কোণ্ ঘটো আঁচলে মুছে নিয়ে যেন দম ছেড়ে নিল। বললো—আচ্ছা, আর একদিন বোলো।

—গুড নাইট ! বেসিল শীষ বাজিয়ে সটান চলে এসে একটা বিক্সার

ওপর বসলো তালগোল পাকিয়ে।—চলো, দি রিট্রীট ! গান ধরলো গলা খুলে—

> ...There was a green hill far away And I saw her in a silvery night...

উৎসবের প্রমন্ততা শেষ হয়ে আসে অবসাদ। চম্পার এল জ্বর—শুধু জ্বর। প্রথম দিন থেকেই বেহুঁস। প্রাণকুমার চিকিৎসার ক্রটি করলো না। চম্পারই উৎসব দিনের আভরণগুলো একে একে বিক্রী করে ডাজার আর ওয়ুধের ধরচ জোগানো হলো—ক্রমাগত সাত দিন ধ'রে।

হকি ম্যাচ থেকে ফিরে এসে বেসিল দেখলো সিভিল সার্জন মিত্র সাহেব চম্পাকে দেখে চলে যাচ্ছেন। পথরোধ করে দাঁড়ালো বেসিল— কি সার্জন ? কার ট্রিটমেন্ট করছো? রোগীর না তোমার মনিব্যাগের ?

- —কি বল্লে ? আমার ট্রিটমেন্টের কমপ্লেন করছো? তোমার সাহস তো খুব!
- —সেই তো আমার ছঃখ। তোমাকে জেলে দেওয়া উচিত, তা না করে শুধু কমপ্লেন করতে হচ্ছে।
- —ভাল ক'রে কথা বল মিটার মূর। আমরা শুধু ভাল ট্রিটমে**ন্ট** করতে পারি। ভাল করা ভগবানের হাত।

বেদিল চট্ করে মাথার টুপিটা খুলে ভিক্ষেপাত্রের মত ধরলো মিত্র সাহেবের সামনে। বললো—যা কিছু ফী নিয়েছ ফেরত দাও। প্লাজ। গুগুলো ভগবানকেই দেব।

প্রাণকুমার এসে বেদিলকে সরিয়ে নিয়ে গেল। বেতে যেতেই বেদিল আরও ত্চারটে কথা শুনিয়ে দিয়ে গেল—আমার উপদেশ শোন সার্জন। শুয়োরের হাসপাতালে কাজ নাও। ধরা কমপ্লেন করেনা।

প্রাণকুমারকে বেদিল বোঝালো—এদের ভরদা ছাড়। এরা বড় বৃদ্ধিমান। আমি নিয়ে আদছি একজন এপথিকারী। ওদের বৃদ্ধি কম —সর্বানাশও করে কম।

সন্ধ্যের অন্ধকারে বেদিল সহরের দব অলি গলি ঘুরে বেড়ালো।
একটা ইংরাজীতে লেখা বিবর্ণ দাইনবোর্ড খুব মনোযোগ দিয়ে পড়ে নিফে
সে বাড়ীটার বারান্দায় উঠে ডাকলো—কবিরাজা।

কেরোসিনের ডিবরি হাতে অতি সম্বর্পণে বেরিয়ে এল লাটু কবরেজ। বেসিলকে দেখে পাশুটে হয়ে গেল তার মুখের রং। বললো—আমি তো সঞ্জীবনী রাখিনা সাহেব।

- জব ভালো করতে পার ? ভাল ফী দেব।
- ধড়ে প্রাণ এল লাটুর।—জর ? আমার খলের আওয়াজে জর পালায়।
- --একদিনে পারবে গ
- —এক ঘণ্টায় পারবো। তবে ঐ বা বলে !
- --- আচ্ছা এস।
- —নাড়ী দেথবার জন্মে কিন্তু একুসট্রা ছ' আনা নেব।
- —বেশ পাবে।
- —আর, মোক্ষম ওধুধ চাও তো সাত আনা লাগবে বলে দিচ্ছি।
- —হাঁ। পাবে। শীগগির চলো ম্যান।

লাটু তব্ও বদে রইলো। আমতা আমতা করে ত্বার মাথা চূলকে বিনীত ভাবে বললো—সাহেব, আদ্দেক এড্ভান্স কর মাইরী!

—হোয়াট ম্যাডনেস! বেদিল লাটুর হাতে একটা দিকি ধরিয়ে দিয়ে তাকে নিয়ে একরকম দৌড়েই পৌছল প্রাণকুমারের বাড়ী। চম্পার তথন স্মার জব নেই; হিম হয়ে এসেছে হাত পা। হেঁচকি স্মারস্ক হয়েছে।

আজ বেসিলের সান্ধ্য আড্ডা কাটলো আবগারী দোকানে। প্রচুর

মদ থেয়ে এসে শুয়ে রইলো প্রাণকুমারের সঞ্জীর দোকানে—বেগুনের মৃড়িগুলোর ওপর। গভীর রাত্রে পথে যেতে অনেকে শুনলো পাগলা বেসিলের কাত্রানি। —সাহেবটা আজ বেহেড হয়েছে।

ভোরে, স্থা ওঠার আগেই। চম্পাকে থাটিয়ায় তুলে নিয়ে শ্মশান-যাত্রী কুটুমেরা চলেছে। কেষ্টকে কোলে করে সঙ্গে চলেছে প্রাণকুমার। পেছনে বাহাত্ত্র ক্লাবের বিমর্থ সভ্যবৃদ্ধ—লতিফ, অক্ষয়, আরও অনেকে। সবার পেছনে হকি ষ্টিক কাঁণে, একটা লম্বা থড় দাঁতে চেপে চলেছে বেদিল।

ক্ষীরগাঁও নদী—ফালির মত ঝিক্ঝিকে লঘু জলের স্রোত; চওড়া বালির চড়া। তারই উপর এক জারগার চিতা সাজানো হয়েছে। মৃড়িপোড়া বাম্নেরা একটা আগুনের কুগু রচনা করেছে—চন্দনকাঠ কাটছে কুচো কুচো করে। একটু দূরে বালির চিবির ওপর বসে আছে অক্ষয়, লতিফ আর বেদিল—অনাস্থায় শ্বশানবন্ধুর দল।

চম্পাকে থাটিয়ে থেকে নামিয়ে স্রোতের ওপর শোয়ানো হলে। শবস্নানের জন্ত। একটু গভীরজলে নিমে বার ছয়েক চুবিয়ে বালির চডার ওপর রাথা হ'ল।

কে একজন বললো—হাতের চ্ড়িগুলো রাগতে নেই। সঙ্গে সঙ্গে আর একজন একটা পাথর দিয়ে চম্পার কন্ধি ত্টো পিটিয়ে পিটিয়ে রূপোর চূড়ি তুগাছি খুলে নিলো।

পুরুত মিদিরজি বললেন—এবার ঘি লেপে দাও সর্বাঙ্গে।

প্রাণকুমার এক থাবা ঘি নিয়ে মাথাতে লাগলো চম্পার পায়ে বুকে মাথায়। মিসিরজি বললেন—মাথ মাথ। এ সব কাজ একটু শক্ত হৃদয়ে করতে হয়। আত্মা যথন চলে যায় তথন আর কি থাকে? মিটিকা পুত্লা। এতে আবার লজ্জা!

হকি ষ্টিকটাকে শক্ত মুঠোয় ধরে বেদিল ততক্ষণে উঠে দাঁড়িয়েছে। বাতাদে ফর ফর করে উড়ছে ওর গলার লালরঙা টাই।

লভিফ বললো—বসো বেদিল। বদে বদে দেখ।

—ना, वमरवा ना । टिविवन । अवा त्वाष्टे कवरव **এ**थनि ।

মিসিরজি মন্ত্র পড়ছেন—ওঁ দেবাশ্চাগ্নি মুখা সর্বে হুতাশনং গৃহীত্বা···।

প্রাণকুমার ঘি মাখিয়ে চলেছে। বালিমাথা চম্পার মাথাটা ঠক্ ঠক্ করে কাঁপছে শাস্ত্রাচারের দাপটে। এলো চুলে লেগে আছে একটা শ্রাওলার চাপড়া। ভেজা ডুরে শাড়ী শ্রথ হয়ে লুটিয়ে পড়েছে বালির ওপর।

হঠাং একটা পোড়া ইট ভীমবেগে মিদিরজির বুকে এসে আঘাত করলো।—বাপ রে বাপ। মিদিরজি বুকে হাত দিয়ে বদে পড়লেন। লতিক আর অক্ষয় চেঁচালো—ধর ধর, পাকডো।

—You Cannibals! বেদিল হকি ষ্টিক হাতে ঝাঁপিয়ে পড়লো 
শ্বশানবন্ধ জনতার ওপর। প্রাণকুমার এসে ধরলো বেদিলের চুলের ঝুঁটি।
বেদিল আজ আর কাউকে চিনতে পারছে না যেন। থর থর করে
কাঁপছে ওর চোয়ালের হাড়। নীল চোথ ছটো তেতে জ্বলছে ম্পিরিটষ্টোভের স্থির শিথার মত। লালম্পের কুঞ্চিত মাংদের রেথায় রেথায়
প্রতিহিংসা মূর্ত্ত হয়ে উঠেছে।

শাশানকুটুমেরা ততক্ষণে কুড়িয়ে নিয়েছে এক একটা বাঁশ। ছমিনিটের মারেই বেসিলের হকি ষ্টিক খদে পড়লো হাত থেকে। লতিফেরা এসে ওকে একরকম হেঁচড়ে নিয়েই চলে গেল। পরিপ্রান্ত অক্ষয় হাঁফ ছেড়ে বললো—উ:, বিলিতি পাগল; ভূতের চেয়েও সাংঘাতিক।

শ্মশান থেকে অনেকটা দূরে গিয়ে লতিফ বেসিলকে ছেড়ে দিয়ে বললো—এবার বাড়ী যাও, বেসিল।

ক্ষীরগাঁও নদীর সর্পিল বালুরেখা ধরে বেসিল চললো। তুপুরের স্থ্য তেতে উঠেছে। কাকের দল নেমেছে স্রোতের জলে পাখা ধুতে। বালিয়াড়ির মরা গুগ লি শামুক মাড়িয়ে বেসিল চললো।

সামনে পাহাড়তলীর চড়াই; পেছনে বিস্তীর্ণ ধানক্ষেত; অদ্রে ইউকালিপটাসের ছায়ায় নিরুম—দি রিটিট।

এখানে দেখবার কেউ নেই। বেদিল শুয়ে পড়লো ঘাদের ওপর। বিকেল শেষ হ'ল, রোদ পড়ে সন্ধ্যে হ'ল। ঘূঘুর দল আশে পাশে ধানের শীষ থেয়ে চলে গেল। বেদিল টের পেল না কিছুই।

ঘুম ভেঙে বেদিল প্রথম চোগ মেলে দেগলো—দামনেই কাদেলের পিনাকেল; পাশে বড় একটা তারা উঠেছে। পেছনের অন্ধকারে, দিগন্ত-জোড়া ম্বল্যাণ্ডের বৃকে যেন পুঞ্জ পুঞ্জ কুয়াশা রয়েছে থমকে। একটা লাক ডেকে ডেকে উড়ে চলে গেল দূর হিলকের দিকে। এগিয়ে চললো বেদিল।

বাঁয়ে মাচান করা আঙুরের ইয়ার্ড ফেলে, মাঠভরা ভেজা ডেজি
মাড়িয়ে বেদিল এগিয়ে চলেছে। আজ বাতাদে থেকে থেকে ভেদে
আসছে এপ্রিল দিনের অকিডের মৃত্ স্থান্ধ। অলিভ গ্রোভের অন্ধকার
থেকে এক ঝাঁক ম্যাগপাই উড়ে পালিয়ে গেল তার পায়ের শব্দে। জার্ণ
অ্যাবির ইট পাথরের স্কুপ থেকে ভেদে আসছে ঝিঁঝিঁর ডাক।

এবার বেদিল পৌছেছে ডাইকের কাছে। পুরানো সাঁকোর ওপর দাঁড়িয়ে শুনলো—হছ দূরে ঝণার জলধারা গানের মত কাউণ্টি চার্চের অর্কেপ্তা। সামনেই বেলে পাথরের র্যাম্পার্ট—ভারপর ফটক। নিরেট শতান্ধীর বাসা ঐ কাসেল। পিতামহের স্মেহে চেয়ে রয়েছে তার প্রতীক্ষায়।

বেদিল বেশ বুঝলো, তার ধমনী থেকে আজ নেমে গেছে একটা বিষের ভার। নতুন রকম লাগছে আজকের নিঃখাস।

# অযান্ত্ৰিক

বিমলের একগ্রহামি যেমন অব্যয়, তেমনি অক্ষয় তার এ
ট্যাক্সিটার পরমায়। সাবেক আমলের একটা ফোর্ড—প্রাগৈতিহাসিক
গঠন, সর্ব্বাঙ্গে একটা কদর্য্য দীনতার ছাপ। যে নেহাং দায়ে পড়েছে
বা জীবনে মোটর দেখেনি, সে ছাড়া আর কেউ ভুলেও বিমলের ট্যাক্সির
ছায়া মাড়ায় না। দেখতে এমনি জবুখবু কিন্তু কাজের বেলায় অভুত-কর্মা। বড বড় চাইগাড়ীর পক্ষে যা অসাধ্য, তা এর কাছে
অবলীলা। এই ছুর্গম অভ্রখনি অঞ্চলের ভাঙ্গাচোরা ভয়াবহ জংলীপথে
—ঘোর বর্ধার রাত্রে—যখন ভাড়া নিয়ে ছুটতে সব গাড়ীই নারাজ,
তখন সেখানে অকুতোভরে এগিয়ে যেতে পারে শুধু বিমলের এই
পরম প্রবীণ ট্যাক্সিটী। তাই স্বাই যখন জ্বাব দিয়ে স্বরে পড়ে
—এক্মাত্র তখনি শুধু গরজের খাতিরে আসে তার ডাক, তার
আগে নয়।

ট্যাক্সি স্ট্যাণ্ডে সারি সারি জমকালে। তরুণ নিউ মডেলের মধ্যে বিমলের বুড়ো ফোর্ড দাঁড়িয়ে দাঁড়িয়ে বিমায়—জটায়ুর মত তার জরাভার নিয়ে। বাস্তবিক বড় দৃষ্টিকটু। তালিমারা হুড, স্থম্থের আর্শিটা ভাঙ্গা, তোবড়া বনেট, কালিঝুলি মাথা পরদা আর চারটে চাকার টায়ার পটি লাগানো—সে এক অপূর্ব্ব শ্রী। পাদানীতে পা দিলে মাড়ানো কুকুরের মত ক্যাঁচ করে আর্জনাদ করে ওঠে। মোবিল আয়েলের ছাপ লেগে সীটগুলি এত কলম্বিত যে, স্থবেশ কোন ভদ্রলোককে পায়ে ধরে সাধলেও তাতে বসতে রাজী হবে না। দরজাগুলো বন্ধ করতে বেশ বেগ পেতে হয়, আর যদিচ বন্ধ হ'ল তো তাকে থোলা হয়ে ওঠে ছঃসাধ্য। সীটের উপর বসলেই

# অযান্ত্ৰিক

উপবেশকের মাথায় আর মৃথে এসে লাগবে ওপরের দড়িতে ঝোলানো বিমলের গামছা, নোংরা গোটা তুই গেঞ্জী আর তেলচিটে আলোয়ান।

বিমলের গাড়ীর দ্রায়াত ভৈরব হর্ষ শোনা মাত্র প্রত্যেকটি রিক্সা গভয়ে রাস্তার শেষ কিনারায় সরে যায়—অভি ত্ঃসাহসী সাই ক্লিষ্টেরও ধাবমান বিমলের গাড়ীর পাশ কাটিয়ে বেতে বৃক কাঁপে। রাত্রির অন্ধকারে এক একবার দেখা যায়, দ্র থেকে যেন একটা একচক্ষ্ দানব অট্টশব্দে হা হা করে তেড়ে আসছে—ব্ঝতে হবে ঐটি বিমলের গাড়ী। হেড লাইটের আলো নির্কাণপ্রাপ্ত, আলগা আলগা শরীরের গাঁটগুলো —যে কোন সময়ে বিক্ষোরকের মত শতধা হয়ে ছিটকে পড়বে বোধ হয়।

সব চেয়ে বেশী ধূলো ওড়াবে, পথের মোষ ক্ষ্যাপাবে আর কাণফাটা আওয়াজ করবে বিমলের গাড়ী। তবু কিছু বলবার জাে নেই বিমলকে। চটাং চটাং মুথের ওপর তু'কথা উন্টে শুনিয়ে দেবে—মশাই বুঝি আর হাগেন না মােতেন না—চেঁচান না দৌড়ন না 
থ যত দােষ করেছে বুঝি আমার গাড়ীটা।

কত রকমই না বিজ্ঞপ আর বিশেষণ পেয়েছে এই গাড়ীটা—বৃড়চা ঘোড়া, থোড়া হাঁস, কাণা ভাঁইস! কিন্তু বিমলের কাছে সে জগদল—এই নামেই বিমল তাকে ডাকে, তার ব্যস্ত-ত্রস্ত কর্মজীবনে স্থাণী পনেরটি বহুরের সাথী এই যন্ত্রপশুটা—সেবক, বন্ধু আর অন্ধাতা।

সন্দেহ হতে পারে বিমল তো ডাকে, কিন্তু সাড়া দেয় কি ? এটা অত্যের পক্ষে বোঝা কঠিন। বিমল খুবই বোঝে—জগদ্দলের প্রতিটি সাধ আন্দার অভিমান বিমল পলকে বুঝে নিতে পারে।

'ভারী তেষ্টা পেয়েছে না রে জগদল? তাই হাঁদকাঁদ কচ্ছিদ? দাঁড়া

বাবা দাঁড়া।' জগদলকে রাস্তার পাশে একটা বড় বট গাছের ছায়ায় থানিয়ে বিনল কুঁয়ো থেকে বালতি বালতি ঠাণ্ডা জল আনে, রেভিয়েটরের মূথে ঢেলে দেয়। বগ বগ করে চার পাঁচ বালতি জল থেয়ে জগদল শাস্ত হয়, আবার চলতে থাকে।

এ ট্যাক্সির মালিক ও চালক বিমল স্বয়ং। আজ নয়, একটানা পনর বছর ধরে।

ফ্যাণ্ডের এক কোণে তার সব দৈগ্য জরাভার নিয়ে যাত্রীর অপেক্ষায় দাঁজিয়ে থাকে বৃড়ো জগদল। পাশে হাল মডেলের বৃইকটার স্থমস্থ ছাইরঙা বনেটের ওপর গা এলিয়ে বসে পিয়ারা সিং বিমলকে টিটকারী দিয়ে বলে—'আর কেন এ বিমলবাব্—এবার তোমার বৃড়ীকে পেনসন দাও।'

—'হ', তারপর তোমার মত একটা চটকদার হাল-মডেল বেশ্রে রাথি।' বিমল সটান উত্তর দেয়। পিয়ারা সিং আর কিছু বলা বাহুল্য মনে করে; কারণ বললেই বিমল রেগে যাবে আর তার রাগ বড় বুনো ধরণের।

কার্ত্তিক পূর্ণিমায় একটা মেলা বদবে এখান থেকে মাইল বারো দূরে
—সেখানে আছে নরদিংহ দেবের বিগ্রহ নিয়ে এক মন্দির। ট্যাক্সি
ফ্টাণ্ডে যাত্রীর ভীড়—চটপট ট্যাক্সিগুলো যাত্রী ভরে নিয়ে হুদ হুদ করে
বেরিয়ে গেল। শৃত্ত স্ট্যাণ্ডে একা পড়ে পড়ে শুধু ধুঁকতে লাগলো বুড়ো
জগদ্দল। কে আদবে তার কাছে—এ প্রাগৈতিহাদিক গঠন আর
পৌরাণিক সাজসজ্জা।

গোবিন্দ এসে সমবেদনা জানিয়ে বলল—কি গো বিমলবাব্, একটাও ভাড়া পেলে না প

# অযান্ত্ৰিক

- —তবে ?
- —তবে আর কি ? এর শোধ তুলব সদ্ধ্যেয়। ডবল ওভারলোড নেব, যা থাকে কপালে।
- ও ক'রে আর কদিন কারবার চলবে। বরং এইবার আর দেরী না করে জগদ্দলকে এক্সচেঞ্চে দিয়ে ঝরিয়া থেকে আনিয়ে নাও মগন-লালের গাড়ীটা। তোফা ছ'সিলিগুার সিডান সন্তা।
  - —আরে যেতে দাও, কে অত ঝঞ্চাট করে বল গ
- —এটা হ'ল ঝঞ্জাট, আর নিভ্যি এই লুকিয়ে পাকিয়ে ওভার-লোভ নেবার হয়রানী, সেটা ঝঞ্জাট নয় প্
  - —না ভাই যেতে দাও ওদব কথা। নাও, বিছি খাও।

গোবিন্দ চুপ করে গেল। জগদ্দলের প্রসঙ্গ পরের মুগে আলোচনা বিমল কোনদিনই বরদান্ত করে না। চেপে যাওয়াই ভাল, নইলে এথনি হয়তো একটা ইতরভাষা ব্যবহার করে বসবে।

বাজে কথায় মন না দিয়ে বিমলও ক্যানেস্তারা ভবে জল নিয়ে এল—
পিচকারি দিয়ে বুড়ো জগদ্দলের ধুলোকাদা ধুতে লেগে গেল। হামা দিয়ে
গাড়ীটার তলায় ঢুকে চিং হয়ে শুয়ে পিচকারির জল ছড়ায়। খুঁটিয়ে
খুঁটিয়ে দেখে, টাইরডের গলায় গোবরের দাগটা গেল কি না?
ডিফারেনসিয়ালের বর্ত্তুল পেটটা স্থাতা দিয়ে ঘসে ঘসে চকচকে করে
ফেলে। আবার দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখে—আঃ হডটা বেজায় পুরনো,
হ'জায়গায় ফেটে মস্ত বড় তুটো ফাঁক হা করে আছে।

— কি করব জগদল! এবার তালি নিয়েই কাজ চালা। আসছে প্জোয় কটা ভাল রিজার্ভ পেলে তোকে নতুন রেক্সিনের হুড পরাবো। নিশ্চয়!

জগদ্ধলের প্রসাধন এথানেই ক্ষান্ত হয় না। পকেট হাতড়ে বিনল শেষ ত্যানীটা বার করে—কেরোসিন তেল কিনে এনে বন্ট্রগুলোর মরচে মুছতে লেগে যায়।

গৌর এসে বলল—'এঁটা, এ কি হচ্ছে বিমলবাৰু, ভাঙা মন্দিরে চূণকাম!

বিমল বিশ্রীভাবে মুথ বিক্লত করে থেঁকিয়ে উঠল—সোজ। কেটে পড় না রাজা এখান থেকে, কে তোমায় ধক ধক করতে ডেকেছে।

বিমল এইটেই বুঝে উঠতে পারে না যে, তার এইসব প্রাইভেট ব্যাপারে অপরে এত মাথা ঘামাতে আদে কেন গ

'প্রাইভেট'—পিয়ারা সিং হেসে যেন গড়িয়ে পড়ে।—'গাড়ীভি ঘরক। আওরাত হায় ক্যা ?'

কারবার ডুবতে বসেছে, তবুও বিমলের ঐ এক রোগ। এই কুদৃগ্য বুড়ো গাড়ীটার উপর একটা উৎকট মায়া তার কারবারী বৃদ্ধিকেও দিয়েছে ঘুলিয়ে। তা না হ'লে এত বড় মক্ষিচোষক রুপণ বিমল—যে ধানবাদে পুরির দাম বেশী বলে দিনটা উপোষে কাটিয়ে পরদিন গ্যায় ফিরে সন্তাদরে ছগুণ থাওয়া থায়; সেই বিমল অকুষ্ঠহাতে এ গাড়ীর পিছনে থরচ করে চলেছে, ভশ্মে ঘি ঢালছে!

বূলাকি পাগলারও এমনি ধরণের ক্ষেহান্ধতা ছিল তার একটা ভাঙা টিনের গামলার ওপর। নিজে বসে বসে বৃষ্টিতে ভিজত, কিন্তু ছাতা দিয়ে স্যত্নে ঢেকে' রাথতো তার ভাঙা গামলাটীকে।

সংশ্বার আবছা অন্ধকার নেমে এল, দোকানগুলোতে ত্'-একটা পেট্রম্যাক্স বাতি উঠল জলে। ময়রার দোকানের উন্নন থেকে পুঞ্জ পুঞ্জ ধোঁয়া ছড়িয়ে পড়ে অন্ধকারটা আরো পাকিয়ে তুলল। অদূরে ট্রাফিক

# অযান্ত্ৰিক

পুলিশটাকেও একটু আনমনা দেখাচ্ছে। পোটলা-পুঁটলি নিয়ে একদল ত'ষী গেরস্থ আসছে এইদিকে—দূর দেহাতের যাত্রী সব। এই তো ওভ লগ্ন।

বিমল হাঁকল, গলা নয়তে। যেন চোওবিশেষ—চলা আও, চলা আও। শমগড়, বাঁচী, ন্যান্রাই। মকুপ্রেজ, চিত্রপুর, ঝালদা। কন্সেদান এট—কন্সেদান…।

আগন্তক থাত্রিদলের কানের ভেতর দিয়ে মর্মে পৌছল এ ডাক। কন্সেদান রেট—কিন্তু সংখ্যায় চোলজন , বুড়ো জগদ্ধলের উদর গহররে ছ'জনের স্থানে ঠেসে দিল চৌলজনকে। তবত কাঞ্চাকর পেট, কার সাধ্যি বোঝে বাইরে থেকে ক'টি জাব সেথানে প্রচ্ছন। ক্ষিপ্র হাতে ঘূরিয়ে দিল গোটিং হাণ্ডেল—মাত্র ছ-তিন পাক। মত্ত ফিংহের মত বুড়ো জগদ্দল গর্জে উঠল—পানের দোকানে লাল জলের বোতলগুলে। কেঁপে উঠল ঠং ক'রে। হর্ণের বিলাপে বাজার মাত ক'রে একট্করো কাল-বোশেগার মত জগদ্দল স্টাও ছেন্ডে ছাইনের স্থাক ধরে উপাও হব্য গেল।

ইা, একথানা গাড়ী গেল বটে—পান ওযালা বলল—'আজব এক চীজ হায় বিমলবাবুকা ট্যাক্মি।'

এই হ'ল বিমলের নিতাদিনের সংক্ষিপ্ত কম্মস্টী।

জগদ্দলের বিক্রদ্ধে সমস্ত তুনিযাটা বছষণ করেছে। এই রকম একটা সংশয় বিমলের মনে দৃঢ়মূল হয়ে গেছে। সে দেখে আর আশ্চর্য্য হয়—উভ়ন্ত চিলগুলোও বেছে বেছে ঠিক জগদ্দলের মাথার ওপর মলত্যাপ করে; পথচারী লোকেরা পান থেয়ে হাতের চুণটি নিংসক্ষোচে জগদ্দলের গায়েই মুছে দিয়ে সরে পড়ে। কট্যাণ্ডে আরো তো ভালমন্দ সাভাশটা গাড়ী রয়েছে; তাদের তো কেউ এতটা অশ্রদ্ধা করতে সাহস করে না। জগদ্দলই বা কার পাকা ধানে এমন মই দিল গ

জগদ্দল! বিমল আন্তে আন্তে ডাকে। স্নেহে দ্রব হয়ে আসে তাপ কণ্ঠস্বর। তার সকল মমতা রক্ষাকবচের মত জগদ্দলকে যেন এই সমবেত অভিশাপ আর নিত্য গঞ্জনা থেকে আড়াল করে রাখতে চায়।

— 'কুছ্ পরোয়া নেই জগদল। আমি আর তুই আছি।'—একট স্থাপিত চ্যালেঞ্জ ঘোষণা করে বিমল, বেপরোয়াভাবে বিড়িতে জোলে জোরে টান দিয়ে যেন প্রতিসংগ্রামের জন্ম প্রস্তুত হয়ে নেয়।

ঝড়-ঝঞ্চা নিয়ে এক আগটা ছদ্দিনও আদে, আকস্মিক আধিব্যানি মেরামতও থাকে—তাই প্রত্যেক গাড়াই এক আগবার কামাই দিতে বাধ্য। কিন্তু জগদ্দলের উপস্থিতি ছিল স্থ্যোদ্যের চেয়েও নিয়মিত ও নিশ্চিত। সমব্যবসায়ী ট্যাক্সিচালক মহলে এ-ও একটা ইথার কারণ হতে পারে। অস্ততংপক্ষে বিমলের তাই বিশ্বাস। একটা খুন্থুনে বুড়ো যদি দিনের পর দিন অনায়াসে লাফ-ঝাঁপ ভনকুন্তি মেরে বেড়ায়, কোন জোয়ান না তাকে হিংসে করে ?

জগদ্দলকে নিয়ে এই সহেতৃক গর্কো বিমল ফুলে থাকত সর্বাদা জগদ্দল—তার গত পনের বছরের বিলাস বাসনে তুদ্দিনে নিত্য-সহচব একাগ্র সেবায় তাকে প্রিপুষ্ট করে এসেছে। দেব নরসিংহের কাছে কত লোক কত বিচিত্র মানত করে—কত রূপং দেহি যশো দেহি। বিমল তু'পয়সার ফুল বাতাসা নরসিংহের পায়ের কাছে রাথে, মনে মনে ধ্বনিত হয়—একান্ত প্রার্থনা, সামান্ত একটু দাবী। 'হে বাবা, জগদ্দল যেন বিকল না হয়। এ-বয়সে আর আমায় সঙ্গীহীন করো না বাবা, দোহাই।'

'লোকটাও একটা যন্ত্র'—বেঙ্গলীক্লাবে আলোচনা হয় -'নইলে পনের বছর ধরে অহর্নিশ মোটরধ্যান। এ মাস্কুষের সাধ্য নয়।'

বিমল নিজেই বলে, পোড়া পেট্রলের গন্ধেও কেমন-বেশ-একটু মির্চে নেশা লাগে।

# **অযান্ত্ৰিক**

'আমিও যন্ত্র। বেঙ্গলী ক্লাব বলেছে ভাল।' বিমল খুশী হয়ে

নে মনে হাসে। কিন্তু জগদলও যে মান্ত্রের মতই, এ তত্ত্ব বেঙ্গলী

কাব বোঝে না, এইটেই যা হঃখ। এই কম্পিটিশনের বাজারে—

বাজের ভীড়ে—এই বুড়ো জগদলই তো দিন গেলে নিদেন ছটি টাকা

তার হাতে তুলে দিছেে! আর তেল খায় কত কম। গ্যালনে

কাজা বাইশটি মাইল দৌড়ে যায়। বিমল গরীব—জগদল যেন এটুকু
বোঝে।

আরবী ঘোড়ার মত প্রমন্ত বেগে জগদ্দল ছুটে চলেছে রাঁচীর পথে।

নিবাস্ তাব দম, দৌড় আর লোড টানার শক্তি। কম্পান ফিয়ারিং

হুইলটাকে তুহাতে আঁকড়ে বুক ঠেকিয়ে বিমল গরে রয়েছে। অহতের

কবছে তুংশীল জগদ্দলের প্রাণফ্রির শিহব। কনকনে মাঘী হাওয়া

ইম্পাতের ফলার মত চামড়া চেঁছে চলে যাচ্ছে। মাথায় জড়ানো

কম্দোটারটা তু'কানের ওপর টেনে নামিয়ে দিল—বিমলের বয়স হয়েছে,

অজিকাল ঠাঙাফাঙা সহজে কাবু করে দেয়।

সুম্থে পড়লো একটা পাহাড়ী ঘাট—এই স্থবিদপিত চডাইটা জগদল কট চিতা বাঘের মত একদমে গো গো করে কত কতবার পার হয়ে গেছে। দেদিনও অভ্যস্ত বিশ্বাদে ঘাটের কাছে এদে বিমল চাপলো এক্সিলেটার—পুরো চাপ। জগদল পঞ্চাশ গজ এগিয়ে খং খং করে ককিয়ে উঠল। যেন তার বৃকের ভেতর ক'টা হাড় দরে গিয়েছে। উৎকর্ণ হয়ে বিমল শুনলো দে আওয়াজ। না তুল নয়, দেরেছে আজ জগদল—পিন্টন ভেঙে গেছে।

ক'দিন পরে মাঝ পথে এমনি আকস্মিক ভাবে বেয়ারিং গলে
গিয়ে একটা বড় বিজার্ভ নষ্ট হয়ে গেল। তারপর একটা না একটা
উপদর্গ লেগেই রইল। এটা দূর হয়তো ওটা আসে। আজ ফ্যানবেন্ট

ছেঁড়ে, কাল কারবুরেটারে তেল পার হয় না, পরশু প্লাগগুলে অচল হয়ে পড়ে—শুট সার্কিট হয়।

এত বড় বিশ্বাদের পাহাড়টা শেষে বুঝি টলে উঠল। বিমল ক'নি-থেকে অস্বাভাবিক রকমের বিমর্থ—এদিক দেদিক ছোটাছুটি করে বেডার জগদ্দলেরও নিয়মভঙ্গ হয়েছে—স্ট্যাণ্ডে আসা বাদ পড়ছে মাঝে মাঝে উৎকণ্ঠায় বিমলের বৃক ত্র ত্র করে। তবে কি শেষে সত্যই জগদ্দ ছুটি নেবে।

—'না আমি আছি জগদল; তোকে সারিয়ে টেনে তুলবই, ভানেই।' মোটরবিশারদ পাকা মিস্তী বিমল প্রতিজ্ঞা করলো।

কলকাতায় অর্ডার দিয়ে আনাল প্রত্যেকটি জেম্পুটন কলকজা। নতুৰ ব্যাটারী, ডি ফি বিউটর, এক্সেল, পিফন—সব আনিয়ে ফেললো। অরুপং হাতে স্কুরু হলো থরচ; প্রয়োজন বুঝলে রাতারাতি তার ক'রে জিনিং আনায়। রাত জেগে খুট্থাট মেরামত, পার্টস বদল আর তেলজঃ চলেছে। জগদ্দলকে রোগে ধরেছে—বিমল প্রায় ক্ষেপে উঠল অর্থাভাব—বেচে ফেলল ঘডি, বাসনপত্র, তক্তপোষ্টা পর্যান্ত।

দর্কাম্ব তো গোল, যাক্। পনর বছরের বন্ধু জগদ্দল এবার খুশী হবে দেরে উঠবে। খুব্ করা গেছে যা হোক; এবার নতুন হুড, র° আ বার্নিস পড়লে একথানি বাহার খুলবে বটে।

বাত্রি তুপুরে জগদলকে গ্যারেজে বন্ধ করার সময় বিমল একবা আলো তুলে দেখে নিল। খুশী উপচে পড়লো তার তু'চোখে।—এই তে বলিহারী মানিয়েছে জগদলকে। ক'দিনের অক্লান্ত সেবায় জগদলে চেহারা গেছে ফিরে; দেখাছে যেন একটি তেজী পেশী ওয়ালা পালোয়ান—এক ইসারায় দঙ্গলে ভিড়ে যেতে প্রস্তুত। হাত মুখ ধুয়ে ভুয়ে পড়লে বিমল—বড় পরিশ্রমের চোট গেছে ক'দিন। কিন্তু কি আরামই ন

## অযান্ত্ৰিক

লাগছে ভাবতে—জগদ্দল সেবে উঠেছে; কাল সকালে সগৰ্জনে নতুন হর্ণের শব্দে সচকিত করে জগদ্দলকে নিম্নে যথন ফ্ট্যাণ্ডে গিয়ে পাড়াবে বিশ্বয়ে হতবাক হবে সব, আবার জলবে হিংসেতে।

হঠাং বিমলের ঘুম ভেঙে গেল। শেষ রাত্রি তবু নিরেট অন্ধকার।
মুপ ঝুপ করে বৃষ্টি পড়ছে। বড়ফড করে উঠে বদল বিমল।—জগদল
ভিজছে না তো! গ্যারেজের টিনের ছাদটা বা পুরানো, কত ফুটো
ফাটাল আছে কে জানে! কোন ফাঁকে ইঞ্জিনে জল ঢুকলে হয়েছে আর
কি! বডির নতুন পালিসটাকেও স্রেফ ঘা করে দেবে।

ছারিকেনটা জালিয়ে নিয়ে গাাবেজে চ্কে বিনল প্রায় টেচিয়ে উঠল—'আরে হায়! হায়! ছাদের ফুটো দিয়ে ঝপ্ ঝপ করে বৃষ্টির জল বারে পড়ছে ঠিক ইঞ্জিনের ওপর। দৌডে শোবার ঘর থেকে নিয়ে এল তার বর্গাতিটা; টেনে আনল বিছানার ক্ষল স্তর্ফি চাদুর।

ইঞ্জিনের ভেজা বনেটটা মুছে ফেলে কম্বলটা চাপিয়ে দিল—তার ওপর বর্ষাভিটা! সতরঞ্জি আর চাদর দিয়ে গাডীটার সর্সাঙ্গ চেকে দিয়ে নিজেও চুকে পড়ল ভেতরে; নতুন নরম গদিটার ওপর গুটিস্বটি মেরে বিমল শুয়ে পড়ল; আরামে তার তু' চোগে ঘূমের চল এল নেমে।

পরদিনের ইতিহাস। স্টাত্তের উদ্গাঁব জনত। জগদলকে ঘিরে দাঁড়ালো—যেন একটা অঘটন ঘটে গেছে। স্বতিমূণ্র দর্শকেরা দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখল বিমলের অপূর্ব্ব মিশ্বী-প্রতিভাব নিদর্শন। বিমল টেনে টেনে কয়েক বার হাসল। কিন্তু কেমন যেন একট্ অস্বচ্ছ দে হাসি, একটা শক্ষার ধুসর স্পর্শে আবিল।

কেন ? বিমলের মন গেছে ভেঙে। জগদ্ধল চলছে সত্যি, কিন্তু কৈ সেই দীটি মাত্র শক্তির উচ্চকিত ফুকার, সেই দর্পিত হ্রেষাধ্বনি আর জরস্থ বনহরিণের গতি।

সহর থেকে দূরে একটা মাঠের ধারে গিয়ে বিমল বেশ করে জগদ্দলকে পরীক্ষা করে দেখল।

— 'চল বাবা জগদল! একবার পক্ষিরাজের মত ছাড় তো পাথা!' চাপলো এক্সিলেটার! নাঃ রথা, জগদল অসমর্থ।

ফাষ্ট, সেকেণ্ড, থার্ড—প্রত্যেকটি গিয়ার পর পর পার্ল্টে টান দিল। শেষে রাগ চড়ে গেল মাথায়—চল, নইলে মারব লাথি।

অক্ষম বুদ্ধের মত জগদ্দল হাঁপিয়ে হাঁপিয়ে থানিক দূর দৌড়ল !

— 'আদর বোঝে না, ক্ষেহ বোঝে না শালা লোহার-বাচ্চা, নিজীব ভত'—বিমল সত্যি সত্যি ক্লাচের ওপর সজোরে তুটো লাখি মেরে বসল।

বিমলের রাগ ক্রমশঃ বাড়ছে, সেই বুনো রাগ! আজ শেষ জবাব জেনে নেবে সে! জগদ্দলী থাকতে চায়, না ষেতে চায়। অনেক তোয়াজ করেছে সে, আর নয়।

রাগে মাথাটা থারাপই হয়ে গেল বোধ হয়। বিমল ঠেলে ঠেলে তু'মনি সাত আটটা পাথর নিয়ে এলো। ঘামে ভিজে ঢোল হয়ে গেল তার থাকি কামিজ। এক এক করে সব পাথরগুলো গাড়ীতে দিল তুলে—একেই বলে লোড!

চল্। জগদ্দল চলল; গাঁটে গাঁটে আর্ত্তনাদ বেজে উঠল কাঁচ কাঁচ করে। অসমর্থ—আর পারবে না জগদ্দল এ ভার বইতে!

এইবার বিমল নিশ্চিস্ত। জগদলকে যমে ধরেছে—এ সত্যে আর সন্দেহ নেই। এত কড়া কল্জে জগদলের, তাতেও ঘুণ ধরল আজ। কৃতান্তের কীট—আর রক্ষে নেই, এইবার দিন ফুরিয়ে সন্ধ্যা নামবে। শেষ কড়ি থরচ করেও রইল না জগদল।

আমি ভার বৈত্ব বাকী-পরিপ্রাপ্ত বিমল মনে মনে যেন বলে উঠল।

## **অযান্ত্ৰিক**

- —কিন্তু আমারো তো হয়ে এদেছে। চুলে পাক ধরেছে, রগগুলো জোঁকের মত গা চেয়ে ফেলেচে সব।

ফিরে এসে বিমল জগদলকে গ্যারেজের বাইরে বেলতলায় দাঁড় করিয়ে নেমে পড়ল। পেছন ফিরে আর তাকালো না। সোজা গিয়ে উঠোনে বদে পড়ল—সামনে রাখল তু' বোতল তেজালো মহয়।।

একটি চুমুক সবে দিয়েছে, শোনা গেল কে ডাকছে—বিমলবার আছ ! গোবিন্দের গলা।

গোবিন্দ এল, সঙ্গে একজন মারোয়াড়ী ভদ্রলোক।

- —আদাব বাবুজী।
- —আদাব, কোন্ গাড়ীর এজেন্ট আপনি ? বিমল প্রশ্ন করল।
  গোবিন্দ পরিচয় করিয়ে দিয়ে বলল—'গাড়ীর এজেন্ট নন উনি; পুরানো
  লোহা কিনতে এসেছেন কলকাতা থেকে। তোমার তো গাদাথানেক
  ভাঙা এগাক্সেল রীমটিন জনে' আছে। দর বুঝে ছেড়ে দাও
  এবার।'

বিমল থানিকক্ষণ নিষ্পালক চোথে তাকিয়ে বইল ত্'জনের দিকে। ভবিতব্যের ছায়াম্র্টি তার পরম ক্ষ্পার দাবী নিয়ে, ভিক্ষাভাওটি প্রসারিত করে আজ দাঁডিয়েছে সম্মুখে। এমনিতে কিরবে না সে, শ্রেষ্ঠ ভিক্ষা চাই। বিমল ব্যাপারটা ব্রুল।

—হা আছে পুরানো লোহা, অনেক আছে, কত দর দিচ্ছেন ?

- —'চোদ আনা মণ বাবৃদ্ধী' মারোয়াড়ীর ব্যগ্র দ্ববাব এল।—'লডাই লেগেছে, এই তো মৌকা; ঝেড়ে পুঁছে সব দিয়ে ফেলুন বাবৃদ্ধী।'
- —হাঁ সব দেব। আমার ঐ গাড়ীটাও। ওটা একেবারে অকেছে; হয়ে গেছে।

হতভম গোবিনদ শুধু বলল—দে কি গে। বিমলবাবু ?

নেশা ভাঙলো এক ঘুমের পর। তথনো রাত, বিমল আর এক বোতল পার ক'বে ভয়ে পডলো।

ভোর হয়ে এসেছে। থেকে থেকে ঘুম ভেঙে যাচ্ছে বিমলের। বাইরের জাগ্রত পৃথিবীর সমস্ত কোলাহল উপচে একটি শুধু শব্দ বিমলের কানে এসে আছড়ে পড়ছে—ঠং ঠং ঠকাং ঠকাং। মারোয়াডীর লোকজন ভোরে এসেই বিমলের গাড়ী টকরো টকরো করে খুলে ফেলছে।

শোক আর নেশা। জগদ্দলের পাঁজর খুলে পড়ছে একে একে।
বিমলের চৈতন্মও থেকে থেকে কোন অন্তঃনি নিঃশদ্দের আবর্ত্তে যেন
পাক দিয়ে নেমে যাচ্ছে অতলে। তার পরেই লঘুভার হয়ে ভেসে উঠছে
ওপরে। এরই মাঝে শুনতে পাচ্ছে—ঠং ঠং ঠকাং ঠকাং—জগদ্দলে
সমাধি গনন চলেছে। যেন কোদাল আর শাবলের শব্দ।

# দণ্ডমুণ্ড

অনুকূল গোঁদাই রামপুর জেলের দান্ত্রী।

রামপুর দেউাল জেল। এককালে এইখানে কোন জংলী রাজার কেল্লা ছিল। এখন কিন্তু চেনবার উপায় নেই। ডক্ষা বাজাবার তোরণগুলি ভেঙে ভেঙে কংক্রীটের গুমটি বদানো হয়েছে। গড়ের থাত ভরাট করে বদানে। হয়েছে কলমী আমের বাগান—ল্যাংড়া, কিষণভোগ, হদেনশাহ আর কালা মানিক। দেকেলে পাঁচিলটা শুণু অটুট আছে এখন ও—অজগরের পাকের মত।

গাঁয়ের লোকেরা বলে, ঐথানে ছিল রাজা জরাসন্ধের কারাগার। জেলের ভেতর তু'লাত মাটী যুঁজলে এগনও পাওয়া যায়—শুধু হাড় আর হাড়।

গেট জনাদার বলে—জেলগানা না কিলগানা! নতুন কয়েদী এলেই জনাদার একবার হঁসিয়ার করে দেয়—সামলে থেক বাপধন। নইলে ও চেহারার আর কিছু থাকবে না। স্রেফ বনমান্ত্র হয়ে যারে।

বতন কম্পাউণ্ডার বলে—কলির কুন্তীপাক ! বটতলার পাঁজিতে ঠিক এই রকম একটা ছবি আছে। বাইবে থেকে যত খুনোখুনি যেন ঝেঁটিয়ে এইগানে জড়ে। করা হয়েছে। সমস্ত দিন শুদু পাপী নিয়ে টানা-ছেঁছা। বেতের মারে রক্ত গড়ায় কোমর ফেটে। ভাতবন্ধ ছুর্ভ গাবি গায় চোরা কুঠরীতে। চর্মিন দিয়ে মাঞ্জা করা হয় ফাঁদীঘরের দড়ি। ভিটের জান্দিয়া পরা নারকীদের ভ্রস্ত করা হয় বেল্টের বাড়ি দিয়ে। এর মধ্যে কাক্ব বিরক্তি, গ্লানি, সাধ অসাধের প্রশ্ন নেই।

রোগা রোগা ওয়ার্ভার, চিড়িতনের গোলামের মত জবরজং পোষাক। পিটিবিভায় কী মজবুত হাত! বড়ের মত চড় ঘুদি চালায়—ছাতের গাঁটাগুলি লোহা হয়ে গেছে।

## ফসিল্

কে না ভয় পায় ঐ অফিস ঘরটীকে ? বিশেষ ক'রে পোক্ত শিশু-কাঠের ঐ আলমারীকে। ওপরের থাকে সাজানো প্রচণ্ড প্রচণ্ড ভল্যুম— জেলকোড আর ম্যান্থয়েল। নীচের থাকে সারি সারি ফাইল।

প্রতি দিনের ডাকে কোখেকে ভেসে আসে কতগুলি নিঃশব্দ অক্ষর—
জরুরী আর আধাজরুরী অর্ডার। জীবন মৃত্যুর ওলট পালট হয়ে যায়
এদিকে। এর নড়চড় হয় না। এথানে আবেদন নিবেদন চলে না।
শাখত বিধানের জাল পেতে বসে আছে নিবিকোর ফাইল-ব্রন্ধ। কয়েদ,
সাজা, মৃক্তি, চাকুরী, পুরস্কার, পেন্সন, ভাতা ও ছুটি—ভবলোকের যত
শুভাশুভ গচ্ছিত ঐ ফাইলের পাতায় পাতায়।

বৈটে মজবুত চেহারার প্রৌচ মান্নষ অন্নকৃল গোঁসাই। পট্ট জড়ানে।
পা হুটো ছোট এক জোড়া গদার মত। অন্নকুলের উগ্র রকমের নিয়মনিষ্ঠা, ওর কেতাহুরস্তী আচরণের কথা সেপাই মহলে স্বাই জানে।
উদ্দির পেতলের বোতামগুলিতে পালিশ দিতে ভুল হয় না ওর কোন
দিন। বুট বেল্ট চক্চক্ করে। লোকটা যেন সারাক্ষণ ড্রিলই করছে।
সমস্ত অঙ্গ প্রত্যঙ্গ স্পিংয়ের ওপর বসানো। কেউ একটা বিড়ি দিলে বুক্
চেতিয়ে, বুট ঠুকে, ফৌজী চঙে হাত পাতে।

ডিউটি শেষ হ'লেও ধুতি পরে থাকতে অস্বস্থি বোধ হয় অন্তক্লের। কেমন ফাংটো ফাংটো লাগে। শরীরটার ওজন নেই মনে হয়। ইাটতে গিয়ে তাল থাকে না। বুটজোড়া পায়ে চড়িয়ে তবে অন্তক্ত স্তস্থ হয়।

কাউকে হাই তুলতে দেখলেও অমুক্ল চটে যায়। বিউপল পড়লেও যে কি ক'রে লোকে আরও আধ মিনিট মট্কা মেরে শুয়ে থাকে! আশ্রুষ্য।

# দওমুও

মাইনে নেবার দিন, মাসের পয়লায় অমুক্লের কেতাত্রন্তীর পরাকাষ্ঠা জেগে ওঠে। প্যারেডে প্রাইজ পাওয়া গোটা দশেক মেডেল বৃকের ওপর পিন দিয়ে ঝুলিয়ে, ফিটফাট উর্দি বৃট বেল্ট পটির সাজ পরে, স্থাল্ট দেগে ক্যাসিয়ার বাবুর কাউল্টারে এসে দাঁড়ায়। আঠারটী টাকা হাতে তুলে ত্বা পিছিয়ে আবার স্থাল্ট দেয়। শরীরটাকে এবাউট-টার্লে একটা লঘুললিত মোচড দিয়ে তাল মেপে পা ফেলে চলে বায়।

দোসরা তারিথে কাটায় কাঁটায় বেলা বারটায় মনিঅর্চার করে আসে আটটী টাকা—শ্রীমতী নয়নতার। দেবী, ঝালদা, মানভ্ম। কুপনে বউকে একটী ছত্তে কুশল জিজ্ঞাস। করে। সমস্ত মাসে শুধু এই একবার। অতি কটে লিখতে হয় অন্তক্লকে। বন্দুক-ঘাটা কড়া-পড়া ভোঁতা আঙ্লো কলম আর চলে না।

বাইরের এই আচরণের মত অন্তক্তনের মনের ভেতরেও একট। ক্রুর রকমের সততা। পেটান লোহার পাতের মত কঠোর। সরকারী গাছের একটা এঁচোড় থেতে হ'লেও অন্তক্তন দরগান্ত করে—ভাষ্য দাম দিতে চায়। আইন কান্তনই ওর আত্মা। চাকুরীই সর্বস্থ। আঠার আনা মাইনে দিলেও বোধ হয় সান্ত্রীপিরি ছাড়তে পারকৌনা।

বেড়ীপরা কয়েদীর পাল চরিয়ে ওয়ার্ডারের। বাইরের ফার্মে নিয়ে যায়। থৈনি টিপে থোসগল্প ক'রে, আর ল্যাকপ্যাক ক'রে হেঁটে চলে সব। অমুকূল আচমকা হৃদ্ধার দেয়—ফল্ ইন্!

হাকের দাপটে অপ্রস্তুত ওয়ার্ডারেরা লাইন বেঁধে ফেলে। এগিয়ে গিয়ে আন্তে আন্তে গাল দেয়—শালা কোথাকার জেনরেল যেন।

আই জি সাহেবের ড্রাইভার জেল ফটকে বসে ছিল। তাড়ির নেশাটা

মাথার ভেতর একটু জোরে চাগিয়ে উঠতেই একটা গজল ধরলো গলা ছেড়ে। অন্তকুল নিঃসক্ষোচে তার ঘাড় ধরে ফটকের বাইরে পার করে দিল। ঠিক এমনি নিঃসক্ষোচে সে ঘাসথেকো গাধাগুলোকে ফুল-বাগান থেকে কান ধরে হিড় হিড করে টেনে ফটক পার করে দেয়।

সেপাইরা আর ওয়ার্ডারেরা অন্তক্লের ওপর মনে মনে চটা। ওর
মত অষ্টপ্রহর পণ্টন সেজে মান্ত্রে থাকতে পারে কি ? তাছাড়া—ভেতর
থেকে একটা পুরনো কম্বল, এক ঢেলা গুড়ও বাগিয়ে আনার উপায়
নেই। অন্তক্লের চোথে পড়েছে কি চুগলি হয়ে গেছে জেলারবাবুর
কানে।

বাঁশের চেয়ে কঞ্চি দড। খালাস-পাওয়া কয়েদীর। গেট-জমাদারের পায়ের ধূলো নিয়ে হাসিমুখে মোটর বাসে চডে। পিত্তি জ্বলে বাফ জফুক্লের। মনে মনে এই জিজ্ঞাসাই ওকে অন্থির করে ভোলে— চোটাদের যদি ছেড়েই দিতে হয়, তবে কেন এতদিন ধরে পোষা—এত হয়বানি! বলিহাবি নিয়ম।

হাবিলদার বিমর্থ হয়ে বলে—বউয়ের চিঠি এসেছে। ছেলেট। বছ বেয়াদবি আরম্ভ করেছে। রাত্তিরে লোকের বাগান ভেঙে বেড়ায়— ছটো আম লিচুর লোভে। কবার ধরা পড়ে মারধাের থেয়েছে।

অমুক্ল বলে—যাও, বাড়ী গিয়ে এই বেলা ভালয় ভালয় ছোঁড়ার হাত ছটো কেটে দিয়ে চলে এস।

লক্ষ্মণ তুবে বলে—ভাইটা অবাধ্য হয়ে উঠেছে! স্কুলে দিয়েছি, পয়সা খরচ করছি। এদিকে সমস্ত দিন মেলায় জুয়ো খেলছে।

অমুকুল বলে—দিনের বেলায় ইটের ভাঁটায় কাজে লাগিয়ে দাও, বার

# দণ্ডমুণ্ড

গ্নন্টা কাদা ঠাসবে। আর রান্তিরে মাহাতোদের ভাঁড়ারে জ্বাল দেবে আথের রস। ভোর পর্যান্ত ছিব ডে ঠেলবে উন্থনে।

মতি হালদারের ছেলে, এখনও বর্ণপরিচয় শেষ করেনি। পায়খানায় বদে বিজি টানে। অন্তকূল সমাধানের প্রস্তাব করে—একটা বিজিতে ভাল করে কাঁচা গু মাথিয়ে মুথে চুকিয়ে দিও একদিন। টিট হয়ে যাবে। ধ্য়াধারদের ভাঙের বৈঠকে আলোচনা হয়—ধর, অন্তকূল যদি জ্ঞ

— ওরে বাবা। প্রায় একসঙ্গে সকলে আঁথকে ওঠে। ছাতুচোরেরও ফাসি হতো তাহ'লে।

27.01

লক্ষ্মণ তবে ভবিষ্যদ্বাণী করেছে—পেষ্সন নেবার পর অন্তক্তন বড জোব এক ঘণ্টা বেঁচে থাকতে পারবে।

বছরাত্তে একবার ছুটি নেয় অন্তর্জ—এক মানের ছয়ে। কিন্তু এমনই তুর্ভাগ্য, দশটা দিনও দেশে কাটাতে পারে না।

সামস্থবাবুরা এসে বলেন—তুমি কেমন হে অন্তক্ল ! আঠার টাকা মাইনেতে বিভূঁয়ে পড়ে রয়েছ । সন্ধীন ইচিয়ে, হট বুট করা কি তোমার সাজে ? তোমার বাবা ছিলেন আচায়িয় মান্ত্য . চলে এস আমাদের কাছারীতে, তসিলদারী করবে।

অন্তক্লের শালা এসে অন্তযোগ করে—কি করছো দাদা! আজ খোল বছর চাকরী ক'রে ক'টা কড়ি জমিয়েছ বলতে।? ঘরের দেয়াল যে বসে গেছে। দেশে বসে ভসিলদারী, হোলই বা পনের টাকা। বিদেশের পঞ্চাশ টাকার সমান।

সব গোলমাল ক'রে দেয় নয়নতারা — তদিলদারী করলে কি ছোট হয়ে থাবে তুমি ? পনের টাকা মাইনে তো ফালতু দক্ষিণে। চাল তেল

মুন থেকে স্থক্ক করে আম কাঠাল পর্যান্ত আর কিনে থেতে হবে না। দেখছো তো বৈকুণ্ঠ তদিলদারের নতুন বাড়ী—রাণীগঞ্জের টালি দিয়ে চাল ছেয়েছে।

বাস, এইটুকুই যথেষ্ট। সেদিনের সন্ধোর ট্রেণেই অন্তক্ল বিদাহ নেয়। গরম ছাইরঙা মিলিটারী সোয়েটার গায়ে চড়িয়ে, কাপড়চোপড় পুঁটলি করে পিঠে ঝুলিয়ে, ভারি বুট দিয়ে ক্ষেতের আল মাডিফে ক্টেশনের পথ ধরে।—এমনি অন্ধকারে তারাভরা আকাশের নীচে, রাইফেল হাতে রামপুর জেল ফটকের ডিউটি। রাত্রির পৃথিবীর রাজ্য দশুমুণ্ডের মালিক অন্তক্ল। সেখানে তার চ্যালেঞ্চের ইাকে অন্ধকার কাপে, কমিশনার সাহেবের গাড়ী থেমে যায়। আর তসিলদারী! থু থু ফেল এমন চাকরীর কপালে। চাকরী না চুরি গুশালা সামস্ত!

আজকের রাতটা ভয় করার মতই। অন্ধকারটা বেন আজ হাত

দিয়ে ছোঁয়া যায় এমনই নিরেট। ঝাড়ের আলোতে জেলফটকের গরাদগুলো চক চক করছে অতিকায় হাঙ্গরের দাঁতের মত। অন্তক্ল সান্ত্রী

ডিউটিতে দাঁড়িয়ে সামান্ত এক-একটা শব্দে অযথা চমকে উঠছে। অনেকদিন আগে এই রকম একবার হয়েছিল। সেদিন মা মারা গেছেন।

ফটকে পাহারা দিচ্ছে অত্ত্বল। আজ এই স্থাপ্ত চরাচরের সমস্ত পাপ পুণ্যের একমাত্র প্রহরী অত্ত্বল। কাঁকরগুলো তেতে আছে ফুটস্ত তেলের মত। এক-একটি পদক্ষেপে ভারি বুটের স্পর্শ যেন আওয়াজ করছে—ছাঁটাক ছাঁটাক। এই শব্দে যত উন্থতফণা অপরাধের সাপ যেন সভয়ে মুখ লুকিয়ে ফেলবে গর্ত্তের ভেতর। হঠাৎ একটা দম্কা হাওয়া গুঁড়ো গুঁড়ো বৃষ্টির ঝাপটা দিয়ে উড়ে গেল। বেয়নেটটা ক্রমাল দিয়ে মুছে নিয়ে আবার সহজ হয়ে নিল অত্ত্বল।

# দত্তমৃত

গুমটির ভেতর দাঁড়িয়ে দাঁড়িয়ে অন্থক্ল একটু ম্নড়ে পড়ছে।
মুঠোর ভেতর থেকে আলগা হয়ে হেলে পড়েছে রাইফেল। একবার
কেশে গলাটা সাফ করে নিয়ে অন্থক্ল আবার পায়চারী স্থক করলো।
আনেকক্ষণ অন্ধকারে চোথ ছটোকে চ্বিয়ে নিয়ে ভাল করে তাকালো
সামনের দিকে। এইবার একটু ফাঁকা হয়েছে যেন। পাকুড় গাছটা
দেখা যায়, জেল কম্পাউণ্ডের একেবারে শেয়ে, খাস সডকের গা ঘেঁসে।
যাক, তবু টর্চ্চটা আনতে ভূল হয়নি আছে।

এখন তো শেষরাত্রি। অক্যদিন চ্'চারটে শেয়াল ভোটাছুটি করে। গাছে গাছে বাচুড়ের উৎপাত চলে। বটফল ঝরে পচে টুপ টাপ। আজ সবাই চক্রান্ত করে বয়কট করেছে। অক্সকল আবার ঝিমিয়ে পড়লো।

হাঁটুর ওপর একটা মশা কামডাচ্ছে। অন্তকুল সমস্ত গায়ের জোর দিয়ে একটা চড় বসিয়ে, গা ঝাড়া দিয়ে সোজা হয়ে দাঁডালো। চড়েব শব্দে তবুও গুমোট যেন হান্ধা হলো থানিকটা।

মচ মচ্! মচ মচ্! ভারি বৃটের আওয়াজ। রাইফেলটা কাঁধে তুলে অন্তুল টান হয়ে দাঁড়ালো। একটা টিম টিমে আলো তুলতে তুলতে আসছে। অন্তুল চিতাবাদের মত থাবা পেতে অন্ধকারে মিশে রইল অসাড হয়ে।

···হন্ট, ছকমসদার ! অম্বক্লের গলাফাটা চ্যালেঞ্চে একজোড়া পোঁচা উড়ে পালিয়ে গেল পাকুড় গাছের কোটর থেকে।

. —পাস ফ্রেণ্ড অলসোয়েল।

রাউত্তে বেরিয়েছে হাবিলদার। সামনে এগিয়ে এসে বললো—ঠিক হায়! আজ একটু চট্ পট্ থাকবে। আর রাত বেশী নেই। সাহেবর। এল বলে।

হাবিলদার চলে গেলে আবার দেই অম্বকারের নেশা। গায়ে কাটা দিয়ে উঠছে অকারণে। এমন তোকোন দিনই হয় না। পাগলা ঘটি বাজবে নাকি আজ!

মুখের ওপর একটা শীতল কঠিন স্পর্শ। গুমটির গায়ে হেলান দিয়ে ঘূমিয়ে পড়েছিল অন্তক্তন। রাইফেলটা হেলে পড়েছে। স্থমস্থা বেয়নেটটা ছোট ছেলের ঠাগু। গালের মত লেগে আছে মুখের ওপর। অন্তক্ত করে উঠলো।

পাকুড় গাছের তলায় কিছু একটা নডে চডে বেড়াচ্ছে। অন্ধকারের চেয়ে আরও ভরাট মিশমিশে চেহারা। কে ও ?

চ্যালেঞ্জ করবে কি না ভাবছে অন্তর্ক্ল। চেপে গেলে চলবে না।
সিঁদেল শালারা এই রকম তেল ভূসো মেথেই আসে। কোন্ ফাকে কি
হয়ে যায় বলা যায় না।—হণ্ট হুকমস্দার। বুট ঠুকে হাক ছাড়লো
অন্তর্কল—তার মনের সমস্ত ত্রাস যেন আওয়াজে থর থর করে
উঠলো।

কোন উত্তর, সাডা শব্দ নেই। শুধু রক্তজ্ববার হাসির মত এক টুকরো লাল দ্যাতি দপ্ করে ফুটে উঠলো অন্ধকারের বুকে—পাকুড় গাছের নীচে। একটা অগ্নিমুখ ছায়ামূর্ত্তি দাঁড়িয়ে আছে নিধ্য হয়ে।

দাঁতে দাত চেপে রাইফেলটা তুলে অনুক্ল এগিয়ে এল। কান ছটো তেতে উঠেছে। এইবার ঘোড়া দেগে ফেলবে। একটি ফায়ারে ছেদা হয়ে লুটিয়ে পড়বে ঐ ছায়াশরীর, যেই হোক দে। বিকার রোগার মত উত্তেজনায় মোচড় দিয়ে উঠলো অনুক্ল। ঘোড়া থেকে হাতটা তুলে দাঁতে চেপে রইলো নিজেরই আঙুল। কিছুক্ষণ মাত্র!

গুমটির ভেতর থেকে হুকে ঝোলানো টর্চটা নিয়ে এক পা তৃ'পা করে এগিয়ে চললো অন্ধুকুল। মূর্দ্তিটা তবু পালাবার নাম করে না—শকাহীন

# দওমুত

ুখ্যে সমাসীন। গজ দশেক দূরে দাঁড়িয়ে অনুকৃল টর্চেচর বোভাম টপলো। পাকুড়তলা ঝলসে উঠলো আলোয়।

মনের স্থাবে গাঁজায় দম দিচ্ছে পাগলটা। খুব বুড়ো একটা পাগল।
কোমরে নে টী আছে বলেই উলঙ্গ বলা যায় না। উটের পায়ের গাঁটের
ত ইটু আর কন্তইয়ের থাবা থাবা কড়া। অর্দ্ধেক পিঠ জুড়ে একটা পুরু
াদের আচ্ছাদন। জটপড়া পাক। চলে দমস্ত মাথাটা ঠাদা।

বাগে কুঁচকে উঠলো অন্তক্তনের মুখ। রাইফেলের কুঁদো দিয়ে কাগলের কোমরে সজোরে একটা যা জমিয়ে দিল—শুক্নো কাঠের ওপর সাঙির আঘাতের মত খটাস্করে একটা কাটা আওয়ান্ত। ঝুপ করে প্রতি পাল পাগল শুক্নো পাতার স্তুপের ওপর।

ষন্ত্ৰ ততক্ষণে রাগ সামলে নিয়েছে। গাছার কলকেটা কেছে ছ'ড়ে ফেলে দিয়ে পাগলের পিঠে বেয়নেটের ছ'চালো মুগটা আতে চেপে ধালো।

— 9ঠ ! পাগল তবু নিব্দিকার। শকুনির মত নথ দিয়ে পিঠের দাদ সংকোষেছ সে।

আর একটু জোরে চেপে অন্তক্ত বললো—দেগছিদ ঐ কটক। যেতে সাস, বল ?

আগুনে পোড। সাপের মত তিড়বিড় করে লাফিয়ে উঠলে। পাগল। গোজা দৌড দিল মরিয়া হয়ে। ভৃতের ছায়ার মতই মিলিয়ে গেল সড়কের জন্ধকারে।

এতক্ষণ পরে তব্ একটা এ্যাকশন হলো। অন্তর্কল হাসলো মনে মনে

—একটু সামান্ত বেয়নেটের খোঁচা, বাস্। কি রোগ না সারে অস্ত্র

তিকিৎসায় > ফোড়া থেকে পাগলামী পর্যান্ত।

আবার ডিউটির নেশা জমে উঠেছে। মার্চের দঙ্গে দৃষ্টি যুরছে দশ

দিকে। হাতের মুঠো ঘেমে পেছল হয়ে উঠেছে। ফুঁ দিয়ে হাত শুকিয়ে নিয়ে কাঁধ বদল করছে রাইফেল—ডান থেকে বাঁয়ে, বাঁ থেকে ডাইনে।

পাপ আর পুণ্য রাজ্যের মাঝগানে, দীমান্তের আলের ওপর দাঁড়িক আছে অফুক্ল—অতন্দ্র সেমবের মত। সমস্ত রাত আকাশেও ফে একটা তোলপাড় চলেছে। দূর ঝিলের ওপর খদে পড়ে বড় বড় তারা— সাবধানী সান্ত্রীদের বুলেট ছুটছে সেখানে।

গুমটির কাছেই আমগাছটায় ঝিঁঝিঁর কীর্ত্তন আরম্ভ হলো একসঙ্গে একেবারে কানের কাছে। মাথা ধরে উঠলো অফকুলের।

ভথানে আবার কে ? টেনিস্ কোটের কাছে, কাঠপোলাপে? ঘেরানের পাশে ? নিশ্চয় মালীদের ছোঁড়ারা। সাবাস্ ছুঃসাইস। ক'দিন আগেই করবী গাছটাকে একেবারে নেডা করে সমস্ত ফুল সাবড়ে নিফে গেছে। কিন্তু ব্যাটারা বেকুব—সাদা কাপড় পরে এসেছে চুরি করতে। দফা সেরেছি আজ শালাদের। হাত-পা বেঁধে শোরের মত ফেলে রাপবে আজ—হিম খা ওয়াবো সমস্ত রাত। তারপর হাজতের মশা।

পা টিপে টিপে এগিয়ে টর্চ্চ টিপলো অমুকুল।

মালীর ছেলেরা কেউ নয়। ভূঁড়ো শেয়াল একজোড়া। একট বিষ্বায়ে পচা কাটা-পা কুড়িয়ে এনে, জড়ানো ব্যাপ্তেজটা খুল্ছে টানাটানি করে। আইডোফরমের ঝাঁঝালো গন্ধে বাতাদে কাঠগোলাপের মিঠে গন্ধটুকু মারা পড়েছে।

—ধুর ! ধুর । শেয়াল তুটোকে তাড়িয়ে দিয়ে অমুকূল ফিরে এল ফটকের গুমটিতে।

প্যারেডের মাঠে আবার কারা? না, বার বার চোথের ভুল নয়! বেশ স্পষ্ট। এগিয়ে এসে অফুকুল মাঠের একটা পোটের কাছে দাঁড়ালো।

# দওমুগু

টুং টুং মিঠে চুড়ির শব্দ। উৎকর্ণ হয়ে অন্তর্ক শুনলো দে আওয়াজ, না মিথ্যে নয়। ছি ছি, কি নির্লজ্জ ফুঃসাইস! এ যে প্যারেডের মাঠ, জেল এলাকা। সতর্ক দৃষ্টি রেথে অন্তর্কল চুপ করে দাঁড়িয়ে রইল।

অনেকক্ষণ, তবু তারা যায় না। অন্তর্কল বিমনা হয়ে গেছে।—
আজকের এই অন্ধকারে হৈমন্তী হিমের রোমাঞ্চ। কুয়াশায় কস্তরী
নেশার বিহবলতা। অলজ্ঞ বাহুপীড়নে যৌবন বিলিয়ে দেবার মত এই
শক্ত মাটীর উপর ভেজা ঘাদের বিছানা। কত দিনেরই বা কথা—বিয়ের
আগে, তথন নয়নতারা কতাই বা বছ—ঝালদার মেলার ভীছে খোঁপা
টেনে দিয়ে পালিয়ে যা হয়। তথা তথা

চমকে উঠলো অন্তর্জন। আজ গুলি থেয়েছে নাকি সে। ডিউটীতে দাড়িয়ে এসব ছেলেমান্ত্রযি চিস্তা। নিজের ওপর রাগ হলো অন্তর্জনের। হোকু কেলেস্কারী, আজ আর ছাডাছাড়ি নেই। ওদের ধরতেই হবে।

টর্চ্চ টিপলো অমুকূল। অত্যন্ত লচ্ছিত হযে বোকার মত স্টান গুমটিতে ফিরে এসে দাঁড়িয়ে রইল।—জেলমুদী রাম্ শেঠের কুত্তি বিলি, গলার বকলেসে যুটি বাধা। আর একটা গোত্রহীন পথের কুকুর। বিলির ঘুটি পেকে থেকে অন্ধকারে বাজতে—ভামিনী অভিসারিকার নূপুরের মত।

মোটবের হর্ণের চাপা গম্ভীর আওছাজ। তেও লাইটের আলো শ্মকেতুর লেজের মত ছড়িয়ে পড়েছে সড়কের ওপর। ছটো গাড়ী গোঁ গোঁকরে এসে দাঁড়ালো ফটকের কাছে।

সাহেবরা এসেছে। জেলারবার, ভাক্তার আর কম্পাউণ্ডার এসেছে। ঘুমভরা চোখ—নিশির ভাকে ঘর ছেড়ে হঠাং বেঘোরে চলে এসেছে সব।

माए। भक्त त्नरे कांक्र भूरथ। वड़ क्रमानात क्लेरकत कूनुभ थूनरह।

গরাদআঁটা ছোট লোহার দরজাটা কঁকিয়ে কঁকিয়ে ফাঁক হয়ে আব বন্ধ হলো।

— ও: তো। আজ গোপী দোসাদের ফাঁসি।

সমস্ত জড়তা মুহুর্প্তে উবে গেল। চিডিয়াখানায় থাচায় পোষা বাং--মত লাফিয়ে ঘুরে ফিরে একটানা পায়চারী আরস্ত করলো অফুকুল।

কার্ত্তিক মাদের রাত, তার ওপর কুরাশার ঘোর। ফর্সা হতে আনেকক্ষণ। শিশিরের ফোঁটা ঝরে পড়ছে বর্টপাতা থেকে। ফটকেন কার্ণিশ হিমে ভিজে উঠেছে। এখন ও কাকের রা নেই, নেশা করে যেই ঘুমিয়ে পড়েছে সব। আজ সমস্ত পৃথিবীর ওপর একটা কালাপানিন বান্স থমকে রয়েছে।

- —হন্ট, হুক্মসদার! অন্তক্লের চ্যালেঞ্জ আছডে পড়লো স্তর্ধ অন্ধকারের ওপর। বিভীষিকা ভেদ করে ১নহনিয়ে ফটকের দিকে বেপরোয়া চলে আসতে কে? অন্তক্তল তাক্ করার জন্মে রাইফেল ওঠালো। কিন্তু না, একেবারে কাছে এসে পড়েছে।
  - —আমি গোপীর মা!

বুড়ী আর তার সঙ্গে বছর চারেকের ফাংটো একটা ছেলে বুনে বেড়ালের মত তুড় তুড় করে এগিয়ে এল।

ফটকের আলোতে নিয়ে গিয়ে অন্তক্ত বুড়ীর হাতের সার্টিফিকেটট, দেখে নিল। বুড়ী লাস নিতে এসেছে সংকারের জন্ম।

— আয় হাবা। আঁচল দিয়ে হাবাকে আর নিজের নাক পর্যাত্ত ঢেকে, চোথ ছুটো শুধু থোলা রেথে বুড়ী থাম ঘেঁসে বসে রইল।

ডিউটীর পিনিক চড়েছে অন্তক্লের মাধায়। তাঁতের মাকুর মত মার্চ্চ জমিয়েছে কাঁকরের ওপর।

## দণ্ডমুণ্ড

—কত দেরী হবে সেপাই বাবা ?

অন্তক্ল বুড়ীর প্রশ্নে তাকিয়েও দেখলো না। বুড়ী কিস্কু উসথুস করতে কথাবলার জন্মে।

—এই হাবাই হলো গোপীর ছেলে। আমার এই একটি নাতি। অফকুলেব কানে ভোঁ ধরে গেছে তথন। রাবণের চিতার শক্ষা হু হু করছে। পালা জরের মত হাত পায়ে জমাট ডিউটিব জালা ধরে গেছে!

—ছেলের মধ্যেও আমার ঐ একটি, গোপী।

এতক্ষণে কাক জেগেছে। ফ্র্নাইরে গেছে। নুরের পাচিলের গুমটির ওপর আলোগুলো ঝাপদা হয়ে গেছে জলত্বা চোথের ফ্রন্ত। জেলের ভেতর ঘুমভাঙানো বিউপল বেজে উঠেছে ভাঙা গলায়। ফুটক খুলে ঝাছু বালতি নিয়ে মেথরেরা বেকছে একে একে। মোটন গাড়ী ছুটো হর্ণ দিয়ে মোড় ফিরলো পাকুড় গাছের কাছে—বছ স্থকে।

অন্তক্ত শান্ত হয়ে দাঁডালো।

অনেকে এসে গেছে। লাইন বেঁধে দাঁচিয়ে গেছে ওয়ার্ডারেরা। হাবিলদার এসেছে। কম্পাউগুরেবাবু দাঁচিয়ে আছেন। আর…।

খাটিয়ার ওপর শোষানো আছে, দাদা মলমলে ঢাক। গোপী দোসাদের লাস—মরা কুমীরের মত। বুড়ী গাটিয়া ছুঁয়ে বসে আছে। হাবা ঘুর ঘুর করতে এদিকে ওদিকে।

কুমীরের মত কেন ? অন্তকুলের মনে পডলো ছেলেবেলায় দেখা মামাবাড়ীর একটা ঘটনা। রূপনারায়ণের খালের একটা কুমীর তিল ক্ষেতে উঠে পড়েছিল ভুল ক'রে। গাঁয়ের লোকেরা তাকে পিটিয়ে মেরে এমনিভাবে সটান শুট্যে রেথেছিল ক্ষেতের ওপর। আগুরিদের বিধবা ছোটবৌকে কিছুদিন আগে অনেক খুঁজেও পাওয়া যায়নি। নিশ্চয় তাকে থেয়েছে এই শালা কুমীর।

কম্পাউণ্ডার বললো—মিছেই এলি বুড়ি। লোকজন কৈ তোর ?
নিয়ে যাবি কি ক'রে ?

- —জাতের কেউ এল না। রোগে ত আর মরেনি। রাজী হলোন। কেউ ছুতে।
  - —কিছু টাকা থসালেই আসতো।
  - —তাও সেধেছিলাম। তবুও এল না।
  - একটু ভেবে নিয়ে কম্পাউণ্ডার বনলো—কি জাত ?
  - -- রবিদাস বাবা!
  - —আচ্ছা, বার কর টাকা। এখুনি জাত জোগাড় করে দিচ্ছি।

বুড়ী কি যেন হাতড়াচ্ছে, আঁচল ঢাকা থাকায় বোঝা যাচ্ছে না। হাবিলদার আর ওয়ার্ডারেরা এগিয়ে এল। সকলের চোথে যেন লালা ঝারে পড়ছে। ছুটো মেথর কাজ ভুলে বদে পড়লো সেইথানে।

হাবিলদার কম্পাউ গুরের কানে কানে বললো—বেশ কিছু এনেছে বুড়ী।

— গ্যাংগের গোদা, কিছু তো রেথে গেছে নিশ্চয়।

ক'টা টাকা বের করতে বুড়ী দেরী করছে বড়। হয়তো তোড়ার গেরো খুলতে পারছে না। ওয়ার্ডারেরা অন্তক্লের দিকে আড়চোথে তাকিয়ে নিয়ে বললো—তুমি বাবা ঐ দিকেই থাক। চুগলিবাজ!

কম্পাউগুার বললো—নে বুড়ী, একটু জলদি কর।

—এই নাও। একটা ময়লা রূপোর হাস্থলী বার করে সামনে ধরলো বুড়ী।

বুড়ী হাঁপাচ্ছে, গায়ের আঁচল পড়ে গিয়ে গলার দার্গটা দেখা বাচ্ছে। হাস্থলীটা খুলতে গিয়ে টানা হেঁচড়ায় ছড়ে গেছে থানিকটা।

অপ্রস্তুত হাবিলদারের গোঁফ ঝুলে পড়লো, বেকুবের মত কেঠো

# দওমুত

গাসি হেসে তাকালো কম্পাউগুরের দিকে। মেথর ছুটো মুচকি হেসে মুগ ফিরিয়ে নিল।

গলা ঝেড়ে নিয়ে কম্পাউণ্ডার বললো— এটা রেখে দে বৃড়ী। এতে কিছু হবে না।

সকলেই একটু নিঝুম হয়ে গেছে। হাবিলদার হঠাৎ গজে উঠলো।
—আঃ, এই বুড়িয়া, হাত সরা শীগগির। চোথের সামনে কি করছে
দেখ।

মলমল কাপড়ের ঢাকাটা একটু সরিয়ে গোপীর মাথায় হাত বুলোচ্ছিল বটী। ধমক থেয়ে হাত সরিয়ে নিল।

অফুকুলের পাহারা শেষ হতে খুব বেশা দেরী নেই । কি ভেবে সে'ভ এগিয়ে এসে দাডালো।

কম্পাউণ্ডার ব্যস্ত হয়ে বললো—বিপদে ফেলেছে বুডী। লাস স্রাবার নাম করে না। এইবার ভেপদে গন্ধ ছাডবে। অগতা।

কম্পাউণ্ডার বিড়ি ধরিয়ে আরম্ভ করলো—তুমি তে! শোননি অন্তক্ল গোসাই, কটা দিন কী উৎপাতই করলো এ ব্যাটা দোসাদ। আমি স্বচক্ষে দেখেছি। ইস!

বড় জমাদার—বড় ভারি ডাকু ছিল বৃঝি ?

— ওরে বাবা! ভাগ্যিস্ সেদিন নিলিটারীর গাড়ী পৌছে গেল সময় মত, নইলে প্রাণ নিয়েছিল সেযাত্রা। মহারাজগঞ্জের সডক ধরে জঙ্গলে জঙ্গলে ফিরছি চাতরা থেকে। নদীর পুলটার কাছে এসে দেখি পথে পড়ে আছে তুটো গাড়োয়ানের লাস। টাঙি দিয়ে কুপিয়ে কুপিয়ে মারা হয়েছে। গাড়ীর আটা ঘি সব লুটে নিয়ে গেছে। অর্দ্ধেক ছড়িয়ে পড়ে আছে রাস্তার ওপর।

ওয়ার্ডারের। বললো—ও কি ভেবেছিল পৃথিবীটাকে ? আইন নেই ? সাজ। নেই ? মালিক নেই ?

বিভিতে জোরে টান দিয়ে কম্পাউ গ্রার বললো—স্বচেয়ে তুঃখ হয়েছিল পুলের কাছে সেই মন্দিরটার দশা দেখে! ক' হাজার বছরের পুরণে মন্দির—জঙ্গলটাকে কত পবিত্র করে রেখেছিল। আজ পর্যান্ত কলের প্রেগ নদী পার হয়ে এদিকে আসতে পারেনি। সে ঐ মন্দিরের বিগ্রহের মহিমা। দেখলাম, এই মন্দিরের কপাট ভেঙে অমন স্কুন্দর নভলকিশোরের রূপোর চোখ তুটো উপডে নিয়ে গেছে।

—চণ্ডাল! চণ্ডাল! ফাঁসিতে কি হয়েছে ওর ও ওকে ধরে । হাবিলদার বড়ীর দিকে মারমুর্তি হয়ে তাকালো।

কম্পাউণ্ডার—তারপর, লুট করবি তো ক্র, গরুর গাড়ী ছটোতে আগুন লাগালি কেন? আমরা যথন পৌছেছি, তথন একটা গরু ঝলসে মরেই গেছে আর বাকীগুলো ছটফট করছে তথনো।

ওয়াডারের। একসঙ্গে প্রায় ক্ষেপে চেঁচিয়ে উঠলো—মুতে দাও পাপীর লাসের ওপর। কুকুর দিয়ে মৃতিয়ে দাও।

কম্পাউণ্ডারের বিড়ি শেষ হয়েছে।—কিন্তু বাবা, পলাইতে পথ নাই যম আছে পিছে। এখন টের তো পেলে? দাঁডকাকে ঠুকরে থাবে যে এইবার!

হঠাৎ পচা মহুয়ার গন্ধে বাতাসটা সিঁটকে উঠলো। টলতে টলতে আসছে হরি—ফাঁসিঘরের ডোম। হাতে একটা বড মেটে সাবান, কোমরে নতুন তোয়ালে জড়ানো।

—একি ? বেড়ে সব বসে বসে শবসাধন। করছ! লাস সরেনি এখনো। বড় সাহেবের জ্বতোর ঠোকর আছে কপালে।

একজন ওয়ার্ডার বললো—হরিয়া, ঐ দেখ।

# দওমুও

—কি ?

আর একজন ওয়ার্ডার আঙ্ল তুলে হাবাকে দেখিয়ে দিল।

হরি—ওটা কে ?

কম্পাউগ্রার—গোকুলে বাডিছে যে !

বড জমাদার—গোপীডাকুর ছেলে!

হাবা নিজের মনে কাকর নিয়ে খেলছিল। হরি হাতকালি দিয়ে আদর করে ডাকলো—আয়। আয়। আয় বেটা মেরা।

হাবা দৌড়ে এদে হরির কোলের ওপন লাফিয়ে চড়ে বদলে।। হাবার প্লোমাথা পাছাটা হাত দিয়ে পরিষ্কার করে দিয়ে হরি বললে।—জলদি বড হ বেটা। আমার পেন্সনের সময় হয়ে আদছে। তোকেই বদিয়ে যাব আমার গদিতে। আর তো উপযুক্ত কাউকে দেগছি না।

কারু মনে নেই যে অন্তর্ক সেখানেই দাঁড়িয়ে আছে। প্রির হয়ে দাঁডিয়ে আছে অন্তর্ক—চোগের তাবা ত্টো তার পাথর হয়ে গেছে যেন।

কম্পাউণ্ডার অন্তকূলকে আড় চোপে ভাল করে একবার দেখে নিয়ে বৃড়ীকে প্রশ্ন করলো।—ভোর গোপী এ পথে এল কেন বৃড়ী গ্নামলাতে পারিসনি গ

আপত্তি করলো হরি—কেন মিছে গল্প দ্বমাচ্ছ কম্পাউণ্ডারবার।

ভাকাতের গল্প। সকলে শুনতে চায় সেই বক্তবীজের কাহিনী—
মহারাজগঞ্জের জঙ্গলের নরশাদ্লি। লুট, রাহাজানি, নরহত্যার •িনভীক
অবতার গোপী দোসাদের গল্প। এখন ও ক্য়াসা সরেনি। পৃথিবী জাগে
নি। শেষ ঘুমের ছঃস্বপ্লের মত শোনাবে ডাকাতের জীবন কথা।

—বল বুড়ী বল! ওয়ার্ডারেরা সকলেই উৎস্কুক ও উন্গ্রীব হয়ে হুকুম জানালো।

বুড়ী আরম্ভ করলো—ছেলেবেলা থেকেই বড় পেটুক ছিল আমার গোপী।

হেদে উঠলো সকলে—এই সেরেছে! ভারি কথা শোনালে। পেটুক কে না পৃথিবীতে? তা বলে সবাই তো আর ডাকাত হয় না বুড়ী।

—ছেলেবেলাতেই একবার চিলের মাংস থেয়ে কলেরা হয়েছিল গোপীর। সে-যাত্রা ভগবান বাঁচিয়ে দেয়।

আরও জোরে হাসির হর্রা উঠলো।—ইা এইবার বলেছে বর্টে। ভাকাতের ছেলেবেলা—চিলের মাংস থাবে. পিশাচে পাবে. তবে তো।

- —হা বাবা, সত্যই একবার পিশাচে পেয়েছিল ওকে। ওঝা ডাকিয়ে অনেক ঝাড়ালাম। কিছুই হলো না। গাঁ ছেডে পালিয়ে গেল গঞে। হাবিলদার—চাকরী করতে না চুরী করতে।
- —ভিক্ষে করতে। সমস্তদিন হালুইকরের দোকানে ঠোঙা কুড়িয়ে থেত। পুরি মেঠাই থেয়ে জিভ বড হয়ে গেল, আর কি ঘরে ফেরে। কম্পাউগ্রার—তারপর ?
- —শেষে ক'বছর পরে, থেয়ে থেয়ে মৃটিয়ে দামভা হয়েছে যথন, তথন বিয়ের লোভে ঘরে এল একদিন। হাবার মা যথন এল তথন সে এইটুকু। ঐটুকু মেয়েই ধুচুনী বেচে ছোড়াকে থাইয়েছে, কত সেবা করেছে। আর হতভাগা……।

রাণে অভিমানে বৃড়ীর পলার স্বর চেপে এল—হতভাগা দিনরাত ঠেঙিয়েছে বৌকে। সন্দেহ করে লোহা তাতিয়ে ছেঁকা দিয়েছে। বউ শেষে ঘরের বার হওয়া বন্ধ করলো।

বড় জমাদার—তার পরেই বৃঝি ডাকাতি ধরলো।
—না, লেঠেলি—মোহাস্তদের লেঠেল হলো গোপী।
কম্পাউগ্রারের চোথে হঠাৎ প্রবল একটা উৎসাহ কিলবিল করে

# দওমুও

উঠলো।—হাঁ হাঁ মনে পড়েছে। সেই ফৌজদারী মামলা—দিমেন্টের খাদ নিয়ে মোহাস্ত আর চৌধুরীবাবুদের ফৌজদারী। এ পক্ষে দোসাদ লেঠেল ওপক্ষে জংলী মাঝি। বরাকরের দহে কত লাস গুম হলো। তিন বছর পরে মামলা। পাটনাই ব্যারিষ্টারের দল সপ্তরাল জেরায় গ্রম করে ছেড়ে দিল আদালত। দেড় শো সাক্ষী, ন লক্ষ টাকা খরচ। কিন্তু আলবং মোহাস্তদের মোচ! মরদের মোচ বলতে হবে। টাকাব দরিয়া বইযে দিল—একটা লোককেও আইনে গাখতে পারলো না। লেঠেলদের ক'জনের তু'চার মাদের ক্ষেদ্ হলো শুধু।

—হা, আমার গোপীর ও ছ'মাস হযেছিল।

হাবিলদার—হঁ বৃঝলাম, তথন থেকেট গোপী তোমার হাত পাকিয়েছে।

বৃড়ী কি বলতে গিয়ে থেমে গেল।

ওয়ার্ডারেরা বললো—থামছিদ কেন ? বলে যা, পাপীপ কাহিনী রামায়ণেও আছে, শুনতে দোষ কি ?

—জেল থেকে ফিরে গোপী চাকরী নিল। তিলিদের কাঠের গোলায় করাত টানতো। ত্'আনা করে পেতও রোজ। কিন্তু ছেলে-বেলার দেই পেটুকে দোষ, খাই খাই আর বদমেজাজ। আজ আচার নেই কেন, কাল ত্রকারী নেই কেন। মার থেয়ে থেয়ে হাড মাটা হয়ে যেত বউয়ের।

এদিক ওদিক তাকিয়ে বৃড়ী একবার হাবাকে খুঁজলো।—হাব। তথন হয়েছে। বউ গঞ্জে গিয়ে ভিক্ষে খাটতে আরম্ভ করলো।

কম্পাউণ্ডার—ভিক্ষে কেন ? আগে না কুলো ধুচুনী বেচতো!

- —না, ধুচুনী আর বেচতোনা। বৃড়ী একটু আমতা আমত। করে বললো।
  - —একদিন ভিক্ষে থেকে সমস্ত রাত ঘরে না ফিরে বউ এল পরদিন

সকাল বেলা। গোপা টাঙি নিয়ে কাটতে গেল বৌকে। আমি বুড়ে। নাম্য, কভই বা গায়ের জোব। তবু গোপীর হাতে টাঙি ধরে ঝুলে বইলাম। বৌকে বললাম পালিয়ে যা, ঠেটা বৌ তবু পালালো না।

এখন ও পৃথিবীর ঘুম ভাঙেনি। কার্ত্তিকের ভরাট কুয়াশার আবছায়ায় ডাকাতের টাঙি ঝিলিক দিয়ে উঠেছে। গল্প জমে উঠেছে এইবার। এই তো রক্তাক্ত উপসংখাবের আরস্ত। শ্রোতার দল রুদ্ধ নিশ্বাসে চুপ করে বসে শুনতে লাগলো।

— কিন্তু গোপীকে আটকাতে পারলাম না। আমারও চোপে পড়লো, বউ ধর্ম থারাপ করে এসেছে। চেহারা দেখেই সব বুঝে ফেললাম। মুচ্ছা গেলাম আমি।

বুড়ী ঢোঁক গিলে চোপ বন্ধ করে থানিকক্ষণ নিরুম হয়ে রইল। মুচ্ছার মতই মনে হলো।

হাবিলদার টেচিয়ে বললো—এই বুড়িয়া সামলে।

চোথ খুলে বুড়ী আরম্ভ করলো—জেগে উঠে দেখি, কাটামড়া বউথেব বুকে চড়ে হাবা মাই থাচ্ছে। গোপী পালিয়েছে।

এতক্ষণে বুড়ীর শুকনো খটখটে চোগে জল দেখা দিল। চোগে আঁচল দিল বুড়ী।

—তারপর ? এ প্রশ্ন আর এল না কারও মুখে। সকলের সব কৌতৃহলের যেন ক্ষান্তি হয়ে গেছে।

হরি ভোম দেয়ালে ঠেস দিয়ে একেবারে ঘুমিয়ে পড়েছে—নাক ভাকছে ঘড় ঘড় করে। হাবিলদার অক্তদিকে তাকিয়ে থৈনির ভিবে বার করলো। ওয়ার্ডারেরা গন্তীর মুখে বুড়ীর দিকে একদৃষ্টিতে তাকিয়ে আছে। কম্পাউগুার একটু বিমর্থ, নিজের মনে কি ভাবছে।

এই স্তর্কতার মাঝগানে শুধু হাবাই লাফালাফি করছে কাকর নিয়ে। এই ক্লিয় ইতিহাসের কবল থেকে হাবাই যেন একটু ছিট্কে সরে রয়েছে দূরে।

কম্পাউণ্ডার ভাবছে গোপীর টাঙির কথা। কী নিদারুণ সে টাঙি। মহারাজগঞ্জের জঙ্গলের গাড়োয়ানের আর হাবার মা'র গলায় পড়েছে তার কোপ। গোপী যেন তাব ভাগ্যকে কুপিয়ে বেডিয়েছে, ক্যাপা কাঠুরিয়ার মত।

কস্থর আর সাজা! সাজা আর কস্থর! অন্ধর্পনের দিকে তাকিয়ে, বিছ বিজ করে কথাগুলি মনের ভিত্র আউড়ে একটা দীর্গখাস ডাভলো কম্পাউগুর।

অন্তক্লের চোপের পাতা চ্লে পছেছে ভারি হয়ে। পরম কদ গল্পক্লের চেহারাই এ নয়। ধ্যানী শিবের মত স্থিরস্কলন। অপরাধী পৃথিবীর ঐ গলিত অন্ধকারের নিম্মোক বৃরি গসে গেছে তার চোপে।… এখান থেকে এই সভক ধরে পুষ্পিত শাল মত্যার জন্পল ছাডিয়ে—গেকরা পলিপড়া দামোদর। স্থাপিল চুটুপাল্র পাহাডী ঘটি—বাচীর মেঘরঙা গিরিমালার ভীড। তারপর পুকলিয়া রোড, ছপাশে ধানক্ষেত, লাক্ষাচ্যা কুলের জন্পল—ঝালদা। সহে স্থিম, যন্ত্রণায় উজ্জ্বন, আলোয় আলোকিত, স্থচির শ্রাম পৃথিবী।

খাটিরার দিকে তাকালো অন্তক্ত ।—না মরা কুমীর নয়। লড়াইয়ে গায়েল জবরদন্ত এক দেপায়ের লাস, সাদা কলনে ঢাকা। জন্ধ বাহাত্ব গোপী। নাই বা বাজলো বিউগল্, নাই বা বাজলো ড্রাম। কোন বিলাপ গাইতে হবে না ব্যাগপাইপে। কাতার বেঁপে দেপাইরা বিদায় দেবে না গোপীকে। রাইফেল তুলে আকাশে শোকের শট দাগবার নুবকার নেই। কোন আওয়াজ হবে না গোপীর ফিউনারেলে।

ঐ বড় ঝিলের উত্তরে। সোনালী রোদের ছিটে লেগেছে এখন

ফণীমোরব্বার বনে। সেইখানে এক জায়গায়, অজম শান্ত মাটীর ধূলে দিয়ে চাপা দিতে হবে গোপীকে।

খাটিয়ার পায়াতে ঠোকর দিয়ে দাঁড়ালেন জেলার বাবু।

— ভিদপার্স। বেকুব দব। লাদ হটাও এক্ষুনি। ভোম বোলাও,

কুপ করে রাইফেলট। নামিয়ে রাখলো অন্তক্ল। এগিয়ে এফে খাটিয়ার একটা ধার তুলে ধরে বুড়ীকে বললো—উঠাও।

বুড়ী কাঁদ কাঁদ হয়ে বললো—দে কি বাবা, আমি একা কি কেৰে পারি। তার চেয়ে বরং যা খুশী।…..

- ভঠাও। অমুকূল যেন ধমক দিল।
- —এ কি ? এ কি ? সকলে একসঙ্গে সবিশ্বায়ে চেঁচিয়ে উঠল।

হাবিলদার—এ অন্তুক্ল, পাগল হ'লে নাকি ?

কম্পাউণ্ডার—আরে গোঁসাই, চাকরীর ভয় নেই ? তোমার ডিউটা শেষ হয়নি এখনও।

বড় জমাদার—এ অন্তক্ল, উদী ছেড়ে নাও, এ কি করছো তুমি ?

ততক্ষণে গোপীর খাটিয়ার এক দিকটা তুলে অতুক্ল তার ঘাডের পেছনে চড়িয়ে ফেলেছে। অপর দিকটা বুড়ীর মাথার ওপর। লাল কাঁকরের রাস্তা ধরে, ফটক ছেড়ে বিশ গজ চলে গেছে তারা।

পাকুড় গাছটা পার হয়ে বড় সড়কের ওপর এসে ওরা উঠলো। হাবা সমান তালে পা ফেলতে পারছে না, পেছনে দৌড়ে দৌড়ে চলেছে। ঝিলের দিকে মোড় ফিরতে পথের একটা ঘুমন্ত থেঁকি কুকুর জেগে উঠে উৎসাহে লেজ নেড়ে ওদের সঙ্গ নিল।

অমুক্লের রাইফেলটা তুলে নিয়ে হাবিলদার কম্পাউগুরকে ফিস ফিস করে বললো—ভিসমিস !

কম্পাউণ্ডার—তবুও ভাল, জেল যেন না হয়।

# গ্লানিহর

হিরোতা মারু পোতাশ্র ছেডে অনেক দূরে এগিয়ে এসে এবার ডাইনে মোড় নিল। ধীরে মিলিয়ে গেল এপোল। বন্দরের অল্লেহী টাওয়ার আর ঠাসাঠাসি নোঙর করা কার্গোবোটের মাস্তলের ভীড। নিস্তরঙ্গ আরব সমুদ্রের বুক চিরে হিরোত। মারু চলল ক্ষুদ্ধ সিদ্ধুঘোটকের মত সাঁতার দিয়ে—তার সধ্ম প্রধাসবায় মেগের মত উচে গিয়ে এলিফান্টা পাহাড়ের ছোট চুড়োটাকে ঘিরে বরল। বোদায়ের মাথার ওপর তার ঘনমসী কালে। ধোমার স্বগোল মারাঠী টুপিটা শুধু স্কৃষ্কির হয়ে লেগে রইল উত্তরের আকাশে।

ঠিক এমনি সময়ে হাঁ করে এই আকাশ ভ্রনের থেল। দেখাটা যে কত বড় মৃচতা, তা টের পেলাম ডেকের উপর দৃষ্টি পড়তে। শোণপুরের মেলার একটা ভগ্নাংশ যেন—এত ভীড়া এরি মধ্যে বিছানা বিছিয়ে যে যার জায়গা কায়েমী করে নিয়েছে। বাক্স তোরঞ্চ বদনা ছড়িয়ে চৌহদ্দি রেখেছে পাক। করে। স্থান নেই। কিন্তু স্থান চাই, শুতে হ্বে। এডেন পৌছতে পুরে। ছটি দিন, ঠায় দাঁড়িয়ে তো আব বাওয়া যায় না।

কাথিয়াবাড়ী বেনেরা তাদের ভেঁড়। জুতোগুলো পর্যন্ত ত্বহাত অন্তর এলোপাথাড়ি করে সাজিয়ে রেথেছে—যতদূর পারে দগলের পরিদিরেথেছে ফলিয়ে। মৃত্তিমান স্বার্থোন্সাদ সব, ক্ষ্রের মত শান দেওয়। সওদাগরী বৃদ্ধি, শত অন্ধরোধেও কোন ফল হবে না।

জাঞ্জীবার বোরারা চলেছে। লবঙ্গ বেচা টাকায় লাল লাল চেহার। প্রত্যেকের তুটী করে বিছানা, একটী শোবার আর একটি নেমাজ পড়বার। সামনে দাঁড়িয়ে মুর্চ্ছা গেলেও এরা আধ হাত বায়গা ছেডে

দেবে না। আমারি মত নিরুপায় এক পালেন্ডিনী ইছদী সাহেব অগত্য তার স্কটকেশটার ওপরেই বিছানা পেতে গুটিস্থটি হয়ে শুয়ে পডল কিন্তু আমি কি করি।

নজরে পড়ল ডেকের শেষপ্রান্থে থাচার মত মুগোমুথি তুটো বেশ স্থারসর কাঠের ঘর, ওপরে নোটিশ।লেখা—For horses only; গুধু ঘোড়ারা থাকিবে। এখন কিন্তু ঘোড়ারা নেই, ফিরতি পথে রেসের গোড়া যাবে। বাক্স বিছানা সমেত একটা খাচায় চুকে পড়লাম। দূরে দাড়িয়ে জাহাজের কোরিয়ান মেথরটা আমার গতিবিধি লক্ষ্য করছিল। এগিয়ে এসে আপত্তি করতেই একটা সিগারেট উপহার দিলাম। খুনী হয়ে চলে গেল।

দিতীয় থাচাটার দিকে লক্ষ্য পড়তেই বিশ্বিত হতে হ'ল। সপরিবারে এক বাঙালী ভদ্রলোক সেথানে আশ্রয় নিয়েছেন। ভদ্রলোক, তাঁর প্রা আর ছটি ছোট ছোট ছেলে—একটি বছর পাচেক আর একটি ছগ্ধপোষ্য, মাত্র হামা দেবার বয়সে পৌছেছে। খুশী হলাম দেথে। বাঙালী সহ্যাত্রী, তবে মনের স্থথে বাঙলা বলা যাবে—দিন যাবে ভাল ভাল। তা ছাড়া একজোড়া বাঙালী থোকা, জাহাজী জীবনে কচিং এমন যোল আনা স্বদেশী সঙ্গ মেলে।

কিন্তু বড় নিরাশ হতে হ'ল। অবাক হলাম ভদ্রলোকের সৌজন্ত-বোধের অভাব দেখে। এঁদের দিকে এগিয়ে যেতেই ভদ্রলোক চকিতে একবার দেখে নিয়েই মুখ ঘুরিয়ে পাশ ফিরে শুয়ে রইলেন। ভদ্রমহিল। ঘোমটা টেনে কাঠের সিন্দুকটার আড়ালে গিয়ে বসলেন। সাগ্রহ আলাপনের উৎসাহটা উল্যোগেই ক্ষান্ত হয়ে গেল। নিজের খাঁচায় ফিরে এলাম ক্ষুর হয়ে।

শুয়ে শুয়ে দেখছি মহিলাটি ষ্টোভ জেলে থিচ্ড়ী রাঁধলেন। ভদ্রলোক

# গ্রানিহর

মার বড় ছেলেট। খেযে নিল। শিশি থেকে গুঁড়ো তুধ বার করে নিয়ে জাল দিলেন—ছোট ছেলেটাকে খাওয়ান হ'ল। ভদ্রলোক সিগারেট মুখে দিয়ে শুয়ে বই পড়তে লাগলেন। মহিলাটিও খাওয়া দাওয়া দেরে নিয়ে তোরঙ্গ থেকে কাঁথ। বার করে সেলাইয়ের কাজে মন দিলেন।

বিকেলের দিকে জাহাজের দোলা বেড়ে গঠায় ঘুম পেল ভেঙে।
চোথ বুঁজেই শুনছি মাথার কাছে কুর কুর একটা শব্দ। চেয়ে দেখি
বছ ছেলেটা আমারি মাথার কাছে বিছানার কোণে বসে এক বাটি
গরম কফি নিয়ে থাছে আব মাঝে মাঝে মিছ্রি চিবোচ্ছে স্পকে।
ছোট ছেলেটাও মেঝের ওপর বসে একটা থালি সিগারেটের কৌটে।
নিয়ে ছুহাত দিয়ে কুটি কুটি করে ছিঁড়ছে। বছ ছেলেটাকে প্রশ্ন

- --পটল।
- —ও তোমার কে হয় ?
- আমার ভাই পণ্ট্।
- —আর উরা কার। গ বাবা আর মা গ
- <u>---₹1 1</u>
- —কোথায় যাচ্ছ ভৌমরা ?
- আমরা যাচ্ছি কেপ।
- —তোমার বাবা বুঝি সেখানে চাকরী করেন ?
- —ই| I

প্রত্যেকটি প্রশ্নের যথাযথ উত্তর দিল পটল। এবার তার পালা। প্রশ্ন করল—তুমি কে ?

—আমিও চাকরি করি। যাচ্ছি এডেন।

- —তোমাকে কে বানা করে দেয় ?
- —আমি হোটেল থেকে থাবার কিনে থাই।
- —তবে তোমাকে হাওয়া করে কে ? যথন কাশি হয় ?

পটলের প্রশ্নে কৌতুক আর কৌতৃহল জাগিয়ে তুলল। জিজ্ঞাস করলাম—তোমার বাবার বঝি থুব কাশি হয় ?

- হা, হাপানি কাশি। কাউকে বলবেন না কিন্তু।
- —কেন বল ত १...পটলের কথাবার্ত্তা ধাঁধার মত ঠেকছে।
- —জাহাজের ডাক্তার আমাদের নামিয়ে দেবে তা হ'লে।····পটল উত্তর দিল।

এইবার বুঝলাম। ছেলেটির বুদ্ধি-শুদ্ধি বেশ পরিন্ধার। দেখলাম আলাপের সন্ধী হিসেবে পটল নেহাৎ নগণ্য নয়। এ বিষয়ে বাপের চেয়েও বেশী শালীনতার পরিচয় দিয়েছে সে।

প্রশ্ন করলাম—তোমার বাবার নাম কি ?

- —বিকাশচন্দ্র গাঙ্গুলী।
- —তোমাদের বাড়ী কোথায় পটলবাবু ?
- --কিম্বালি।
- —আর মামাবাড়ী ?

পটল থানিকক্ষণ ভেবে নিমে বলল—ইণ্ডিয়। আমার প্রশ্ন-প্রবাহে বাধা পড়ল। এ সব আবার কি বলে! বাড়ী কিম্বালি, মামাবাড়ী ইণ্ডিয়া? মনে মনে বিচার করে দেখলাম—তাই হবে বোধ হয়। বেচারা গাঙ্গুলী হয়ত বছদিন দেশ ছাড়া। পেটের দায়ে পড়েছে গিয়ে স্কুদুর কিম্বালি।

এবার নজর পড়ল ছোটটার ওপর। ডাকলাম—পন্টু। ছেলেটা ক্রুত হামা দিয়ে চলে এল। পটল চেঁচিয়ে উঠল—বিছানায় বসাবেন

## গ্রানিহর

না, মুতে দেবে। এই বলে সে পন্টুকে সবলে তুহাত দিয়ে ধরে বুকের ওপর ঝুলিয়ে নিয়ে বেতালা পা ফেলে চলে গেল।

পটলের মা যে আধুনিকা নন তা বুবতে দেরী হয় না। মাথার ঐ ঘোমটাটিই তার প্রমাণ। তবে তিনি সাহদিকা নিশ্চয়ই। ছটি শিশু সন্থান নিয়ে স্বামীর সঙ্গে দূর কিম্বালিতে গিয়ে স্থাথে ঘর করছেন— বাঙলার ছায়া স্থানিবিড় পল্লার এক টুকরে। সংসার রুফ্থ মহাদেশের কোলে এক মক্ষ উপত্যকায় ছিটকে গিয়ে পড়েছে।

থাওয়া শোয়ার সময়টুকু ছাড়া পটল আর পন্টু সব সময আমারই আশে পাশে ঘুর ঘুর করে বেড়ায়। পন্টু এক একবার ক্লান্ত হয়ে মেঝের ওপর ঘুমিয়ে পড়ে—বিভানায় তুলে নিই। পটল তার মায়ের ইসারা পেয়ে কথনও কথনও চলে যায়—ভেকের দোকান থেকে সোড়া দেশলাই সিগারেট কিনে আনে। তপুরে যথন মহিলাটি গাঙ্গুলী মশাইয়ের সঙ্গে আনাগারের দিকে যান, পটল তখন বসে জিনিষপত্র পাহারা দেয়, পন্ট্র ওপর চোথ বাথে।

দিন কাটছিল। আর কটাই বা দিন ? গান্ধুলীর অসামাজিকতায় ক্ষ্ম হয়েছিলাম সত্যি কিন্তু পটল আর পন্ট দে ক্রেটী ভালভাবেই মিটিয়ে দিচ্ছে। দিবারাত্র সমুদ্রের একটানা কলোচ্ছ্যুদ; কাণ ও মন চই বিধির হয়ে যায়। পন্ট ও পটল আচমকা এনে মিঠে কলরব জাগিয়ে তোলে। একটু স্বজনতা পাই, তাতেই মন ভরে ওঠে!

পটল ছেলেট। বড় কাজের। পিচুড়ী রান্না থেকে বিছানা করা পথ্যস্ত প্রত্যেকটি কাজে দে তার মাকে সাহায্য করে। ভাবছি এত বৃদ্ধিমান ছেলেটা, লেখাপড়া শিখছে ভো? নইলে হয়তো কপালে কুলিগিরি আছে। যে সাংঘাতিক দেশে থাকে! পটল এসে ডাকল—

মিষ্টার, কি করছ ? জিজ্ঞাদা করলাম—পটলবাব, তুমি লেখাপড কর না ?

- —হা, আমি আর মা পড়ি!
- —কে পড়ায় ?
- —বাবা। পন্ট্রপডবে আর একটু বড হ'লে।

চুপ করে এদের কথা ভাবছি। গাঙ্গুলীর সঙ্গে সাক্ষাং পরিচয়েব সৌভাগ্য হয় নি। পটলের সঙ্গে এমনি ধরণের খণ্ড আলাপের ভেতর দিয়ে তাদের পরিচয়টা ক্রমশঃ প্রত্যক্ষ হয়ে উঠছে।

পটল বলল—জান মিষ্টার, আমি বিলাত যাব পড়তে। বাব। বলেছে। বললাম, তাই নাকি ? বেশ বেশ, নিশ্চয়ই যেও, পটলবাবু।

পটল আবার বলল—আমার বিয়ে হবে মেনের সঙ্গে, মা বলেছে। লক্ষিত হয়ে পটল বালিশে মুখ গুঁজে রইল।

আদর করে পটলের মাথাটা ঝেঁকে দিয়ে বললাম—বিয়ের সময আমাকে নিমন্তর করতে ভূলো না যেন। পটল একটু সিরিয়াস হংফ সাগ্রহে বলল—তবে তোমার নাম লিখে দিয়ে যাও। চিঠি দেব।

নাম লিখে দিতে হ'ল।

গাঙ্গুলী তার নিত্যকার নিয়ম মত বৈকালীন ভ্রমণের জন্ম ওপরের ডেকে উঠে গেলেন। আমিও উঠব উঠব করছি। মহিলাটী বালভিতে থিচুড়ীর চাল ধুচ্ছেন—মাথার ঘোমটা থদে পড়েছে।

দেখছি। স্থির দৃষ্টি নিয়ে দেখছি ঐ মহিলাটীকে। মহিলা? মিদেস গাঙ্গুলী ? পটলের মা ?

চোথ তুটোকে লোহার শিক দিয়ে কে যেন নির্ম্মভাবে খুঁচিয়ে দিল। এ তো মহিলা টহিলা নয়! এ যে আমাদের ভৈরব মালীর মেয়ে মালতী।

#### গ্রানিহর

এই মালতী, যে জেঠামশায়ের বাড়ীর ঝি ছিল! কথাবার। নেই হাং জেঠিমার গয়না চুরি করে পালাল, শিশির বেয়াবার সঙ্গে। দরা পড়ে জেলে গেল। ফিরে এসে ঘর নিল কাশীর এক কুখাত পাড়াম। তার প্রান্থাম্পদ শিশির বেয়ারা তারই হাতে খুন হ'ল একদিন। তারপর থেকে সে ফেরার। পুলিশ এতদিন গোঁজাখুজি করেও হদিস পায়নি। তার জানি। আমি ওর সাক্ষাং চিত্রগুপ্ত। ওর পপে জীবনের সমস্ত তালিকা আমার কাতে গচ্ছিত।

এখন বুঝেছি ঐ আধ হাত ঘোমটার অর্থ। ছি ছি, একেই এতদিন মনে মনে এত স্তুতি করে এসেছি। ঘটনার পাকে এত বছ বাঙ্গ বুকিয়েছিল প্রহেলিকার মত!

গ্রনার শোকে জেঠিমার বৃক্ফাট। চীংকার যেন শুনতে পাচ্ছি। ভাকব পুলিশ। আমি শুধু ওর চিত্রগুপ্ত নই, আমি এবার ৭স যম।

···সোজা জিজ্ঞেদ করব—ভাল চাদ তো মাগি জেঠিমার গয়নাগুলে। ফিরিয়ে দে। তা হ'লে ছেড়ে দেব, নইলে রেহাই নেই।

···আরো জানবার আছে। স্কুম্পষ্ট উত্তর চাই—শিশিবকে খুন করল কেন গ গান্ধলীর সঙ্গে কতদিন আছে গ

···না হয় একবার সামনে আস্ক ! ক্ষমা চা'ক, অকপটভাবে স্বীকার কল্পক অপরাধ। তারপর বিচার করা যাবে চেডে দেওয়া যায় কিনা।

···কানটা ধরে একবার জিজেদা করলে হয়—এগনো পিরিতের ব্যবদ।
ছাড়তে পারলি না ? গাঙ্গুলির কাঁচা মাথাটা না থেলে আর চলছিল না ?
কেন > সন্ন্যাসিনী হতে পারিসনি—বুন্দাবন-টন গিয়ে ?

অনেক কিছুই বলবার ছিল কিন্তু বলা আর হ'ল ন। আজ। একটা অজ্ঞাত সংস্কাচে মনের সমস্ত উদ্ধৃত বাচালতা স্তব্ধ হয়ে গেল।

কিন্তু বলতেই হবে।

কিংকর্ত্তব্য গুলিয়ে গেল। একটু প্রকৃতিস্থ হয়ে দেখলাম পণ্ট ুতার অদ্ধভুক্ত বিষ্ণুটের গুঁড়ো ছড়িয়ে বসে বসে আমার বিছানাটাকে নোংবা করছে। টেনে নামিয়ে দিলাম—যা এখান থেকে এক্ষুনি চলে যা।

পটল ছবির বই দেখছিল। বললাম—এই ছোড়া, ভাগ হিঁয়াসে: আর আসিস না।

পটল আর পন্ট্র চলে গেল।

···শিশির বেষারা ঘটিত কাহিনীটা শুনিয়ে দেব, তাতেও যদি মৃথ লোকটার ছঁস হয়। কিন্তু সন্দেহ হচ্ছে, ওকে বলেও কোন স্থফল হফে কি ? এই গাঙ্গুলীই হয়তো একটা রসাতলচারী নররূপী সরীস্থপ। ছেনে শুনেই কালনাগিনীর সঙ্গে এক বিবরে বাসা বেধেছে।

···নাঃ, কিছু একটা করতে হবে। এই পুংশ্চলী নারীটার এড নিথুঁত পাতিব্রত্যের অভিনয় আর সহাহয় না।

পটল আর পণ্টু এদিকে আর আদে না। নিশ্চিন্ত হলাম। আর্ যেন না আসে। এখন কি করা কর্ত্তব্য সেইটাই ভাবি।

## · গ্রানিহর

মাথার কাছে থদ থদ একটা শব্দ হতেই তাকিয়ে দেখি পটল এদে দাড়িয়েছে। অন্তদিনের মত বিছানা থেদে নয়—একটু দূরে। তাকাতেই বলল—মিষ্টার, তুমি আমাদের মারবে কেন ?

- —কে বলেছে আমি ভোদের মারব ?
- —হা, মা বলেছে তোমার কাছে গেলে তুমি মারবে। বছ পাকা পাকা শোনাল ছেলেটার কথা। বললাম।—যা নিজের যায়গায় যা, চট্ চট্ করিদ না এথানে।

পটল পণ্টু নিজেদেরই বিছানায় বদে সারাদিন থেলে, আবোল তাবোল বকে, পায় আর খুমোয। মালতীর মাথায় এই কদিন আর ঘোমটার বলাই নেই। এ দৃশ্য দেখি, চক্ষু পোছে, অফুদাইও হয়।

···আংজাই তলব করব তুজনকে। শেষ স্বাধান বাণী শুনিষে, প্রতিজ্ঞ। ক্রিয়ে, ছেড়ে দেব।

পটল অতিমাত্রায় ব্যস্ত হয়ে লৌডে এসে বলল—মিষ্টার, ভোমার দেশলাইটা দাও তো। ষ্টোভ জালতে হবে, শিগগির দাও। পটলের মৃথ শুকনো শুকনো দেখাছে। প্রশ্ন করলাম—কেন পটল কি হয়েছে? এত ইাপাছে কেন ?

—তেল কপূবি গ্রম করব। বাবার ইাপানি ধ্রেছে, বুক বাথ। করছে।

দেখলাম গাঙ্গুলী মশায় শুয়ে শুয়ে ছটফট করছেন। সা সাঁ করে হাপাচ্ছেন বুকে হাত রেখে। মালতী এক হাতে তাঁর বুকে হাত বুলোচ্ছে অপর হাতে করছে পাথার বাতাস।

পটল ষ্টোভ ধরিয়ে একটা বাটিতে তেল কপূর্ব চড়িয়ে দিল। ওদিকে আমার কিছু করবার নেই। ভাজা কপূর্বের স্থান্ধ ভেসে

আসছে। প্নীুস্বেগে হামা দিয়ে ঘরে এসে ঢুকল। এর সঙ্গেও আজ আমার কোন কাজ নেই।

ইাপানির জোর বেড়ে চলেছে ক্রমশ:। এবার সাঁ সাঁ শব্দ ছেডে দস্তর মত আর্ত্তনাদ স্তব্ধ হ'ল। মালতী গাঙ্গুলীর পায়ে হাত দিং দাঁডিয়ে আছে চুপ করে।

দৃষ্টি ফিরিয়ে নিয়ে বাইরের দিকে তাকালাম। জল আর আকাশের নীলঘন রূপ ফিকে হয়ে এসেছে। এডেন বোধ হয় আর বেশীদূর নয়।

শেষ কথাটা ভানিয়ে দিয়ে নেমে পড়তে হবে। কিন্তু কথন বলি १

পটল আন্তে আন্তে এদে কানের কাছে ফিস ফিস করে বলল— ডাক্তারকে বলে দিও না, মিষ্টার। আমাদের নামিয়ে দিলে খুব কষ্ট হবে, বুঝলে ?

কর্ত্তব্য আর স্থির হ'ল না। একটা অলক্ষ্য ভীরুত। এসে শেষ কথাটাকেও একেবারে চাপা দিয়ে দিল—বলা আর হ'ল না।

ভাবছি পটল ও পন্টু। বছ হবে, বিলেতে যাবে। মেম বিয়ে করবে। এদের জীবনশোণিত নিশ্চিহ্ন হয়ে মিলিয়ে যাবে মহামানবের সহস্র সোতে।

ভাবছি—মালতী আর গাঙ্গুলী। কোথায় তারা? আদিম নীহারিকার মত সব অন্ধকারের বোঝা নিয়ে তারা মূছে গেছে অনেক দিন। আজ যাদের দেখছি তারা আর কেউ নয়।—তারা শুধু পটলের মা আর পটলের বাবা।

চিস্তার আবেশের সঙ্গে সঙ্গে একটা স্থতন্দ্রা ধীরে নেমে আসছিল কিন্তু হঠাৎ চমকে উঠতে হ'ল—শিশুর আক্রমণে। পন্টু তার দন্তহীন মাড়ি দিয়ে কামড়ে ধরেছে আমার নাক; তার ম্থের লালায় আমার সমস্ত মুথ প্রালিপ্ত করে তুলেছে।

#### গ্রানিহর

তুলতুলে কচি মান্তধের মৃথ, জেলির মত নরম ঠোট। নতুন মান্তধের গন্ধ পাচ্ছি পণ্টুর তুধে মৃথে। পণ্টুকে বৃকের ওপর তুলে নিলাম।

এডেনের গ্যারিসন আব ক্ষলার স্তুপ দেখা যাচ্ছে। যাত্রীদের কোলাহল শুনছি—এডেন এডেন। এডেন এসে পড়েছে।

মনে পছল আমাকেও নামতে হবে, কিন্তু পণ্ট, তথন অংঘারে ঘুমোচ্ছে আমার বৃকের ওপর—স্থপ্তপ্ত মান্তবের ভবিগ্যং কুওলী পাকিয়ে পডে রয়েছে।

পন্ট্র ঘুম ভাঙাতে হবে। ভাবতে কণ্ট হচ্ছে।

# স্বন্রম্

সমস্যাটা হলো স্কুমারের বিয়ে। কি এমন সমস্যা! শুধু একটি মনোমত পাত্রী ঠিক করে শুভলয়ে শাস্ত্রীয় মতে উদ্বাহ কার্য্য সমাধা করে দেওয়।; মাস্টবের একটা জৈব সংস্থারকে সংসারে পত্তন করে দেওয়।; এই তো!

কিন্তু বাধা আছে—স্থকুমারের ব্রহ্মচর্য। বার বছর বয়স থেকে
নিরামিয কোঁটা তিলক করেছে সে। আজও পায়ে সেধে তাকে মুস্থরির
ডাল থাওয়ান যায় না। সাহিত্য কাব্য তার কাছে অস্পৃত্য। পাঠ্যপুত্তক
ছাড়া জীবনে সে পডেছে শুধু ক'থানি যোগশাস্থের দীপিকা। বাগানের
পুকুরঘাটে নির্জ্জন ছপুন রাতে একাগ্র প্রাণায়ানে কতবার শিউবে
উঠেছে তার স্থমুমা। প্রতি কুস্তকে রেচকে স্থকুমার অভ্যন্তব করেছে
এক অদ্বৃত্ত আগ্রিক শক্তির তডিৎ স্পর্শ—খাসে প্রখাসে রক্তে ও
স্বাযুতে।

স্কুমার চোথ বুঁজলেই দেখতে পায় তার অন্তরের নিভূত কন্দরে সমাসীন এক বিবাগী পুরুষ। আবিষ্ট অবস্থায় কানে আসে, কে থেন বলছে—মুক্তি দে, মুক্তি দে। জপ ছেড়ে চোথ নেলে তাকালেই দেখতে পায়, কার এক গৈরিক উত্তরীয় ক্ষণিকের দেখা দিয়ে মিলিয়ে গেল বাতাদে।

স্কুমার বন্ধুদের অনেকবার জানিয়েছে—বাস্ এই এগজানিনট। প্যাস্ত। তারপুর আরু নয়। হিমালয়ের ডাক এসে গেছে আমার।

স্কুমারের বাবা কৈলাস ডাক্তার বলতেন—প্রোটনের অভাব। পেটে তুটো ভাল জিনিষ পড়ুক, গায়ে মাংস লাগুক—এসব ব্যামো তু'দিনেই কেটে যাবে। কত পাকামি দেখলাম!

#### স্থলরম্

কিন্তু মা, পিসিমা, ছোট বোন রাম্থ আর ঝি—তাদের মন প্রবোধ

সকলে মিলে চেপে ধরলো কৈলাস ডাক্তারকে—যত শীগণির পার পাত্রী ঠিক করে ফেল। আর দেরী নয়! ঝিয়ের কোঁদল তো লেগেই আছে—ছি ছি, সংসারে থেকেও ছেলের বনবাস। ছোটজাতের ছোটঘরেও এমন কসাইপনা করে না বাপু।

সমস্তা সমাবানের ব্যবস্থা হলো। কৈলাসবার পাত্রী দেখবেন। ভগ্নীপতি কানাইবার্ স্থকুমারের মতিগতির চার্জ্জ নিলেন। যেমন কবে পারেন কানাইবার্ স্থকুমারকে সংসারমুগো কববেন।

প:শের থবর বেরিয়েছে। কানাইবার স্কুমারকে দিয়ে জার করে নরথান্তে সই করালেন।—নাও সই কর। মুন্সেফী চাকরী ঠাটার নয়! দ সারে থেকেও সাধনা হয়। ঐ যাকে বলে, পাকাল মাভের মত থাকবে। জনকরাজা যেমন ভিলেন।

বাভীর বিষপ্প আবহা ৬য়। ক্রমে উৎফুল্ল হয়ে আসছে। কৈলাসবার্ পাত্রী দেখে এসেছেন। এখন সমস্তা স্কুমারকে কোন মতে পাত্রী দেখাতে নিয়ে যাওয়া। কানাইবার্ সকলকে আশস্ত করলেন—কিছু ভাববার নেই: সব হো যায়গা।

সংসারের ওপর স্বকুমারের এই নির্নেপ, এখনও কেটে যায় নি ঠিকই! তবু একটু চাঞ্চলা, আচারে, আচরণে রক্তমাংসের মান্তবের মেজাজ একআধটুকু দেখা দিয়েছে যেন।

তবু একদিন পড়ার ঘরে কানাইবাবুর মঙ্গে স্থকুমারের একটা বচসা শোনা গেল। বাড়ীর স্বারই বৃক ত্রত্র করে উঠলো। ব্যাপার কি ?

কানাইবাবুর কথার ফাঁদে পড়ে স্থকুমারকে উপক্রাস পড়তে হয়েছে।

জীবনে এই প্রথম। নাভিমূলে চন্দনের প্রলেপ দিয়ে, অপ্তরু পুড়িয়ে ঘরে বাতাস পবিত্র করে নিয়ে অতি সাবধানে পড়তে হয়েছে তাকে। বলবান ইন্দ্রিয়গ্রাম, কি হয় বলা তে। যায় না।

কিন্তু উপতাস না নরক। যতসব নীচ রিপুসেবার বর্ণনা। সমত রাত ঘুম হয় নি, এখনও গা ঘিন ঘিন করছে।

স্কুমার বললো—আপনাকে এবার ওয়ানিং দিয়ে ছেড়ে দিলাম, কানাইবাব।

মানে অপমানে সম্পূর্ণ উদাসীন কানাইবারু বললেন—আজ সন্ধায় সিনেমা দেখাতে নিয়ে যাব তোমায়। বেতেই হবে ভাই, তোমার আজ্ঞাচক্রের দিব্যি। তা ছাড়া ভাল ছবি—ধ্রুবের তপস্যা। মনটাও তোমার একটু পবিত্র হবে।

কানাইবারর এক্সপেরিমেন্ট বোধ হয় সার্থক হয়ে উঠলো। স্থকুমার কাব্য পড়ে, কবির আখডায় গিয়ে মাথুর শুনে এসেছে, ঘন ঘন সিনেমায় যায়। এদিকে আগপয়েন্টমেন্ট পত্রও চলে এসেছে।

কিন্তু অনাসক্তির ঘোর সম্পূর্ণ কাটেনি। আজকাল স্থকুমারের অতীন্দ্রিয় আবেশ হয়। জ্যোৎসা রাতে বাগানে একা বসে বসে নের ফুলের স্থগন্ধে মনটা অকারণেই উড়ে চলে যায়—ধুলিধুসর সংসারের বন্ধন ছেড়ে যেন আকাশের নীলিমায় সাঁতার দিয়ে বেড়ায়। একটা বিষয় স্থকর বেদনা। কিসের অভাব। কাকে যেন চাই। কে সেই না-পাওয়া? দীর্ঘধাস চাপতে গিয়ে লক্ষা পায় স্থকুমার।

রাত করে সিনেমা দেখে বাড়ী ফিরবার পথে কানাইবার স্থকুমারকে জিজ্ঞাসা করলেন—নাচটা কেমন লাগলো?

স্কুমার সহসা উত্তর দিল না। একটু চুপ করে থেকে বললো— কানাইবাব !

## সুন্দর্ম্

- —মান্তবের মাঝে আমি বাচিবারে চাই।
- নিশ্চয়। কালই চল বারাসত। যাদব বোসের মেয়ে বনলতা। তোমার নেজদি যেতে লিথেছে আর বাবা তো আগেই দেখে এসেছেন।

উকীলের মূহুরী যাদব বোস। বংশ ভাল আর মেয়ে বনলতা দেখতে ভালই। যাদব বোস অল্পণে সংপাত্র খুঁজছেন।

মেজদি একটি বছর পনের বয়সের মেয়েকে হাত ধরে সামনে টেনে নিয়ে এলেন।—ভাল করে দেখে নে স্থকু। মনে যেন শেষে কোন খুঁত খুঁত না থাকে।

যাত্রাদলের রাজকুমারীর মত মেয়েটাকে যতদুর দন্তব জবরজ করে 
দাজানো হয়েছে! বিরাট একটা ঝকঝকে বেনারদী দাড়া আর পুরু
দাটিনের জ্যাকেট। পাড়ার মেয়েদের কাছে দারকরা চুড়ি, রুলি,
বালা ও অনন্ত কন্তই পয়ন্ত বোঝাই করা ছটি হাত। ঘামে চুপদে
গেছে কপালের টিপ, পাউডারের মোটা খড়ির স্রোত গাল বেয়ে গড়িয়ে
পড়ছে গলার ওপর। মেয়েটি দম বন্ধ করে, চোথের দৃষ্টি হারিয়ে য়েন
যক্তের পশুর মত এদে দাড়ালো।

বনলতার শক্ত থোঁপাটা চট করে খুলে, চুলের গোছা ছহাতে তুলে ধরে মেজনি বললেন—দেখে নে স্কু। গাঁয়ের মেয়ে হ'লে হবে কি ? তেলচিটে ঘাছ নয়, যা তোমাদের কত কলেজের মেয়ের দেপেছি। রামোঃ।

মেজদি যেন ফিজিয়লজি পড়াচ্ছেন। বনলতার থৃতনিটা ধরে এদিক ওদিক ঘুরিয়ে দেখালেন। চোগ মেলে তাকাতে বললেন— ট্যারা কানা নয়। পায়চারী করালেন—থোঁড়া নয়। স্থকুমারের

মুথের সামনে বনলতার হাতটা টেনে নিয়ে আঙুলগুলি ঘেঁটে ঘেঁটে দেখালেন—দেখছিদ তো. নিন্দে করার জো নেই ।

দেখার পালা শেষ হ'লো। বাড়ী ফিরে কানাইবার জিজ্ঞানা করলেন—কি তে যোগীবর প্রভন্দ তো ?

স্কুমার চুপ করে রইল। মুখের চেহারা প্রসন্ধ নর। কানাইবার বুঝালেন, এক্ষেত্রে মৌনং অসমতি লক্ষণং।

—সিনেমায় বনানী দেবীর নাচ দেখে চোথ পাকিয়েছ ভায়া, এ সব মেয়ে কি পছন্দ হয়!—কানাইবাবু মনের বিরক্তি মনে চেপে রাখলেন।

পিসিম। বললেন—ছেলের আপত্তি তে। হবেই। হাঘরের মেয়ে এনে হবে কি পুমুহুরী টুহুরীর সঙ্গে কুটুন্সিতে চলবে না।

স্থানর মেয়ে চাই। এইটেই বড় বাধা দাঁভিয়েছে এখন। কৈলাস ভাক্তার পাত্রী দেখছেন আর বিপদের কথা এই যে, তাঁর চোথে অস্থানর তো কেউ নয়। তাই কৈলাস ভাক্তার কাউকে স্থানরী বলে সার্টিফিকেট দিলেই চলবে না। এ বিষয়ে তাঁর কচি সম্বন্ধে সকলের যথেষ্ঠ সংশয় আছে। প্রথম ছেলে, জীবনসন্ধিনী নিয়ে ঘর করতে হবে যাকে, তারই মতটা গ্রাহ। তারপর আর সকলের।

কৈলাসবাব নিজে কুরপ। কুংসা করা যাদের আনন্দ তারা আড়ালে বলে 'কালো জিভ' ডাক্তার। ভদ্রলোকের জিভটাও নাকি কালো। যৌবনে এ গঞ্জনা কৈলাস ডাক্তারকে মর্ম্মপীড়া দিয়েছে অনেক। আজ প্রোট্রের শেষ ধাপে এসে এ দৌর্বল্য তাঁর আর নেই।

বাংলোর বারান্দায় সোফায় বসে নিবিষ্ট মনে কৈলাস ডাক্তার এই কথাই ভাবছিলেন। এই রূপতত্ত্ব তাঁর কাছে ছর্ক্ষোধ্য। আজ পঁচিশ বছর ধরে যে ঝাছু সার্জ্জন ময়না ঘরে মাছুষের বুক চিরে দেখে এসেছে,

#### স্থলরম

ভাকে আর বোঝাতে হবে না—কা'কে সোনার দেহ বলে। মামুদেব গন্তরক্ষ রূপ—এর পরিচয় কৈলাস ডাক্তারের মত আরু কে জানে! কিন্ধ ভাব এই ভিন্ জগতের স্থানরম, তাকে কদর দেবার মত দ্বিতীয় মানুষ কই দ্বাধ এইটকু।

হঠাং শেকল-বাব। হাউগুটার বিকট চীংকার আর লাফঝাঁপ! ফটক .সলে হুডমুছ করে ঢুকলে। মান্থধের ব্যক্ষমূর্ত্তি কয়েকটি প্রাণী। যত্ন ডোম আর নিতাই সহিস দৌড়ে এল লাঠি নিয়ে।

যত ও নিতাইয়ের গলাধাকা গ্রাহ্মনা করে ফটকের ওপর জুং করে বদলো একটা ভিগারী পরিবার। নোংরা চটের পোটলা, ছেঁড। মাত্র, উন্তন, হাঁড়ি, ক্যানেস্তারা, পিঁপড়ে ও মাছি নিয়ে একটা কদয় জগতের মংশ। সোরগোল শুনে বাড়ীর স্বাই এল বেরিয়ে।

কৈলাসবাৰু বললেন—কে রে এরা যত্ ? চাইছে কি ?-

—এ ব্যাটার নাম হাব বোষ্টম, তাঁতীদের ছেলে। কুর্ছ হয়ে ভিঞ্চে

ক্ষী হাবু তার পটিবাঁধা হাত হুটো তুলে বললো—কপা কর বাবা !

- —এই বুড়ীটা কে ?
- —এ মাগীর নাম হামিদা। জাতে ইরাণী বেদিয়'—বদত্তে কান। হবার পর দল ছাড়া হয়েছে। ও এখন হাবুরই বৌ।

হামিদা কোলের ভেতর থেকে নেকড়ায় জড়ানো ক'মাসের একটা ভেলেকে ত্ব'হাতে তুলে পরে নকল কাল্লায় কঁকিয়ে কঁকিয়ে বললো—
বাস্তাকা জান হুজুর! এক পিয়ালী তুধ হুজুর! এক মুঠ্ঠি দানা হুজুর!

- —আর এই ধিকি ছুঁড়িটা কে? পিসিমা প্রশ্ন করলেন।
- ওর নাম তুলদী। হাবু আর হামিদার মেয়ে।
- —আপন মেয়ে ?

— ইা পিসিমা। যত উত্তর দিল।

তুলসী একটা কলাই করা থালা হাতে বসে আছে চুপ করে।
পরিধানে থাটো একটা নোংরা পদ্দার কাপড়, বুকের ওপর থেকে গেরে.
দিয়ে ঝোলানো। আভরণের মধ্যে হাতে একটা কৌড়ির তাবিজ।

দেখবার মত চেহারা এই তুলসীর। বছর চৌদ বয়স, তর্
সর্বাদ্ধে একটা রু পরিপুষ্টি। কোন ডাকিনীর টেরাকোট্টা ম্র্টির
মত কালি-মাড়া শরীর। মোটা থ্যাবড়া নাক। মাথার খুলিটা বেচপ
টেরে বেকে গেছে। চোয়াল জুড়ে জন্তুর একটা হিংসা ফুটে রয়েছে
যেন। ম্থের সমস্ত পেশী ভেঙেচুরে গেছে ছন্নছাড়া বিক্ষোভে। এ
মুথের দিকে তাকিয়ে দাতাকর্ণপ্ত দান ভুলে যায়, গা শির শির করে।
কিন্তু যহু বললো—তুলসীর ভিক্ষের রোজগারই নাকি এদের পেটভাতের
একমাত্র নির্ভর।

হাবু ঠিক ভিক্ষে করতে আদেনি। মিউনিসিণ্যালিটি এদের বন্থি ভেঙে দিয়েছে। নতুন আফিমের গুদাম হবে সেথানে। সহরের এলাকায় এদের থাকবার আর হুকুম নেই।

হাবু কাল্লাকাটি করলো—একটা সার্টিফিকেট দিন বাবা। মুচিপাড়ার ভাগাড়ের পেছনে থাকবো। দীননাথের দিব্যি, হাটবাজারে ঘেঁদবো না কথনো। তুলসীই ভিক্ষে খাটবে, ওর তো আর বোগ বালাই নেই।

পিসিমা বল্লেন—থেতে বল, থেতে বল। গা ঘিন ঘিন করে। কিছু দিয়ে বিদেয় করে দে রাণু।

রাণু বললো—আমার ছেঁড়া ফ্লানেলের রাউজটা দিয়ে দিই। এই শীতে তবু ছেলেটা বাঁচবে।

— হাঁ দিয়ে দে। থাকে তো একটা ছেঁড়া শাড়ীও দিয়ে দে। বয়স হয়েছে মেয়েটার, লজ্জা রাথতে হবে তো।

#### সুন্দর্ম

কৈলাস ভাক্তার বললেন—আচ্ছা যা ভোরা। সাটিফিকেট দেব, কিন্তু প্রবন্ধার হাটবাজারে আসিস না।

হাবু তার সংসারপত্র নিয়ে আশীর্কাদ করে চলে গোলে তুলসীর কথাটাই আলোচনা হলো আর একবার। কৈলাসবাবু হেসে হেসে বললেন—
দেশলে তো স্থলরী তুলসীকে। ওর-৪ বিয়ে হয়ে যাবে জানো ?

ঝি উত্তর দিল—বিয়ে হবে না কেন ? সবই হবে। তবে সেটা আর বিয়ে নয়।

কৈলাসবাবু আর একটি পাত্রী দেখে এসেছেন। নন্দ দত্তের বোন দেবপ্রিয়া। মেয়েটি ভালই, তবে স্কুমার একবার দেখে আস্কে।

দেখান হ'ল দেবপ্রিয়াকে। থানের প্রাচ্থো বয়স ঠিক ঠাইর হয় না। চওড়া কপাল, ছোট চিবুক, গোল গোল চোখ। গায়ের র° মেটে কিস্থ স্থাস্থা। ভারি ভুক ছুটোতে যেন তিব্বতী উপত্যকার ধুর্ত একটু ছায়।—প্রচ্ছন্ন এক মঙ্গোলিনীকে ইসারায় ধরিয়ে দিচ্ছে। ঠোটে হাসি লেগেই আছে। সে বোধ হয় জানে, তার এই অপ্রাক্ত পুথ্লত। লোক হাসাবার মতই। দেবপ্রিয়ার গলা মিষ্টি, গান গায় ভাল।

স্কুমার হাঁ না কিছুই বলে না। বলা তার স্বভাব নয়। বোঝা গেল এ মেয়ে তার পছনদ নয়।

পিসিমাও বললেন—হবেই না তো পছন্দ। শুদু গলা দিয়েই তো আরু সংসার করা যায় না।

তা ছাড়া নন্দরা বংশেও থাটো।

কৈলাস ডাক্তার তৃশ্চিস্তার পড়লেন। সমস্তা ক্রমেই ঘোরালো হচ্ছে। এ মোটেই স্হজ সরল ব্যাপার নয়। নানা নতুন উৎসর্গ দেখা দিচ্ছে

একে একে। শুধু স্করী হলেই চলবে না। বংশ, বিত্ত, শিক্ষা ও ক<sup>্</sup> দেখতে হবে।

মাঝে পড়ে পুরুত ভটচাষ্যি আরও থানিকটা ইন্ধন জুগিয়ে গেছেন সমস্তাটা ক্রমেই তেতে উঠেছে। ভটচাষ্য বাড়ীর সকলকে বৃঝিয়ে গেছেন —নিভান্ত আধ্যাত্মিক এই বিষে জিনিষটা। কুলনারীর গুণ লক্ষ্য মিলিয়ে পাত্রী নির্ব্বাচন করতে হবে—গৃহিণী সচিব স্থি প্রিয়শিক্সা, স্ব দিং ষাচাই করে দেখতে হবে। সারা জীবনের ধ্রম্যাধনার অংশভাগিনী, এ ঠাট্টার ব্যাপার নয়। ধরে বেঁধে একটা দিয়ে এলেই হ'ল না। ওসং যাবনিক অনাচার চলবে না।

হা, তবে স্বন্দরী হওয়া চাই-ই। কারণ সৌন্দর্য একটা দেবস্থলভ গুণ এবার যতদূর সম্ভব সাবধানে, খুব ভেবে চিস্তে কৈলাস ডাক্তার এব পাত্রী দেখে এলেন। অনাদি সরকারের মেয়ে অন্তপমা, স্থাক্ষিতা দ স্বন্দরী।

অন্তপমার বয়দ একটু বেশী। রোগা বা অতিতন্ধী তুইই বলা গায় মুখঞী আছে কি না আছে তা বিতর্কের বিষয়। তবে চালচলনে স্কুক্চিন্ আবেদন আছে নিশ্চয়। রূপে যেটুকু ঘাটতি তা পুষিয়ে গেছে স্থশিক্ষান্ হলাদিনী গুণো।

প্রতিবাদ করলো রাণ্। — না, ম্যাচ হবে ন।। যা ঝিরকুট চেহার মেয়ের।

ঋষি বালকের মত কাঁচা মন স্থকুমারের। হাঁ না বলা তার ধাতে সম্ভব নয়। কিম্বা অতিরিক্ত লজ্জা, তাও হতে পারে। তবে তার্ন আচরণেই বোঝা গেল, এ বিয়েতে সে রাজী নয়।

পিসিমা বললেন—ভালই হ'ল। জানি তো, যা কিপ্টে এই অনাদি চাষা। বিনা থরচে কাজ সারতে চায়। পাত্র যেন পথে গড়াচ্ছে।

## স্থারম্

দৈবজ্ঞী মশায় এনে পিসিমাকে শ্বরণ করিবে দিলেন—পাট্রীর রাশি মার গণ, খুব ভাল করে মিলিয়ে দেখবেন পিসিমা। ওসব কোন তুচ্চ করার জিনিষ নয়।

- সবই গ্রহের রুপা। দৈবজ্ঞী স্কুমারের কোষ্ঠা বিচার করে বাড়ীর কলকে বড় রকম একটা প্রেরণা দিয়ে চলে গেল। যা দেগছি তা তো বড়ই ভাল মনে হচ্ছে। পতাকারিষ্ট আর নেই, এবাব কেতুর দশা সলেছে। এই বছরের মধ্যে ইষ্টলাভ— স্কুক্বী রামা, বাজপদ ধনস্তুপ খার, আর কত বলবো।
- —এই ছুঁড়ি ওথানে কি কর্মিন্ত কৈলাসব'র ধুম্কে উঠলেন।

  সকুমারের পড়ার ঘরের সামনের বারান্দায় ফুলগাছের উবের পাশে বন্দে

  মাছে তুলসী। হাতে কলাইকরা থালাটা।

যতু কোখেকে এসে সঙ্গে স্কেছমকি দিল। — ৬১ এখান থেকে।
রোমজাদি। কেমন ঘূপটি মেরে বসে আছে চ্রিব ফিকিরে।

কৈলাস ডাক্তার বললেন—যাক্, গালমনদ করিস্নে। পিডকির দোরে গয়ে বসতে বল্।

সামনে কানাইবাবৃকে পেয়ে বললেন—কি কানাই ? এবার আলাকে বৈজ্যনা থেকে একটু রেহাই দেবে কি ন। ? স্তব্দরী পাত্রী জ্টলো তোমাদের ?

- —আজে না। চেষ্টার তে। ক্রটি করছি না।
- চেষ্টা করেও কিছু হবে না। তোমাদের স্তন্দরের তো মাথামুও কিছু নেই।
  - --- কি রকম ?
  - কি রকম আবার ? চুল কালো হ'লে স্থন্দর আর চামড়া কালো

হ'লে কুংসিত। এই কথাটা কি মহাব্যোমে লেগা আছে, শাশ্বত কালি দিয়ে ?

একটু চুপ করে থেকে কৈলাস ডাক্তার বললেন—পদ্মপত্র যুগ্ম নেত্র পরশয়ে শ্রুতি। ধত্তি বাবা কাশীরাম! একবার ভাব তো কানাই, কোন ভদ্রলোকের যদি নাক থেকে কাণ প্রয়ন্ত ইয়া ইয়া তুটো চোথ ছড়িয়ে থাকে, কী চিজ হবে সেটা!

কানাইবাবু বললেন—যা বলেছেন। কত যে বাজে সংস্কারের সাতপাচ রয়েছে লোকের। তবে মান্তধের রূপের একটা স্ট্রাণ্ডার্ড অবশ্র আছে , জ্যানথ পলিজিষ্টরা যেমন বলেন…।

— স্থানথ পলজিষ্ট না চামড়া ওয়ালা। কৈলাসবাব্ চড়া মেজাঙে বললেন। — স্থাস্থক একবার আমার সঙ্গে ময়না ঘরে। তুটো লাসের ছাল ছাড়িয়ে দিচ্ছি। চিনে বলুক দেখি, কে ওদের আলপাইন, নেগ্রিটো আর প্রোটো-স্ট্রাল। দেখি ওদের বংশবিদ্যের মুরোদ। মেলা বকো না স্থামার কাছে।

কানাইবাবু সরে পড়ার পথ দেখলেন।

—জান কানাই, আমাকে আড়ালে স্বাই কালোজিভ বলে ডাকে। বৰ্ষার আর গাছে ফলে ? একটা বাজে টাবু ছাড়বার শক্তি নেই, সভ্যতার গৰ্ষা করে! আধুনিক হয়েছে! যত স্ব ফাজিলের দল!

देकनाम छाक्नात क्ष्म नान हाथ इंग्रिक भाग्र करत हुक है धतारनन ।

সত্যদাসের বাড়ী থেকে ভাল একটি পাত্রী দেখে খুসী মনে কৈলাস ভাক্তার ফিরলেন। ফটকে পা দিয়েই দেখেন, স্থকুমারের পড়ার ঘরের সামনে বসে যত্ন আর নিতাই তুলসীর সঙ্গে মস্করা করছে।

— এই রাম্বেল সব! कि হচ্ছে ওখানে ?

#### সুন্দরম্

তুলদী ওর থালা হাতে দৌড়ে পালিয়ে গেল। যত্ নিতাই আমতা শোমতা করে কিছু একটা গুছিয়ে বলতে বুথা চেষ্টা করে চুপ করে রইল। কৈলাদবাব স্থানুমারকে ভেকে বললেন—ঘরের দোর থোলা রাথ কেন । দেই ভিথিরি ছুঁডিটা কদিন থেকে ঘুর ঘুর করছে এদিকে। খুব নছব বাখবে, কথন কি চুরি করে দরে পড়ে বলা যায় না।

স্কুমারের মাকে ডেকে কৈলাসবাবু জানালেন—সত্যদাসের মেয়ে মমতাকে দেখে এলাম। একরকম পাকা কথাই দিয়ে এসেছি। এবার সকুমার আর তোমরা একবার দেখে এস। আমায আর নাকে দিটি দিয়ে ঘুরিও না।

যথারীতি মমতাকে লেগে আস। হলো। মমতার রূপে অসাধারণত্ব আছে সন্দেহ নেই। ঘুটঘুটে অমাবস্থার মত ঘনকৃষ্ণ গায়েব রং। সমস্ত অবয়বে স্থাপেশল কাঠিয়। মণিবন্ধ ও কম্পুইয়ের মছবৃত অন্তিস্ফলা অবল হাতপায়ের রোমঘন পাকয় পুরুষকেও লজ্জা দেয়। চওছা করোটির ওপর অতিকৃষ্ণিত স্থলতন্ত্ব চলের ভার, নীলগিরির চূডার ওপর স্লিম্ব মেঘস্তবকের মত। এক দূটা লোবিড়া নায়িকার মূর্ত্তি। মমতার প্রথার দৃষ্টির সামনে স্থকুমারই সঙ্কৃচিত হ'ল। বরমালা-কাঙাল অবলার দৃষ্টি এনয়; বরং এক অকুতোল্জ্জ স্বয়ংবরার জিজ্ঞাসাই মেন জ্বল্জল্ করছে।

সত্যবাবু মেয়ের গুণপনার পরিচয় দিলেন। — বড় পরিশ্রমী মেয়ে, কারণ স্বাস্থ্য খুব ভাল। ছাত্রীঙ্গীবনে প্রতি বছর স্পোর্টে প্রাইদ্ধ পেয়ে এসেছে।

মেয়ে দেখে এদে স্কুমার মুখভার করে শুরে রইল। রাগু বললো—

এ নিশ্চয় রাক্ষণগ পিসিমা।

পিসিমাও একটু বিমর্থ হয়ে বললেন—হাঁ, দেই তো কথা। বড় হট্টা কট্টা চেহার।। নইলে ভাল বরপণ দিছিল, দানসামগ্রীও।

তবু কৈলাস ডাক্তার তোড়জোড় করছেন। মমতার সঙ্গেই বিয়ে এক রকম ঠিক। এবার একটু শক্ত হয়েছেন তিনি। দশজনের দেও কথার চক্রে আর ভত সাজতে পারবেন না।

কিন্তু যা কথনও হয়নি তাই হ'ল। স্থকুমারের প্রকাশ বিদ্রোহ। স্থকুমার এবার মুখ খুলেছে। রাণুকে ডেকে নিয়ে জানিয়ে দিয়েছে—সভা দাসের সঙ্গে বড় গলাগলি দেগছি বাবার। ওথানে যদি বিয়ে ঠিক হয়, তবে একটু আগে ভাগে আমায় জানাবি। আমি যুদ্ধে সাভিস্ নিচ্ছি।

কথাটা শুনে পিসিমার গায়ে কাটা দিয়ে উঠলো। স্কুমারের মা রাঞ্চ ছেড়ে বৈঠকথানায় গিয়ে কৈলাসবাবুর সঙ্গে একপ্রস্থ বাক্যুদ্ধ সেরে এলেন। কিন্তু ফল হ'ল না কিছুই। কৈলাসবাবু এবার অটল।

স্বকুমারের মা কেঁদে ফেললেন—ঐ হদ্কুচ্ছিত নেয়ের সঙ্গে বিয়ে! তোমার ছেলে ঐ মেয়ের ছায়া মাড়াবে ভেবেছ ? এমন বিয়ে না দিয়ে ছেলের হাতে চিমটে দিয়ে বিদেয় করে দাও না!

কৈলাসবাবুর অটলতার বাতিক্রম হ'ল না কিছুই। তিনি গুণু একটা দিন স্থির করার চেষ্টায় রইলেন।

স্থকুমার মারম্ভি হয়ে রাণুকে বললো—দেই দৈবজ্ঞীটা এবরে একে আমায় খবর দিবি তো!

- —কোন দৈবজী ?
- —ঐ বে-বেটা স্থন্দরী রামাটামা বলে গিয়েছিল। জিতু উপড়ে ফেলবোঁ ওর।

আড়ালে দাঁড়িয়ে কৈলাস ডাক্তার শুনলেন এ বার্ত্তালাপ। রাগে বন্ধতালু জলে উঠলো তার। স্থকুমারের মাকে ডেকে প্রশ্ন করলেন—িক পেয়েছ ?

#### স্থান্দরম

শ্**ষিত চো**থে কৈলাসবাবুর দিকে তাকিয়ে সুকুমারের মা বললেন— কি হয়েছে ?

- —ছেলের বিয়ে দিতে চাও?
- —কেন দেব না ?
- —সংপাত্রী চাও, না স্থন্দরী পাত্রী চাও ?

স্তবুমারের মা ভেবে নিয়ে ভয়ে ভয়ে বললেন—স্তব্দণী পাত্রী।

—বেশ, তবে লিখে দাও আমাকে স্থন্ধরী কাকে বলে। তথী গ্রামা পক্ষ-বিশ্বাধর—আরও যা আছে সব লিখে দাও। অংমি সেই কন্দ মিলিফে পাত্রী দেখবো।

এই বিদঘ্টে প্রস্তাবে স্থকুমারের মার মেছাছও ধৈষা হারবোব উপক্রম করলো। তবু মনের ঝাঝ চেপে নিয়ে বললেন—ভার চেয়ে ভাল, ভোমায় পাত্রী দেগতে হবে না। আমরা দেগছি।

- —ধক্তবাদ। খুব ভাল কথা। এবার তাহ'লে অ'মি দায়মুক্ত খ
- **---**對!

কৈলাস ভাক্তার এখন অনেকটা স্থান্থির হয়েছেন। হাসপাতালে যান আংসেন। ক্লগী নিয়ে, ময়না ঘরের লাস নিয়ে দিন কেটে যায়। যেমন আংস কাটতো।

বাগানের দিকে একটা হটুগোল। কৈলাস ভাক্তার এগিয়ে গিয়ে দেখেন, যতু ভোম আর নিভাই মিলে তুলসীকে ঘাড ধরে হিছ হিছ করে টেনে বাগানের ফটক দিয়ে বার করে দিচ্ছে।

- —কি ব্যাপার নিতাই ?
- —বড় পাজি এ ছু'ড়িটা হজুর। পয়সা দেয়নি ব'লে দাদাবাবুর ঘরে তিল ছু'ড়ছিলো। আব, এই দেখুন আমার হাত কমেড়ে দিয়েছে।

কৈলাস ডাক্তার বললেন—বড় বাড় বেড়েছে ছুঁড়ির। ভিগিরীর জাত দয়া করলেই কুকুরের মত মাথায় চডে। কেবলই দেখছি মাস তিন চার থেকে শুধু এদিকেই নজর। এবার এলে পুলিশে ধরিয়ে দিবি।

তুলসী ফটকের বাইরে গিয়েও মত্তা বাতুলীর মত আরও কটা ইট-পাটকেল ছুঁড়ে চলে গেল। কৈলাস ডাক্তার বললেন—সব সময় ফটকে তালা বন্ধ রাথবে।

সেদিনই সন্ধ্যাবেলা। অনেক রাতে রুগী দেণে বাড়ী ফিরতেই কৈলাস ডাক্তার দেখলেন, ফটক খুলে অন্ধকারে চোরের মত পা টিপে টিপে সরে পড়ছে তুলসী। কৈলাসবার্কে দেখে আরও জোরে দৌড়ে পালিয়ে গেল। হাঁক দিতেই যত্ন ও নিতাই হাজির হ'ল লাঠি হাতে।

অত্যন্ত বিরক্ত হয়ে কৈলাস ডাক্তার বললেন—এ কি ? কটক থোলা, বারান্দায় আলে৷ জলছে, স্থকুমারের ঘরে আলো, আমার বৈঠকখানা থোলা; তোমরা সব জেগেও রয়েছ, অথচ ছুঁড়িটা বেমালুম চুরি করে সরে পড়লো!

কৈলাস ডাক্তার সমস্ত ঘর তন্ন করে দেখলেন। — আমার ঘরটা সব তছনছ করেছে কে ? টেবিল থেকে নতুন বেলেডোনার শিশিটাই বা গেল কোথায় ?

অনেকক্ষণ বকাবকি করে শাস্ত হলেন কৈলাস ডাক্তার। কিছু চুরি হয়নি বলেই মনে হ'ল।

দিনটা আজ ভাল নয়। সকাল থেকে বিকেল পর্যান্ত আকাশে হর্যোগ ঘনিয়ে আছে। কানাইবাব্ এসে কৈলাস ডাক্তারকে জানালেন
—স্বন্দরী পাত্রী পাওয়া গেছে। জগং ঘোষের মেয়ে। স্কুমারের এবং আর সবারও পছন্দ হয়েছে। বংশে, শিক্ষায় ও গুণে কোন ক্রটি নেই।

#### স্থন্দরম্

কৈলাস ডাক্তার বললেন—বুঝলাম, তোমরা কল্পতকর স্কান পেয়েছ, স্থবর।

- —আপনাকে আজ রাত্রে আশীর্কাদ করতে যেতে হবে:
- —তা, যাব।

যত্ন ডোম এসে তথুনি থবর দিল তিনটে লাস এসেছে ময়না তদক্তের জন্ম। কৈলাস ভাক্তার বললেন—চল্বে যত্ন। এগনি সেরে রাগি। রাত্রে আমার নানা কাজ রয়েছে।

ময়না ঘরে এসে কৈলাস ডাক্তার বললেন—বছ মেঘলা করেছে বে। পেট্রোমাক্স বাতি ছটো জাল।

যন্ত্রপাতিগুলো গামলায় সাজিয়ে আস্তিন গুটিয়ে নিয়ে কৈলাস ডাব্জাব বললেন—রাভ হবে নাকি রে যতু ?

- আজেনা। তুটো আগুনে পোড়ালাস, পচে পাক হয়ে গেডে। ও তো জানা কেস, আমিই চিরে কেড়ে দেব। বাকী একটা শুপু…।
- —নে কোনটা দিবি দে। কৈলাস ভাক্তার করাত হাতে টেবিলের পাশে দাঁভালেন।

লাসের ঢাকাটা খুলে ফেলতেই কৈলাস ডাক্তার চমকে বললেন—আঁগা, এ কে রে যত্ন ?

যত্ ততক্ষণে আল্গোছে সরে পড়ে ঘরের বাইরে গিয়ে দাঁড়িয়েছিল। কৈলাস ডাক্তারের প্রশ্নে ফিরে এসে বললো—হাঁ হুছুর তুলসীই, সেই ভিথিতি মেয়েটা।

কৈলাস ডাজ্ঞার বোকার মত ষত্র দিকে কিছুক্ষণ তাকিয়ে বইলেন।
ষত্ সেই অবসরে তুলদীর পরিহিত নোংরা সাড়ীটা, গায়ের ছেঁড়া
কোটটা খুলে মেঝের ওপর ছুঁড়ে ফেলে দিল। আবার বাইরে
বাবার উদ্যোগ করতেই কৈলাস ডাক্ডার বললেন—বাচ্ছিদ কোথায়?

স্পিরিট দিয়ে লাসটা মোছ ভাল ক'রে। ইউকালিপটাসের তেলেব বোতলটা দে। কিছু কপুরি পুড়তে দে, আর একটা বাতি জ্ঞাল।

#### -One more unfortunate!

কথাটার মধ্যে যেন একটু বেদনার আভাস ছিল। তুলসীর লাসে হাত দিলেন কৈলাস ডাক্তার।

করাতের ত্'পোঁচে খুলিটা ত্রভাগ করা হ'ল। কৈলাস ভাক্তারেব থাতের ছুরি ফোঁস ফোঁস ক'রে সনিশ্বাসে নেচে কেটে চললো লাসেব ওপর। গলাটা চিরে দেওয়া হ'ল লম্বালম্বি ভাবে। বুকের মাঝগানে ও ত্বাশে বড় বড় পোঁচ দিয়ে ধড়টা খুলে ফেলা হ'ল। সাঁড়াসী দিয়ে পট্পট্ করে পাঁজরাগুলো উল্টে দিলেন কৈলাস ভাক্তার।

থেন ঘুমে ঢলে রয়েছে তুলদীর চোখের পাতা। চিমটে দিয়ে ফাক করে কৈলাস ডাক্তার দেখলেন—নিশ্চল ছটি কণীনিকা থেন নিদারুণ কোন অভিমানে নিশ্পভ হয়ে আছে। শুকিয়ে কুঁচিয়ে গেছে চোগের খেত পটল। স্বজলা অশুশীলা নাড়ীগুলো অতিস্রাবে বিষয়।

—ইস্, মরার সময় মেয়েটা কেঁদেছে খুব। কৈলাস ভাক্তরে বললেন।

যত্ন বললো—হাঁ ছজুর, কাঁদবেই তো। স্থইসাইড কি ন। করে ফেলে তো ঝোঁকের মাথায়। তারপর থাবি থায়, কাঁদে আর মরে।

—গলা টিপে মারে নি তো কেউ ? কৈলাস ডাক্তার খুঁটিয়ে খুঁটিয়ে পরীক্ষা করলেন। কৈ কোন আঘাতের চিহ্ন তো নেই! গুচ্ছ গুচ্ছ অমান স্বরজ্জু, শ্বাসবহা নালিটাও তেমনি প্রফুল্ল। অজপ্র লালায় পিচ্ছিল স্ক্পুষ্ট গ্রসনিকা।

—এত লালা! মরার আগে মেয়েটা থেয়েছে থুব পেট ভরে।

## সুন্দরম্

—ই: হজুর, ভিথিরি তো থেয়েই মরে।

দেহতত্ত্বর পাকা জহুরী কৈলাস ডাক্তার। তাঁকে অবাক করেছে আজ কুংসিতা এই তুলসী। কত রূপসী কুলবধু, কত রূপাজীব। নটীর লাস পার হয়েছে তাঁর হাত দিয়ে। তিনি দেখেছেন তাদের অন্তর্ম রূপ—ফিকে ক্যাকাশে ঘেয়ো। তুলসী হার মানিয়েছে সকলকে। অদৃত্

বাতিটা কাছে এগিয়ে নিয়ে কৈলাস ডাক্তার তাকিয়ে রইলেন—প্রবাল পুশ্পের মালক্ষের মত বরাঙ্গের এই প্রকট রূপ, অছন্ম মানুষ্ধের রূপ। এই নবনীতপিও মন্তিক্ষ, জোড়া শতদলের মত উৎফুল্ল হৃৎকোষের অলিন্দ আর নিলয়। রেশমী ঝালরের মত শত শত মোলায়েম ঝিলা। আনাচে কানাচে যেন রহস্তে ডুব দিয়ে আছে স্কুক্ল কৈশিক জ'ল।

কৈলাস ভাক্তার বিমৃগ্ধ হয়েই দেখলেন—থরে বিথরে সাজানে। সারি সারি যত রক্তিম পশুকা। বরফের কুচির মত অল্প অল্প মেদের ছিটে। মক্তান্থি ঘিরে নেমে গেছে প্রাণদা নীলার প্রবাহিকা।

কৈল'দ ভাক্তার বাতিটাকে আরও কাছে এগিয়ে নিলেন—
খণ্ডফটিকের মত পীতাত ছোট বড় কত গ্রন্থির বীথিকা। প্রশাস্ত
মৃক্ট ধমনী! দন্ধিতে দন্ধিতে স্প্রচুর লসিকার বৃদ্ধুদ। গ্রন্থিকীরে
নিষিক্ত অতি অভিরাম এই অংশুপেশীর স্তবক আর তরুণান্তির সজ্জা।
কাপি পোলা রক্তমালার মত আলোয় কালমল করে উঠলো।

আবিষ্ট হয়ে গেছেন কৈলাস ডাক্তার। কুংসিত। তুলসীর ঐ রূপের পরিচয় কে রাথে! তবুও, এ তিমিরদৃষ্টি হয়তো ঘুচে যাবে একদিন। আগামী কালের কোন প্রেমিক বৃঝবে এ রূপের মর্য্যাদা। নতুন ভাষ্চমহল হয়তো গড়ে উঠবে সেদিন! যাক্....।

কৈলাস ডাক্তার আবার হাতের কাজে মন দিলেন। যতু বললো— এ সবে কোন জখম নেই ছজুর। পেটটা দেখন।

ছুরির ফলার এক আঘাতে ত্'ভাগ করা হ'ল পাকস্থলী। এইবার কৈলাস ডাক্তার দেখলেন, কোথায় মৃত্যুর কামড়। ক্লোমরসে মাথা একটা অজীর্ণ পিগু। সন্দেশ, পাউকটী—বেলেডোনা।

#### —মার্ভার।

হাতের ছুরি থদে পড়লো মেঝের ওপর। দে শব্দে তু'পা পিছিয়ে দাঁতিয়ে রইলেন কৈলাস ডাক্তার।

উত্তেজনায় বুড়ো কৈলাস ডাক্তারের ঘাড়ের রগ ফুলে উঠলো দপ দপ করে। পোথরাজের দানার মত বড় বড় ঘামের ফোঁটা কপাল থেকে ঝরে পড়লো মেঝের ওপর।

হঠাৎ ছট্ফট্ করে টেবিলের কাছে আবার এগিয়ে এলেন কৈলাস ডাজ্ঞার। ছোঁ মেরে কাঁচিটা তুলে নিয়ে তুলসীর তলপেটের হুটো বন্ধনী ছেদ করলেন। নিকেলের চিম্টের স্থচিক্কন বাহুপুটে চেপে নিয়ে, স্নেহাক্ত আগ্রহে ধীরে ধীরে টেনে খুলে ধরলেন—পরিশঙ্কে ঢাকা স্থডোল স্থকে!মল একটা পেটিকা। মাতৃত্বের রসে উর্বর মানব জাতির মাংসল ধরিত্রী। সর্পিল নাড়ীর আলিঙ্কনে ক্লিষ্ট কুঞ্চিত, বিষিয়ে নীল হয়ে আছে শিশু এসিয়া।

আবেগে কৈলাস ভাক্তারের ঠোঁটটা কাপছিল থর থর করে। যত্ত্র এসে ডাকলো—ছজুর।

ডেকে সাড়া না পেয়ে যতু বাইরে গিয়ে নিতাই সহিসের পাশে বসলো।

নিতাই বললো—এত দেরী কেন রে যতু ?

—শালা বুড়ো নাতির মুথ দেখছে।

## সবল

ভোমেদের প্রধান গাঁওবুড়া এলাচি ভোম। যৌবনের জলুস উবে গেছে কবে, ছুরির মত সে-জীবনের ধার গেছে ক্ষয়ে, পরমায়ুর প্রাস্থে এসে ঠেকেছে আজ। জরা আর ভীমরতির পাকে প'ডে ধৃকপুক করছে শুধু। যাই যাই করেও যেন আর যেতে চায় না।

মোরগের ভাকের দক্ষে এলাচির ঘুম ভাঙে। জেগে উঠেই পরিত্রাহি চেঁচাতে থাকে—টুকিয়া, ওরে টুকিয়া, শিগগির ভাত দে।

—এক লাথি মেরে সব গলাবাজি বন্ধ করে দেব বৃদ্যে। শুধু গাই আর থাই। নিজের গায়ের মাংস ছিঁডে গানা।

টুকিয়াও ঘুম ছেড়ে রাগে গরগর করে বেরিয়ে যায়। গাঁওবুডো এলাচি তার অষ্টাবক্র গ্রন্থিল দেহভার তুলে দাওয়ার খুঁটিতে হেলান দিয়ে বসে। কঞ্চি দিয়ে গা চুলকোয়। মাথাটা ঘড়ির কাঁটার মত প্রতি সেকেণ্ডে ঠক ঠক করে কাঁপে। গাল দেয় টুকিয়াকে, গাল দেয় টুকিয়ার মৃতা মাকে, যার চরিত্র নাকি কোন কোলিয়ারির সাহেবের কাছে বাঁধা ছিল। —নিশ্চয়ই, নিশ্চয়ই বেজন্মা, নইলে বুডো বাপকে এত অবহেলা!

এলাচির গালাগালি আর অভিশাপের প্রবাহ অবিরল ধারায় গড়িয়ে চলে তুপুর পর্যান্ত। শ্রান্তিতে ঘ্ণধরা ধডটা ক্রমে নিশ্চল হয়ে আসে। ডাঙায় তোলা মাছের মত থাবি থায়।

এমনি সময় ঘবে ফিরে আসে টুকিয়া। বুড়োর স্বমুণে ঠেলে দেয় এক থালা ভাত আর এক হাঁড়ি তাড়ি বা মদ। বৃড়ো জৃত ক'রে উঠে বসে। বিশীর্ণ ঘাড়টা সারসের মত বুঁকিয়ে অস্কভব করে—এক হাঁড়ি তরল প্রাণের গন্ধ। এই জন্মেই তার বেঁচে থাকা।

—জিতা রহে। বেটী। বুড়ো টুকিয়াকে আশীর্কাদ করে। —তুই আছিদ বলেই তোর বুড়ো বাপটা বেঁচে আছে। বুড়ো ডুকরে কেনে কেলে। —আর তোর মা। অমন বউ দেবতারও হয় নারে টুকিয়া! বুড়ো ভাতের থালা সামনে টেনে নেয়।

ত্ব' তিন মুঠো ভাত গিলে ক্লান্ত ঘোড়ার মত তাড়ির হাঁড়িতে ঠোট নামিয়ে দেয়। ঢকচক ক'রে থেয়ে ফেলে। থেমে নিয়ে তামাক টানে। তাড়ি ভেজা নো॰রা দাড়িতে মাছি উডে এসে বসে ঝাঁকে ঝাঁকে। ঠাঙা ভাতের থালায় গা বেয়ে চড়ে পিঁপড়ের সারি। বুড়ো বুঁদ হয়ে ঝিমোয়। তার সাদা ভুক ছটো চোথের কোটরের ওপর পদ্দার মত ঝলে পড়ে।

এত দীনতা এলাচির সংসারে আজই দেখা দিয়েছে, চিরটা কাল এমন ছিল না। সেণ্ট্রাল জেলের জহলাদ ছিল এলাচি—মাইনে ছিল ভাল, উপরি আয়ও মন্দ হ'ত না। সব চেয়ে মোটা দক্ষিণা আদায় হ'ত ফাঁসির আসামীর মায়েদের কাছে।

মায়েরা বলত, দোহাই বাবা জমাদার! টানা-ই্যাছ্ডা ক'রে ছেলেটাকে শেষ সময়ে আর কষ্ট দিস্নি বাবা!

- —তা একটু করতে হবে বৈকি। সহজে কি আর কেউ তক্তায় উঠতে চায়, মায়িজী।
- —না রে বাবা জমাদার। নে, বিশটা টাকা রাথ, এই রূপোটা নে। কিন্তু কথা রাথিদ।

এলাচি খুশী হ'য়ে আখাদ দিত। —বেশ, বেশ, দড়িটানা হয় চবিতে ভিজিয়ে নেব ভাল ক'রে, যাতে গলার চাম টাম ছ'ড়ে না যায়। তবে আগে ছটো টাকা দাও—আমার মেয়ে মেঠাই খাবে।

#### সবলা

এ-সব অনেকদিন আগের কথা। টুকিয়া তথন ত্ব বছরের মা-মরা শিশু।
ভাত আর তাড়ি। এই সামান্ত অন্ধপানটুকু গাঁওবৃড়া হিসাবে তার
প্রাপ্য দক্ষিণা। কিন্তু কেই বা আর শ্রদা ক'রে খুশী মনে দেয়। ডোম
গৃহস্থদের দার হ'তে দারে ঘুরে, অন্থনয় ক'রে, চোথ রাঙিয়ে, ঝগড়া ক'রে
টুকিয়া আদায় ক'রে আনে গাঁওবৃড়োর এই সমানী।

ভিক্ষাজীবী ডোম মেয়েরাও টুকিয়াকে অফুকম্পার চোগে দেখে। তাদের বরাতেও ডালকটি জোটে। টুকিয়া সম্মানী যাপায়—তারাও দেখে লজ্জা পায়।

সমবয়সী ভিথিরী মেয়েরা ঠাটা ক'বে বলে—বুড়োকে এবার একটি জামাই আনতে বল নাটুকিয়া। তা হ'লেই তোতোব এ মেঃল্লুতের জালাদূর হয়।

টুকিয়া তাদের গালে ঠোনা মেরে জানিয়ে দেয়—ব্যভার দেওয়া জামাই আমি নেব কেন ? আমার বর বাছব আমি।

টুকিয়া চলে গেলে ভিথারী মেয়েরা আলোচন। করে। তারাও সে কথাটা শুনেছে। টুকিয়া জাতের বাইরে কার সঙ্গে ফেঁসেছে। পঞ্চের বৈঠকে এর নিষ্পত্তি হবে। টুকিয়াকে শান্তি পেতে হবে।

গাঁয়ের স্বারই চোথে টুকিয়া স্থন্দর। প্রবের দিনে থোলা মাঠে 
নৃত্যপরা টুকিয়ার তন্ত্রকটি আড্ডার চোথে চোথে কুইকবাষ্পা বুলিয়ে দেয়।
বয়োবৃদ্ধেরাও আফসোস করে—ভাল লাচ্নী হ'ত ফে নেয়েটা, চাল-চলন
যদি একটু নরম সরম হ'ত। স্ব মাটি করেছে ওর ঐ কন্ত্রা স্বভাব—
কনকধুতুরার মত। দূরে দাঁড়িয়ে শুধু তাকিয়ে থাকাই যায়।

নতুন এক জোয়ান এসেছে এ গাঁয়ে। মঙ্গল তার নাম। গাঁয়ের ওঝা তাকে দিয়েছে আখায়। কিন্তু ধরা পড়ে গোল মঙ্গল। আসলে সে

ভোম নয়—মুণ্ডা জংলী। তার ওপর আরও থবর পাওয়া গেছে—সে ডাইনীর ছেলে। দেশ ছেড়ে এসে রয়েছে ডোম সেজে, চাকরি জোটাবার ফন্দিতে।

এ হঠকারিতার যথোচিত শাস্তি পেতে হ'ল মঙ্গলকে। ডোমেরা নিদারুণভাবে পিটিয়ে তাকে গাঁয়ের বার ক'রে দিল! ডাইনীর ছেলে গেল বটে, কিন্তু যাবার আগে তুক্ ক'রে রেখে গেল গাঁয়ের সেরা জিনিসটি—যুবক-ডোমের কামনার ধন ওই টুকিয়াকে। এ ব্যাপারে সমস্ত গাঁ জুড়ে যে বিক্ষোভের ঝড় উঠল, তার জের আজও মেটেনি, মিটছেও না।

গাঁয়ের সীমানার বাইরে, নালার ওপারে এক শিম্ল গাছের তলায় কুঁছে বাঁধলো মঞ্চল। নড়বার নাম নেই, মঞ্চল মুণ্ডা যেন ছাইপ্রহের মত কুলে রইল ডোম গাঁয়ের দিগন্তে। কুকুর-মারা ঠ্যাঙ্গা হাতে ডোমেরা ক'দিন রইল তাকে-তাকে। বাগে পেলে এক বাড়িতে তার প্রণয়কলাপ আর ইহলীলা একই সঙ্গে ঘুচিয়ে দেবে। কিন্তু বেটা জংলী বড় জবরদন্ত, তার ওপর সর্বাদা খোঁপায় ঝোলানো এক গোছা বিষ-মাখানো তীর। উড়ন্ত সাপের মত অলক্ষ্যে কথন কাকে এসে ছোবল দেবে কে জানে! কাজেই সংঘর্ষটা তেমন জমে উঠল না। ওঝার বছদিনের মন্তর্বনী অশ্বীরী পিশাচটাও জংলীকে ঘায়েল করতে পারল না।

প্রতিবেশীরা দলে দলে এসে বুড়ো এলাচিকে শুনিয়ে দিয়ে গেল—
গাঁওবুড়া, হয় মেয়ের বিয়ে দাও, নয় মেয়েকে সামলাও। নইলে ভোমাকে
জাতে রাথা আর সম্ভব হবে না। আমাদের অন্ত গাঁওবুড়া দেখতে
হবে।

প্রতিবেশীদের হাত ধ'রে সকাতরে বুড়ো বলে—কেন বেরাদার, তোমরা এত চটেছ কেন? কি করেছে মেয়েটা?

#### সবলা

— কি করেছে ? রাত বেরাতে মঙ্গলের সঙ্গে ঘুর ঘুর করছে। এক ভাত পৌছয়, শলা-পরামর্শ দেয়, সমস্ত পঞ্চ বিগড়ে উঠেছে এসব কুকাণ্ড দেখে। জাতের বাইরে·····ছি ছি।

পঞ্চের গুপ্ত বৈঠকে সিদ্ধান্ত হ'ল—মন্ধলকে জন্ধ কর। ট্রকিয়া ওকে ভাত পৌছতে পারবে না। গাঁওবুড়াকে জানিয়ে দেওয়া হোক যে, এর বাতিক্রম হ'লে তারা একজোটে সম্মানী দেওয়া বন্ধ করবে।

গাঁওবুড়া এলাচিও ক্ষেপে গেছে। গেল গেল, সব গেল। বন্ধ ১'ল ভার ভাত আর মদ। ওঝার হাত ধ'রে মিনতি ক'রে বলে—সন্র কর দোস্ত। সব ঠিক হয়ে যাবে। বুড়াকে পেটে মের না বেরাদার। ধশ্ম ভূলে যেওনা।

প্রত্যুত্তরে ওঝা আশ্বাস দিয়ে জানায়—সে পশ্মজ্ঞান আমাদের আছে! কিন্তু বেটিকে ব্রিয়ে দাও, জংলী শালা যেন মোটা না হ'তে গাকে আমাদেরই ভাত মেরে।

—টুকিয়া শোন্ বেটী! এলাচি আদির ক'রে ডাকল। —মঞ্চের সভা এল বলে। তোর বর বাছাই হবে সেদিন। ওঝাব ছেলের সঙ্গেই ঠিক করেছি! পঞ্চের সামনে গিয়ে কবুল ক'বে নিবি। বুঝলি প

টুকিয়া সংক্ষেপে জানিয়ে দিল—দে আমি পারব না।

- কি পারব না ? বুড়ো দারোগাই মেছাছে গলার স্বর এক পদা চড়াল।
- কি আবার রে বৃড়া ? যেন জানিস না কিছু ? আমি মঙ্গলকে কথা দিয়েছি।
- কি ? মঙ্গল ? জাতের বাইরে ? হ'সিয়ার হো যাও হারাম-জাদী! নইলে এই বেত দিয়ে ফাঁসিয়ে ঘাড়টা একেবারে মুচড়ে দেব।

নিমীলিতচক্ষু বুড়োর মুথের সামনে বৃদ্ধান্মুষ্ঠ তুলে ধরে টুকিয়া বলল,— এই দেখ, হেই বুড়া! এই করবি তুই।

বৃড়ো অবশ হাতে তার তুপাশে হাতড়ে দেখন—চেলাকাঠ, লাঠি বা ইউ-পাটকেল। ততক্ষণে টুকিয়া ঘরের বাইরে।

সমস্ত দিন নাঠে নাঠে ঘুরেছে মঙ্গল। গেরুয়া ধুলোয় শরীর গেছে ছেয়ে। নাটিতে একেবারে ল্টিয়ে শুয়ে সে টুকিয়ার কথাগুলো গিলছিল। সামনে পলাশের একটা নীচ্ ভাল ধ'রে টুকিয়া হেলে ছলে ব'কে চলেছে।

- —কাল থেকে তোর ভাত বন্ধ।
- —বেশতো, জঙ্গলের তুমুর থাব।
- —হা, তাই থাবি।
- —বলছি তো থাব। রোজ ভূম্র থাব। কিন্তু একদিন এসে দেখবি আমি আর মঙ্গল নই। ভালুক হয়ে ঝুলছি ভূম্রের ডালে। এই রোয়া, এই নথ, এই থাবা ·····

মঙ্গলের অভিমানের প্রলাপ থামিয়ে দিল টুকিয়। পায়ের চেটো দিয়ে মঙ্গলের ধূলো ছাওয়া পিঠটা আন্তে আন্তে ঘ'ষে দিয়ে বলল—বড় ঘাবড়ে গিয়েছিস্, না রে মঙ্গল ? ভয় কি তোর ? আমি রয়েছি। তবে তোকে কাজ করতে হবে।

চারিদিকে সাবধানী দৃষ্টি ঘুরিয়ে নিয়ে গলার স্বর নামিয়ে টুকিয়া বলল,—রোজ রান্তিরে একটু দৌড়াদৌড়ি করতে হবে। বল রাজি আছিন?

- —**\***1 1
- —মাঠে মাঠে যাবি। খবরদার সড়ক ছু'সনা যেন। লোহার

পুলটা পেরিয়ে দেথবি কুলের বাগিচা। পেছনের হেরান ভেড়ে আস্তে আস্তে চুকে পড়বি। বেছে বেছে লাক্ষার গুটিভরা এক বোঝা ডাটানিযে আয়। মারোয়াড়ী ঠিক করেছি। এক এক বোঝা পাচ পাচ টাকা।

মাঝরাত্রে মঙ্গল ফিরে এল হাঁপাতে হাপাতে। তার রক্ত মাগ। দেইটা পলাশতলায় কাটাগাছের মত লুটিয়ে পডল। পিঠে বল্লমের .থাচা-লাগা একটা স্থগভীর ক্ষত। — দারোয়ানে ঘিরেছিল বে ট্কিয়া। উ:, কোন মতে পালিয়ে এসেছি।

চালে ভুল হয়েছে। টুকিয়া ভাবনায় ডুবে রইল কতক্ষণ। এ পথে চলবে না রোজগার। প্রতিপদে মরণ আর ছেল। জংলীর ওপর এতটা নিষ্ঠুর সে হ'তে পারবে না।

নতুন রোজগারের হদিস দিল টুকিয়া। —রিজার্ভ জঙ্গল থেকে মরা জানোয়ারের হাড় কুড়িয়ে নিয়ে শহরে গিয়ে বেচে আয়।

ভোর থেকে বিকেল পথান্ত তন্ন তন্ন করে অরণোর জঠর হাতত্ত্ব বেড়ালো মঙ্গল। একটা পুরনো উইটিবি খুঁডে বাব করল গোটা চাবেক পাহাড়ী ডোমনার মেরুদণ্ড। মর। কেঁদগাছের ঝোপে পেল ড'ঝাড় হরিণের শিং। স্থোতের ধারে বালিতে আধপোতা নীলগাইয়ের পাজরাও পেল একটা।

হাড়ের বোঝা মাথায় নিয়ে জন্পলের গাছের ভিড ঠেলে থোলা জমিতে পা দিতেই মন্দলের একেবারে মুখের ওপর এফে ঠেকল একটা ফেনসিক্ত ঘোড়ার মুখ। অখার্কা জন্দল-দারোগা।

—লাইদেন্স ?

,

হতভম্ব মঙ্গল হাড়ের প্রকাণ্ড বোঝাটা মাথায় নিয়ে চুপ করে দাঁড়িয়ে। রইল।

—কি বে শশুরকা নাতি ? তোর বাপের এটা ?

মঞ্চলকে সদরে চালান করা হ'ল! সপ্তাহ পরে থবর এল—কয়েদ, ছ'মাসের জন্ম।

মঙ্গলের কুঁড়ের খুঁটি ধরে টুকিয়া কাদল। — বড় বেইজ্জং হ'ল বেচারা। আর হয়তো আসবে না। বয়েই গেল তাতে। ডোমগাঁয়ে কি আর জোয়ান নেই—সুর্য্য, বংশী, বিদেশী…।

মঙ্গল মূণ্ডা জেলে। ডোমগায়ের প্রজ্জালিত দামাজিক উন্মা ক্রমে স্তিমিত হয়ে আদে। টুকিয়ার পাণিপ্রাথী ডোমমহলে স্থপ্ত ভরদা আবার চাড়া দিয়ে ওঠে। দাপ দরে গেছে মালঞ্চ ছেড়ে। অনেকগুলো হাত এগিয়ে এল এক সঙ্গে।

এল ওঝার ছেলে স্থা ডোম। হাসপাতালের টি. বি. ওয়ার্ডের মেথর। গাঁওবৃড়ার পা টিপে দিয়ে নিবেদন করলো—বাবা, এইবার ব্যাপারটা চুকে যাক্। আর দেরী নয়।

এল মশান মজুর বিদেশী ডোম। মড়ার লেপতোষকের তুলো আর নেবানো-চিতের কাঠকয়লা বেচে পয়সা জমেছে কিছু। ঘরে বসে রেজকি-ভরা পেতলের ঘটি ক'টার দিকে তাকায় আর একটি গৃহলক্ষীর জন্যে মন আনচান করে। বুড়োকে এক বোতল বিলিতী মদ প্রণামী দিল।—এইবার টকিয়ার সঙ্গে মন্তর পড়ে হাত মিলিয়ে দাও বাবা।

ময়নাঘরের দারোয়ান বংশী ডোম এল। কত কচি ছেলেমেয়ে, মাগী-মরদ, ইংরেজ বাঙালীর লাদ পার হয়েছে তার হাত দিয়ে। বেওয়ারিশ লাদের গা থেকে খুলে নেওয়া হাঁস্কলি, চুড়ি, তাগা, হার—কত দামগ্রী! তার তামার গাগরিটা প্রায় ভরে এল। দটান বুড়োর পা জড়িয়ে ধরে বিয়ের প্রস্তাব জানাল। —একটু তাড়াতাড়ি কর বাবা।

#### সবলা

বুড়ো এলাচিও মর্মে মর্মে বুঝে নিয়েছে যে তার বাদ্ধকোর একমাত্র নির্ভর একজন স্থযোগ্য জামাই। নইলে, মদের অভাবে তার স্থাপের এই এমন সরস পৃথিবীটা শুকিয়ে গুঁড়ো হয়ে যাবে। কাউকেই হাতভাড়া করতে চায় না বুড়ো। স্বাইকে সাগ্রহে আশ্বাস দেয়—সনুর স্বুর, স্ব ঠিক হয়ে যাবে।

মঞ্চলের মৃক্তির দিন এগিয়ে এল। ডোমগারের প্রস্থু বিক্ষোভ আবার শত শিথায় জলে উঠল। পঞ্চের বছ বৈঠক হবে—চ্ড়াস্থ নিম্পত্তি হবে এইবার।

এলাচির যুক্তি বৃদ্ধি যেটুকু ছিল তাও এল যোলা হয়ে। চোপের সামনে জাত ছেড়ে দিয়ে চলে যাবে মেয়েটা। তাও কি না আবার একটা জংলী শেয়ালের সঙ্গে। হায় পরমাত্মা! কোন কাছেই আদবে না। গাঁওবুড়ার আসন এবার সত্যই টলে উঠল।

নেশায় আজকাল আর সে আমেজ আসে না। মাথায় কেমন জাল। বরে। —ভেজাল মেরেছে শালারা সব! জল মিশিয়েছে। বৃদ্যো মদের ভাঁড লাথি মেরে হঠিয়ে দেয়।

আগামী পঞ্চের বৈঠকেই হবে তার মৃত্যু। গতান্তর নেই। খরে একটা চণ্ডা মেয়ে আর বাইরে ক্ষমাহীন পঞ্চ।

এলাচির মনে পড়লো হিজ্বে কাশী ডোমের পরামর্শটা। — হা, কাশী কথাটা মন্দ বলেনি।

- —টুকিয়া, টুকিয়া, টুকিয়া। বুড়ো গলা চিরে ডেকে ডেকে কেঁদে ফেলল। —জাত ছাড়বি তুই ?
  - ---হা।
  - —আমি থাব কি ?
  - —তা আমি কি জানি। মরিদ না কেন ?

- অবুঝ হোস্ না বেটি। যদি জাতই ছাড়বি তো জংলীটার জন্মে কেন ?
  - —কার জন্মে ছাড়ি বলতো ?
- —কাশী একটা থবর দিচ্ছিল। শুন্বি ? বুড়ো যথাসাধ্য তার গলার স্বর কোমল করে নিয়ে বলল—বানার্জী ডাক্তারের বাড়ী কাজ করবি ? টাকা পয়সা ভালই পাবি। সামান্ত ঝাড়ু টাড়ু দিতে হবে।
- ওসব আমি পারব না বুড়ো। মঙ্গলের ছেলে রয়েছে আমার পেটে।

আহত নেকড়ের মত বুড়ো বিশ্রী চীৎকার ছাড়ল—কি ? কি বললি রে ধর্মহারা মেয়ে ?

এবার টুকিয়া হেসেই ফেলল। — নে বুড়ো খুব হয়েছে, থাম এবার।

যত মদ থাবি, যত ভাত তামাকু থাবি সব দেব। তোর আর পঞ্চকে

অত ভয় করতে হবে না। কিছু ভাবতে হবে না তোকে। ওদেব
জবাব দিয়ে দে।

—জিতা রহো বেটি। বুড়ো টুকিয়াকে আশীর্কাদ করে। অবসর বুড়ো ক্রমে ঘুমের ঘোরে নেতিয়ে আসে। টুকিয়া এক টুক্রো চট পাকিয়ে এলাচির মাথার তলায় গুঁজে দেয়। সামছা দিয়ে বুড়োর গা মুছে হাত পায়ের আঙুল টেনে বাজিয়ে দেয়। —ঘুমো বুড়ো ঘুমো। ছটো ভাত আর মদ, এই তো? এইটুকু যদি না করতে পারি তবে আমি ডোমিন নই।

টুকিয়া মনে মনে প্রতিজ্ঞা করে। তার চেতনা ছাপিয়ে জেগে ওঠে পুরামানবীর মাতৃতান্ত্রিক দর্প।

গাঁয়ের সীমানা ছাড়িয়ে টুকিয়া মাঠের ধারে এসে দাঁড়াল। আজই তো তার ধালাস হবার কথা।

#### সবলা

সূর্য্য ভূবেছে অনেকক্ষণ। ধানকাটা ক্ষেত্ত ছেড়ে ঝাঁকে ঝাঁকে তিতির উড়ে চলেছে। পলাশতলার কড়েটা একেবারে ধসে গেছে।

মৌরীবনের কিনারায় দাড়িয়ে গুল্তি ছুঁডছে কে? ইা, সেই তা।
—আর বসে বসে গুল্তি ছুঁড়লে চলবে না। রোজগার করবি তো কর।
নইলে আমার আশা ছাড়।

এতদিন অদেখার পর এই রাচ় সন্থায়। মন্দল টুকিয়ার দিকে ফ্যাল ফ্যাল করে তাকিয়ে রইলো।

—আচ্ছা, ভাবিস্না। কাল আমাব সঙ্গে সহবে যাবি। হাসপাতালে পাংগা কুলির দরকার।

সদর শহর। জংলীর মুগে শব্দ নেই। সব ঝগ্নাট টুকিয়াকেই এক। ভুগতে হ'ল। —যা, ঐ যে বাবৃটী বসে আছে দোকানে, ভাকে গিয়ে একটা দর্থান্ত লিথে দিতে বল। এমনি করে আদাব জানাবি।

টুকিয়া স্বই শাসিয়ে শিথিয়ে দের, মঙ্গল এগিয়ে যায় আর বিমৃথ হয়ে ফিরে আসে। —অপদার্থ জংলী কোথাকার প্রথায় আয়ার সঙ্গে।

—বাবুজী ! ঠেঁটে ছটে। পাতলা হালিতে রাজিয়ে নিয়ে, কালো চোথের তারা ছটো নাচিয়ে বাবুটির প্রায় গা ছেসে দাভিয়ে টুকিয়া বলে—
বাবুজী ! একটা দরগান্ত লিখে দাও !

লেখা দরখান্ডটা নিমে টুকিয়া মঙ্গলের হাতে দিল। —এই নে, এবার হাসপাতালে চল।

হাসপাতালের কেরাণীবাবুর সামনে দর্থাস্তটা সঁপে দিয়ে মঙ্গল দাঁডাল।

- —আঁা মুণ্ডা? তোম্মুণ্ডা হায?
- —হজুর।
- —যাও থানাসে সার্টিফিকেট লে আও। আচ্ছা দাঁড়াও।

টেলিফোনের চোওটা তুলে নিয়ে কেরাণীবাবু ডাকলেন—ছালে। সাবইনস্পেক্টর। একবার রেজিষ্টারটা দেখুন তো। নাম মঙ্গল মুণ্ডা—, কোন ব্যাড ক্যারেক্টার কি না।

— গরে বাবা! এ যে দেগছি সর্বস্থিণাধার নরোত্তম। সি ক্লাস দাগী। সাবইনস্পেক্টরের প্রভুত্তর এল। — বাঘ ভালুকের মতিগতি তবু বোঝ যায় মশাই, কিন্তু এসব জংলী ফংলী ....

ফোন নামিয়ে কেরাণাবারু বললেন,—এই মঙ্গল মুণ্ডা, কেটে পড় বাবা। তোম দাগী হায়। নোকরি নেহি হোগা।

মঙ্গলের বর্ধর মস্তিক্ষে বোধগ্যা হ'ল না কিছু! টেলিফোনের চোঙটার দিকে তাকিয়ে ভয়ে তার সমস্ত শরীর রিম্ ঝিম্ করে উঠল। প্রেতের ভোঁত। মুখের মত ঐ বস্তটা এগনি এক ফ'য়ে যেন তার চোথের সব আলোটুকু নিভিয়ে দেবে।

অন্তরালবর্তিনী টুকিয়া দাঁড়িয়ে দাঁড়িয়ে সব শুনল। আচম্কা এদে রুচ্মৃষ্টিতে মঙ্গলের হাত ধরে টেনে নিয়ে গেল বাইরে। —চল্ বন-বিড়ালের বেটা। তোকে আর চাকরি করতে হবে না।

নিঃশঙ্কিনীর প্রত্যেকটা অভিযান নিদারুণ নিফলতায় একে একে ল্টিয়ে পড়ছে ধ্লোয়। টুকিয়া ফ পিয়ে ফ্ পিয়ে অনেকক্ষণ কেনে গুম হয়ে বসে রইল।

মঙ্গল হঠাৎ টুকিয়ার হাত ধরে বলে উঠল—এবার আমায় ছাড় টুকিয়া। তুই আর কাউকে বিয়ে কর্। যাবার আগে তোদের ওঝা আর ঐ কেরাণীবার্টাকে বিধে দিয়ে সরে পড়ি।

—না, তোকে যেতে হবে না কোথাও। চল্ ঘরে, একটা কথা আছে।

বড়ো এলাচি সগর্বে ও সহস্কারে পঞ্চের হকুম প্রত্যাখ্যান করেছে:

#### সবলা

গাঁওবৃড়ার পদ দে পরম তাচ্ছিলোর দঙ্গে ছেডে দিয়েছে। সে ও তাব মেয়ের ওপর পঞ্চের কোন নির্দেশ চলবে না।

ওঝ। শাসিয়ে গেছে—এবার ভূত লেলিয়ে তোদের বুকের কল্জে চ্রি করাব।

বুড়ো বেঁচেছে। খুশী হয়ে কলাটাকে আশাবাদ করে আর দিনরাত স্বচ্ছ স্থান্ধি মদ থায়। কোথা থেকে কেমন করে আসে, সে থবরে তার তিলমাত্র ঔংস্করা নেই।

টুকিয়া আর মঙ্গলের ব্যস্ত সংসার যাত্র। স্করু ধ্য়েছে এদিকে। ভারে উঠেই মঙ্গল একবোঝা দাতন মাথায় নিয়ে স্থারে যায়। অত বছ জোয়ানের ঘাড়টাও দাতনের ভারে বেকে যায়। এর একটু রহস্ত ও আছে। বোঝার ভেতর প্রচ্ছন্ন থাকে কমপক্ষে দশটি বোতল মদ— বাড়িতে লুকিয়ে চোলাই করা। সংরের একটা আড্ডায় এওলির গতি ক'রে মঙ্গল টাঁয়াক ভারী ক'রে ফিরে আসে।

দিকি আধুলি টাকা। মঙ্গল জাবনে এই প্রথম নিজ হাতে রূপো ছুঁয়ে দেখলো। অপূর্ব এর স্পর্শস্থ্য, এ এক পাতৃময়ী মায়া। একটা নতুন নেশা। জংলীও আজকাল গোলাপী গেঞ্জী গায় দেয়। ট্রকিয়া সাবান দিয়ে গা বোয় আর চুমকি বসানো কালে। শাডী পরে।

চন্দ্রগ্রহণের দিন। আজ সম্বো থেকেই ডোম-গাঁ প্রায় জনশৃতা। সবাই গিয়ে জড়ো হয়েছে সহরে। গ্রহণ লাগলেই গৃহস্থদের ঘরে ঘরে তারা দান কুড়িয়ে ফিরবে।

রাত্রিকালে বুড়ো এলাচিকে খাইয়ে শুইয়ে টুকিয়া মঙ্গলের ঘরে এল। তুজনে একসঙ্গে থেতে বদল—ভাত মাংস মদ। চোলান মদের

জালাটা আর গোটা কয়েক থালি বোতল সন্মুথে রাথা। আগামী কালের পণ্যসম্ভার আজ রাত্রেই গুছিয়ে রাথতে হবে।

পাহাড়ী ঝর্ণার মত থল থল করে হেনে টুকিয়া মঙ্গলের মাথাটা জডিয়ে ধরে। একান্তভাবে তারই দাক্ষিণ্যের ওপর যাদের নির্ভর, এমন তুজনকে সে তুর্গতির হাত থেকে ছিনিয়ে এনেছে। ভাঙা সংসারকে সে আবার নিজের মহিমায় জুড়ে দিয়েছে। বুড়ো স্থণী, মঙ্গল স্থণী, সে স্থণী, আরও একজন—সেও আজ তার রক্তের অন্ধকারে স্থথস্থা।

মঙ্গল বলে—মাঝে মাঝে আমার ভয় করে রে টুকিয়া। কগন আবার ধরা পড়ে যাই। বাঁচাবি তো গ

- -शं (त्र शं, वांठाव।
- —তা তুই পারিদ। তুই যাত্র জানিদ টুকিয়া। মঙ্গলের মনের মেঘ কেটে যায়, ও হাদতে থাকে।
- মঙ্গল মুণ্ডা হাজির হায় ! ঘরের বাইরে দরজার কাছেই কনেষ্টবলের গলার হাঁক শোনা গেল। মঙ্গলের চোথ থেকে মুহূর্তের পূর্বের নির্ভরতার আভাটুকু গেল নিভে। টুকিয়া মুথে আঙুল ছুইয়ে ইসারায় জানিয়ে দিল—চুপ।

দেয়াল ধরে আন্তে আন্তে দাঁড়ালো টুকিয়া। নেশায় পা বেদানাল। বিশ্রন্ত শাড়ীটাকে একটু গুছিয়ে জড়িয়ে নিয়ে ত্য়ার খুলে বাইরে এদে দাঁড়ালো। কপাটের শেকলটা দিল তুলে।

গ্রহণের অন্ধকারে ছেয়ে রয়েছে পৃথিবী, বাইরের কিছু স্পষ্ট ঠাহর হয় না। ট্রকিয়া ডাকলো—কে ?

- —সতের নম্বরের বদমাস মঙ্গল মুণ্ডার ঘর এইটা না ?
- —**對**1

#### সবলা

- তুই কে ? একজন কনষ্টেবল এগিয়ে এসে টুকিয়ার ম্থের ওপর লঠনটা তলে ধরলো।
  - —আমি মঙ্গলের জরু।
  - —মঙ্গলকে বাইরে আসতে বল।
  - —সে তো ঘরে নেই, শিকারে গেছে।
- —বেশ, তা হ'লে তুই সরে যা। ঘরের ভেতরটা একবার দেখে বিপোট লিখে নি।
- ঘরের ভেতর কেন যাবি সিপাহিজী ? আমি যা বলছি, তোরা তাই লিখেনে।
- ও, বুঝেছি। একজন কনষ্টেবল-টুকিয়ার পাশ কাটিয়ে ঘরে চুকতে উল্লভ হ'ল।

টুকিয়া বললো,—দাঁড়া সিপাহিঙ্গী, একটা কথা আছে। কনপ্তেবলটা টুকিয়ার মুখের দিকে জিজ্ঞাস্কভাবে তাকিয়ে রইল।

—এঃ, নেশাতে যে একেবারে গলে রয়েছে গো—অপর কনষ্টেবলটা ও এগিয়ে এল।

চালার খুঁটোতে বিলোল দেহভার হেলিয়ে দিয়ে চোপ বুদ্ধে দাড়িয়ে বুইল টুকিয়া। ঠোঁটে স্কা শ্লেষলিথা তুর্কোধ্য হাদির একট ছায়া। বললো—ব্ড মেহেরবান আপনি দিপাহিজা। গ্রীবকে একটা বিডি গাওয়ান দেখি।

বিশ্লথ শাড়ীর আঁচলটায় হঠাং একসঙ্গে হুটো প্রলুব্ধ হাতের জুব আকর্ষণ। টুকিয়া অফুভব করলো শুধু। প্রতিরোধের হুরাশায় তার অবশ হাতটা মাত্র চমকে গিয়ে স্থির হয়ে বইল।

ঘরের ভেতর একটা শব্দ। পাথুরে মেব্রেতে ঠোকর-লাগা শানিত টাঙির হিংশ্র নিষ্কণ!

টুকিয়া হঠাং অতিনাত্রায় ব্যস্ত হয়ে কনষ্টেবল ছজনের হাত ছটো ধরে বললো—শীগ্গির চলো এখান থেকে। একটু দূরে, আরে: অফ্সকারে।

শান্ত রাত্রির বাতাদে সহরের দিক থেকে ভেসে আসছে ভিক্ষাণী ডোমদের কলরব। গ্রহণকা দান। গ্রহণকা দান।

গ্রহণ ছেড়ে গেছে অনেকক্ষণ। আবার চাদের মুখ খুলেছে। চারিদিকে ফুটে উঠেছে নতুন শুক্লিমার স্ফুর্ত্তি।

একদল বনশ্যোর নামলো আলুর ক্ষেতের ওপর। হ'স হলে।
টুকিয়ার। তাড়াতাড়ি নালার জলে স্নান সেরে ক্ষেতের আল ধরে
থরের দিকে চললো।

ভেজা কাপড়ে আন্তে আন্তে চুকে দেখলো মঙ্গল অঘোরে ঘুমোচ্ছে। টুকিয়া ঠেলে ঠেলে তার ঘুম ভাঙালো।

# গোতান্তর

মকতপুর। কাঁচা সভকের ওপর এই তো একটা জরাজীণ বাড়ী! খোলার চালের পুরাণো বাশের ঠাট থেকে ঘণের ধূলো ঝ'রে পড়ে। তিন বছর পালেস্ডারা পছে নি। ঘরে এক পাল মান্ত্য—কাঁচা বাঁচা, মোতা কাথা আর নোংরা লেপ ভোযকের জ্ঞাল। এই তো সঞ্জয়ের স্ক্ইট হোম!

একা বড়দার গোনাগুনতি মাসোহারাণ ছোবে ভাতকাপড়ের ক্ষুধা আর বাগিয়ে রাখা যায় না। স্বদিকে ব্যেবাহুলা নিশ্মমভাবে ছোটে ফেলা হয়েছে। এখন কোপ পড়ছে পেটেব ওপর। ঘি চিনি চা— শুসারের বৃতুক্ষ জিভটার এক একটা অংশ বড়লা প্রতিমাসে ছ্রির পোচ দিয়ে কাটছেন। এ ছাড়া উপায় নেই। কে জানতো, সঞ্জয় এত লেখা পড়া শিখেও রোজগারের বেলায় এমন ঠুটা হয়ে বসে থাকবে। এক আধ দিন নয়, আজ চার বছর ধরে।

বিকেল বেলার হাল্কা ঝড়ে বাড়ার স্থাপে শিরিষ গাছে শুকনো স্থাঁটগুলো ঝুম ঝুম করে বাছে, মোটা ঘুঙুরের বোলের মত। এই সময়টা বেশ লাগে। সারাদিনের সঞ্জিত আলস্ত অবসাদে মিটি হয়ে প্রেট।

বারান্দায় বদে এক গেলান গুড়ের তৈরী চা হাতে নিয়ে সঞ্জয় চুমুকে চুমুকে তার নিতাদিনের ভাবনা গুলির আস্থাদ ঝালিয়ে নিচ্ছিল।

—যে যার পথ দেখ। বড়দা সময়ে অসময়ে অরণ করিয়ে দিচ্ছেন। কিন্তু বছর চারেক আগোকার কথা। পরীক্ষার দিন এই বড়দা নিজের হাতে টিফিন কেরিয়ারে থাবার নিয়ে কলেজ হলের গেটে দাঁড়িয়ে থাকতেন। সেও এক দিন গেছে। বড়দার মনের স্থপ্ত সাধ আকাজ্জাগুলি

সেদিন ছিল হুঃথ অভাবের কালিতে মাথা—বিনম্র কামনার মালার
মত। এই অভাবের গ্লানি একদিন ধুয়ে মুছে থাবে। সঞ্জয়ের একটা
চাকরী হবে—রূপোর কাঠির স্পর্শে মকতপুরের দত্তবাড়ী স্বাচ্ছন্দ্যে ঝকঝক করে উঠবে। এই ছিল অবণারিত সত্য।

এম-এ ডিগ্রী। সচ্চরিত্রতা, স্বাস্থ্য আর থেলাধূলার দশটা সার্টি-ফিকেট, বিলিতি পত্রিকায় ছাপা তার নিজের লেখা তিনটে অর্থনীতির প্রবন্ধ, গান আর অভিনয়ের মেডেল, ভূমিকম্পে স্থকঠোর সেবাব্রতের প্রশংসাপত্র—সঞ্জয়ের বহু ও বিচিত্র প্রতিভা একটা মোটা বাণ্ডিলে বাঁধা হয়ে বাক্সে পড়ে আছে। চার বছর দর্থাস্তবাজি করে একটা চাকরী জোটে নি। বড়দা হতাশ হয়ে পড়েছেন। মায়ের ম্থেও গঞ্জনাবাক্য উথলে ওঠে।

অপ্রতিভ হয়ে গেছে সঞ্চয়। কিন্তু এই ধিঞ্চ চারটি বছরের প্রতি
মূহুর্ত্তের ভাবনায় তার অনেক মোহ ভেঙে দিয়েছে। আগে এমনি
অবস্থায় পড়লে লোকে বিবাগী হয়ে যেত। কিন্তু সঞ্জয় অন্ত ধাতুতে
তৈরী। বিংশ শতান্দীর বিপ্লবী ধনবিজ্ঞানের সমস্ত স্কুগুলি তার জানা
আছে।

সঞ্জয় ব্ৰেছে, এথানে প্ৰত্যেকটি স্নেহ পণা মাত্ৰ। প্ৰত্যেকটি আশীৰ্কাদ এক একটি পাওনার নোটিশ। চার বছর বয়স—এই ভাই-ঝি পুতৃল, মাথা ধরলে চুলে হাত বুলিয়ে দেয় ঠিকই। কিন্তু সঞ্জয় জানে, একরত্তি মেয়ের এই হল্পভার মধ্যে ল্ভাতন্ত্তর মত কী স্ক্ষ্ম কারবারী বৃদ্ধি লুকিয়ে আছে। কাজ শেষ হলেই সোজা দাবী জানাবে—সিন্তের ফিতে চাই আমার।

ওপর থেকে দেখতে কী স্থনর! মাবাপ ভাই বোন, আপন জন,

# গোত্রাস্তর

আত্মীয়তার নীড়। কত গালভরা প্রবচন ! একটু আঁচড় দিলেই চামড়: ভেদ করে দেখা দেয় নির্লজ্জ মহাজনের মাংস। সঞ্জয় এক এক সময় হেন্দে ফেলে। তবে এ তব নতুন কিছু নয়। ইতিহাসের শিরায় শিরায় এই রীতি গড়িয়ে আসচে বহু হাজার বছর ধরে। সেই গুহা-মানবের গৃহধ্ম থেকে স্কুক্ক করে মকতপুরের দত্তবাড়ীর সংসারকলা। প্রেম প্রল্য আত্মীয়তা—লক্ষা গুছ আদা মরিচ। যে ক্রেভা সেই আপন জন।

স্থমিত্রাও অনেকদিন এদিকে আসে না। প্রেমের হাওয়া হয়তে। ঘুরে গেছে। আশ্চর্যা কিছু নয়। স্থমিত্রার বাবা অভয়বারুরও মতিগতি কিছুদিন থেকে উল্টো রকমের দেখাচছে। বাডী মর্টগেঙ্গ দিয়েছেন। স্থমিত্রারও কি পাত্র জুটে গেল ?

গেল বিজয়া দশমীর দিনও সে প্রণাম করতে এসেছিল। চাঁপা রঙের সাড়ীতে অমন কালো মেয়েটাকেও দেখাচ্ছিল কত স্থন্দর!

···চন্দনের টিপপরা স্থমিত্রার কপালটা অলস হয়ে পড়ে রয়েছে তুমিনিট ধরে, সঞ্জয়ের পায়ের ওপর। বয়স্থা কুমারী মেয়ের যৌবন অভিমানে যেন মাথা খুঁডছে। স্থমিত্রা ভালবেসে ফেলেছে।

পুরানো দিনের এমব কাহিনী ভাবতে ভালই লাগছিল। কিন্তু বৌদি এসে সামনে দাঁড়ালেন। —অভয়বাবুদের থবর শুনেছ ঠাকুরপো १

- —ना ।
- —সাবরেজিষ্টার নবীনবাবুর দক্ষে স্থমিত্রার ....।
- —বিয়ে, এই তো!

বৌদি হেদে চলে গেলেন। হাদিটা তিরস্কারের মতই। যাক্, সবচেয়ে বড় ভুলটাও ভেঙে গেল। এই একটা লাভ। ঐ চোথের জ্বল, প্রণাম, লজ্জানত মুখ,—কী ক্ষুরধার পবিত্র কোকেটি ! সে চিনেও চেনে নি। এটা ভারই অপরাধ।

সময় থাকতে সরে পড়া চাই। নইলে এই নীলামী মহলে তার সমস্ত মক্ষয় অতি সন্তায় বিকিয়ে যাবে। এই ভণ্ডহাস, ভদ্দ সংসারের চলনাকে পেছনে রেথে চলে যেতে হবে। পশুর মত নিছক একটা গোত্রমোহের তাড়নায় সমস্ত জীবনের ইট এথানে সে বাঁধা রাথতে পারবে না। সঞ্জয় বুঝাছে, তার সব চেয়ে বড় প্রয়োজন গোত্রাস্তর। এই গুহকুটের রহস্ত সেধরে ফেলেছে।

সঞ্জয় চলে থাচ্ছে দূর দেশে। রতনলাল স্থগার মিলে ত্রিশ টাকা মাইনের চাকরী। মাইনে কমবেশীর প্রশ্ন কিছু নেই। এই ত্রিশ টাকার চাকরীর মধ্যে দে দেখেছে অজন্ম মুক্তির প্রসাদ।

বিদায়ের দিন মকতপুরের এই জরাজীর্ণ বাড়ীটা যেন আর একবার সমস্ত যাত্বল নিয়ে সঞ্জয়কে দমিয়ে দেবার মতলব করলো। ভাই বোনেরা বাক্স বিছানা বেঁধে দিল। পুতুল সকাল থেকে আঁচিলের মত গায়ে লেগে আছে—যেতে নাহি দিব গোছের ইচ্ছেটা। বাবার কথাগুলোর কটু ঝাঁজ উবে গেছে, স্বস্থভাবে তামাক টানতে পারছেন না। মা রাশ্মাঘর থেকে এখনও বাইরে আসেন নি। উন্থনের সামনে বসে যেন তার বিগত অদাক্ষিণ্যের প্রায়শ্চিত্ত করছেন। মাছের তরকারীই বাঁধলেন তিন বক্ষের।

বড়দা বিচলিত হয়েছেন সব চেয়ে বেশী। বললেন—ভাল মনে যাও, আর মনে রেথ, উত্যোগী পুরুষসিংহ লক্ষ্মীলাভ করেই। তুমিই একদিন ঐ মিলের মালিক হয়ে ব'সতে পার। স্থার রাজেন কি ছিলেন ? সব সময় প্রস্পেক্টের দিকে লক্ষ্য রাথবে।

মোটর বাদে উঠে একটা স্বস্তির নিঃশ্বাস ছাড়লো সঞ্জয়। একদিকে নির্জনা ফন্তু, আর তিনদিকে জন্ধন। মাঝে চুরাশী

# গোত্রান্তর

পরগণা। জঙ্গলের ভেতর গ্রাণ্ডকর্ড লাইন নাড়ীর মত ধুকপুক করে। একটা রামগড়ির টিলার রেঞ্জ চলে গেছে কোডারমা টেশন প্যান্ত।

মিল এলাকার নাম বতনগঞ্জ—একটা বাজার আর দূরে ও কাছে কুলি ও কশচারীদের বাসা। চুরানী পরগণার দিগন্ত জুডে ছডিয়ে রয়েছে আলবাধা ঠাসা শাকসক্তী ও আথের ক্ষেত। ঠুঁটো ঠুঁটো কাকডাডুগা মৃতি, শুয়োর থেদাবার চালা, আঁকা বাকা নালা আর মাঝে মাঝে জল সেচবার বড় বড় কাঠের লাঠা, মাস্তলের মত ভেসে আছে সবুজ সাগরে।

আথের ফসল পেকে ওঠে। দেড় মান্তবের সমান লগা লগা ঋজু দাডা, এক এক হাতের পাব্। সবুজ রেশমী ফালির মত মাণাভরা পাতার নিশান। তুরী ছত্তি আর আহীরদের বস্তি—যাদের হাড়ের জলের সারে রত্ত্বসম্ভবা হয়েছে চুরাশী প্রগণার মাটা।

মিলের মালিক রায়বাহাত্বর রতনলাল অতি সক্ষন লোক। একটা নগণ্য প্যানম্যানকে আপনি বলে সম্বোধন করেন। প্রাতঃস্থানের আগে বাগানের যত পি'পড়ের গর্জে মুঠো মুঠো চিনি ছড়িয়ে আদেন।

ক্যাসমুন্সী সঞ্জয়। রায়বাহাতুর সঞ্জয়কে আখাস দিলেন। —এই মিল তোমার। এর উন্নতি হ'লে তোমারও উন্নতি হবে। কাছ দেখাও, এখানে প্রসপেক্ট আছে।

কিন্তু মাদের পর মাদ, চালান রদিদ রেজিষ্টার আর লেজার ঘষে, টাকা নোট আর রেজকি ঘেঁটে আঙুলের ডগা বিষিয়ে যায়। ক্রাশিং মেশিনের শব্দ, ভোবড়ার পাহাড় আর রাবগুড়ের গন্ধে প্রদপেক্টের টিকি খুঁজে পাওয়া যায় না। সঞ্জয়ের মনেও ওরকম কোন ভূয়ো আশার প্রগল্ভতা নেই। এই সব পয়োম্থ ধনকুস্তদের রীতিনীতি তার ভাল রকমই জানা আছে।

প্রদপেক্টনয়, আরও বড় ও কঠোর এক সাধনার ভার নিয়ে সঞ্জয়

এসেছে এখানে। নিঃশেষে লোপ করতে হবে তার পুরাতন স্তাকে. ফেরারী আসামীর মত।

আদৃত চরিত্রের একটা লোক সঞ্জয়কে ভাবিয়ে তুলেছে খুব! ৬৫ নাম নেমিয়ার। লোকটা কর্তৃপক্ষের চোথের বিষ। আজ পাঁচ বছর মধে এখানে লোডিং মুহুরীর চাকরী করছে। ত্রিশ টাকায় আরম্ভ করে এখন এমে ঠেকেছে পনর টাকায়। লোকটার ছায়ার মধ্যে তুর্ভাগ্যের ছোয়াচ.

একে কুংসিত, তার ওপর প্লরিসি। সপ্তাহে তিন দিন টেবিক্রে পাঁজর চেপে অসাড় হয়ে পড়ে থাকে। দেখে মনে হয় লোকটা মেরুদণ্ড-হীন, নইলে কেন্দোর মত অমন গুটিয়ে পাকিয়ে পড়ে থাকা যায় না।

তা ছাড়া আছে ক্লক্মিণী—নেমিয়ারের বোন। রতনলাল মিলের প্রবীন অর্ব্বাচীন স্বাই সঞ্জয়কে সাব্ধান ক'রে দিয়েছে—ঐ ভাইবোনের ধ্বপ্পর থেকে সামলে থেক বাঙালীবার।

নেমিয়ার গায়ে পড়ে ঘনিষ্ঠ হবার চেষ্টা করছে। হঠাৎ এসে একদিন বলে গেল—এক নম্বরের কুঁয়োর জল ছাড়া অন্ত জল থেয়োনা বাবুজী : ম্যালেরিয়া হবে।

আর একদিন কয়েক শিশি আইডিন, ক্যাষ্টর অয়েল আর কুইনিনের বিড়ি দিয়ে গেল। —তোমার জন্ম নিয়ে এলাম কোডারমা হাসপাতাল থেকে।

সঞ্জয় শুধু অপেক্ষায় আছে, দেখা যাক এই নিষ্কাম প্রীতির পরিণাম কোথায় গিয়ে ঠেকে। তিন সপ্তাহের মধ্যে নেমিয়ারের ছলবেশ ধর পড়ে গেল। অফিসে থাতা লিথজিল সঞ্জয়। মুথ তুলে তাকাতেই দেখলে: নেমিয়ার দাঁড়িয়ে, ছোট ছোট চোথ ঘুটো মিট মিট করে জল্ছে।

নেমিয়ার বললো-এইবার একটা বন্দকের লাইদেন্স নিয়ে ফেল

# গোত্রান্তর

ববেজী। তৃজনে একদক্ষে শিকার কবা যাবে। রোজ গরগেশের রোষ্ট্র, গোয়ান্ত। মহুয়ার সঙ্গে জমবে ভাল।

সঞ্জয়কে নিরুৎসাহ দেখে একবার কি ভেবে নিয়ে ২ঠাং ব্যস্ত হয়ে বললো—পাচটা টাকা লোন দাও তো বাবুজী। আসভে মাসে ভাইলৈ তুমি পাবে ছটাকা আটি আনা।

সঞ্যু স্পষ্ট বলে দিল—হবে না, মাপ কর।

নেমিয়ার চলে গেলে সঞ্জয় হাসলো মনে মনে। মান্তবেশ ক্ষয়বৃত্তির চরম পরিচয় সে জেনেছে। অত সহজে ভবী আর ভোলে ন।। নেমিয়ার কোন ছার।

কিন্তু নেমিয়ারকে চিনতে বোধহয় এখনে। অনেক বাকী ছিল।

রাত্রিবেলা জোর বৃষ্টির শব্দের মধ্যে দরজার বাইরে কড। নাডছে
কেউ। সঞ্জয় দরজা খুলতেই ঘরে ঢুকলো ক্ষ্মিণী, হাতে থাবারের থালা।
—আজ নেমিয়ারের জন্মদিন। নেমিয়ার বলেছে আপনিই তার
কমাত্র বন্ধু। তাই এই সামান্ত কিছু থাবার নিয়ে এলাম আপনার জন্তু।
কথা শেষ করে ক্ষ্মিণী থালাটা নামিয়ে রেগে তক্তপোষের এক পাশে
বংগ পড়ে হেসে ফেললো।

সঞ্জয় এই প্রথম ভাল ক'রে দেখলো ক্ষুণীকে। মেয়েটা কালো **আর** রোগা। বেশ বৃদ্ধিভরা সেয়ানা দৃষ্টি। চোগের কোল হুটোতে রাত-জাগা ক্লান্তির কালিমা। তবু দেখে বোঝা যায়, শুধু ভাল করে থেতে পেলে এই চেহারারই কী চমক খুলবে। বেশ দামী একটা সাড়ী প'রে এসেছে, বিলিতি স্থান্ধি মাখা। সবচেয়ে স্থানর ওর দাঁতগুলো। কথা বলার সময় দেখায় ত্'পাটি সারিবাঁধা ছোট ছোট শুক্লমণির মত। হেসে ফেলে যখন, মুক্তদল কুঁড়ির স্তবকের মত হঠাৎ ফেলে গুঠা।

সঞ্জয়ের তন্ময়তা দেথে কন্ধিণী অন্তাদিকে মুখ ঘুরিয়ে বললো—আপনি থেয়ে নিন। ততকণ আমি বসচি।

থাওয়া শেষ হতেই ক্ষুণ্নী উঠে স্বরিং হস্তে এঁটো বাসনগুলি তুলে নিয়ে দাঁডালো—এবার চলি বাবন্ধী, অনেক রাত হয়েছে।

সঞ্জয় একটু অপ্রস্তুত হয়ে বললো—একা যাবে কী করে ১

—তা যেতে পারবো। এক ঝলক হাসি হেসে রুক্মিণী বাইরে পা বাডাতেই সঞ্জয় এঁটো হাতে থপ করে কব্জি চেপে ধরলো।

ক্ষুক্সিণী বললো—আঃ, বাসনগুলো পড়ে যাবে! আগে নামিয়ে রাথতে দাও।

ক'দিন পরে নেমিয়ার অফিসে সঞ্জয়ের টেবিলের সামনে এসে দাঁড়ালো। মেরুদণ্ডহীন প্রাণীর চোথ ছটো আবার মিট মিট করে জ্বলছে। গলার স্বর নামিয়ে বললে—ভূমি ক্লিন্থিকে ভালবাস ? প্রশ্নের আঘাতে সঞ্জয় চমকে উঠতেই নেমিয়ার বললো—সে তো স্থথের কথা। লজ্জা পাবার কি আছে ? আচ্ছা, আমি চলি এবার। দাও।

সঞ্জয়-কি ?

- —দেই যে পাঁচটা টাকা দেবে বলেছিলে।
- —থ্যাস্ক ইউ! নোটটা পকেটে গুঁজে নেমিয়ার আবার বললে—

  যখন যা দরকার হবে আমায় বলো।

সত্যিকারের গোত্রান্তর হয়েছে সঞ্জয়ের। পাখী শুধু তার ডাকার আবেগে যেমন করে সৃষ্টিনী লাভ করে, ক্রিনী তেমনিভাবে এসেছে তার কাছে। তার লাঞ্চিত পৌক্রষকে এই পথের মেয়েটাই সসম্মানে লুফে নিয়েছে। জ'লো দাম্পত্যের চেয়ে এ ঢের ভাল। তার বিদ্রোহের প্রথম পরিচ্ছেদ পূর্ণ হয়েছে।

# গোতান্তর

বাড়ীর চিঠি আসে। খাঁটি বাঙালী বাড়ীর চিঠি—কেমন আছ?
উন্নতির কতদূর হ'ল ? সংসারে বড় টানাটানি। কিছু পাঠাতে পারনে
ভাল হয়।

চিঠি আসে কিন্তু উত্তর যায় না। মধ্যে অনেক দূর ব্যবধান—বালুচব আর চোরাবালি। চিঠিগুলি থবরের কাগজের টুকরোর মত মনে হয়। ও তুঃথ তো আর একা মকতপুরের দত্তবাজীর নয়। এই নেমিয়ারের বৌ তিনটি ছেলে কোলে ক'রে কুঁয়োয় ঝাঁপিয়ে আত্মহত্যা করেছে। সেই থবরের কাটিং আছে নেমিয়ারের বৃকপকেটে। পৃথিবীর তঃথ মিটলে দত্তবাজীর ও তঃথ মিটবে।

রাত্রে হাঁড়িয়া থেয়ে এক একদিন কড়া নেশায মাথায় জ্বালা ধরে।
সঞ্জয়ের চোথ দিয়ে জল গড়াতে থাকে। কক্সিণী অফুনয় ক'রে জিজ্ঞাদা
করে—তুমি কাঁদ কেন ?

চিঠিগুলি কুচি কুচি করে ছিঁছে পুডিয়ে দেয় সঞ্য, ক্যাপা বামুন যেমন করে তার উপবীত ভসা করে।

চুরাশী পরগণা থেকে সহস্র যোজন দূরে, লবণ পারাবারের অপর প্রান্তে ওলনাজের দেশে মুদ্রালক্ষী যেন বিধবা হয়েছে। স্বর্ণমান বাতিল হয়ে বাটা আর বিনিময়ের হার পাণেট গেছে রাভারাতি। গিল্ডারের দাম এক দফায় নেমে গেছে সন্তঃ হয়ে।

সেই ক্ষু বাণিজ্যবায় ছত্ত্ব করে আকাশে পাডি দিয়ে এসে ঠেকেছে কলকাতার বন্দরে। টন টন জাভা চিনি নামছে অতি মন্দা দরে। ইণ্ডিয়ান চেম্বারে বিষাদ। মতিপুর চন্পারণ আর কানপুর স্পেশাল বস্তাবন্দী হয়ে কাঁদছে আড়তে আড়তে।

ওলনাজের বাজারের অভিশাপ এদে লাগলে। রতনলাল মিলে আর

চুরাশী পরগণার আথের ক্ষেতে। মিলের ঘরে ঘরে মুনিবজী নোটিশ পড়ে গেলেন—মাইনে ও মজুরী শতকরা চলিশ কাট।

কিষাণেরা ফটকে ভীড় করছে; চোঙ মুথে দিয়ে মুনিবজী আথের দর ঘোষণা করে দিলেন—এগার পয়সা মণ। যে যে বেচতে রাজী আছ কাল থেকে ফসল পৌছাও।

সন্ধ্যে পর্যান্ত মিল ফটকে কর্মচারী ও কিষাণদের জনতা নিঝুম হয়ে বসে রইল। রায়বাহাত্রের ছেলে স্থাবাবু চলে গেলেন কোডারমা, ট্রাঙ্ক টেলিফোনে কলকাতার বাজারের অবস্থা জানতে।

ভীড় সরাতে রায়বাহাত্ব স্থাং হাত্যোড় করে এসে দাড়ালেন।— বাবালোগ, র্থা ঝামেলা কেন ? এ সব নদীবের মার। ভগবানের কাছে জানাও, যেন স্থানি ফিরে আসে।

কিষাণদের মধ্যে মুনিরাম একটু জবরদন্ত। সাফ জবাব দেবার মত জিভ ওরই আছে। মুনিরাম বললো—সরকারী রেট তো পৌনে পাঁচ আনা বাধা আছে হুজুর।

রায়বাহাত্বর স্মিতহাস্থে বললেন—ওসব স্থপম্বপ্প ছাড়ো ভাইয়া। সে রামরাজ নেই। জাভা মাল এসে ডাকাতি করছে। তমাম আগুন লেগে গেছে। মিল বন্ধ না করে দিতে হয়।

মুনিরামও ছাড়বার পাত্র নয়। — কাল সকালে ঘরের ছেলেমেয়ে-গুলিকে সব পাঠিয়ে দেব। মেহেরবানি করে গুলি চালিয়ে শেষ করে দেবেন। সেই বরং ভাল।

সম্বেহে ভৎ সনা করে রায়বাহাতুর বল্লেন—বেকুব ঘোড়া কাঁহাকা। যা যা ঘরে গিয়ে মাথা ঠাণ্ডা কর্। এ শঙ্কর পালোয়ান, ফটক বন্ধ করো। পরাজিত পন্টনের মত জনতা ফটক থেকে সরে এল। কর্মচারী আার মজুরেরা যে যার ঘরের পথ ধরলো। তথু সঞ্জয় চললো অন্তদিকে।

# গোত্রাম্বর

সঙ্গে নেমিয়ার মুনিরাম স্থলাল ছেদি, আরও ক'জন ক্লষাণ। বুড়ো বটের তলায় পুরানো শিবালয়ের সি'ডিতে ওরা নিঃশব্দেই এসে বসলো।

সঞ্জয় বললো-এর প্রতিশোধ নিতে হবে।

দূনিরামের অন্তরাত্মা যেন এই বরাভয়বাণীর জন্ম ওং পেতে বসে ছিল। লাফিয়ে উঠে বললে।—লোহাই বাঙালীবাবু। একটা উপায় বলে দাও।

কয়েকটা গবেট গোছের কৃষাণ কি জানি কিসের প্রেরণায় ডাক ভাড়লো—হর হর মহাদেও।

নেমিয়ার দাত মুখ পিঁচিয়ে খিন্তি করে ধমক দিল—এই খবরদার ! কোন আওয়াজ নয়।

এই অবস্থায় কিছুক্ষণ কেটে যাবার পর সঞ্জয় প্রস্থাব করলো—কেউ ফসল বেচবে না।

मवाहे वलाला-ठिक कथा।

—তোমরা দর নামিও না। ওরা শেষে কিনতে বাধ্য হবে। নতুন মেশিন এসেছে, কাজ ওদের চালু করতেই হবে।

স্থপলাল বললো--যদি না কেনে!

নীমাংসা হয়েই যাচ্ছিল, স্বথলালের প্রশ্নে আবার বিতও। স্কুক হ'ল।
সঞ্জয় উঠে দাঁড়িয়ে বললো—কিনতে বাধ্য হবে। লড়াই স্কুক করে
লাও। বট পাতা ছুঁয়ে সকলে কসম গাও।

সঞ্জয়ের কথার মধ্যে অভুত এক আখাসের উদ্দীপনা ছিল। বেটুকু সংশয়ের মেঘ ছিল, সকলের প্রতিজ্ঞা আর উৎসাহের ঝড়ে তাও কেটে গেল। পুণ্য বাতাসে শিবালয়ের ঐ নিরেট বধির বিগ্রহটা সত্যিই ষেন জেগে উঠলো এতদিনে।

বৈঠক শেষ হ'ল।

ক্ষিণীর ঘরের কাছাকাছি এসে সঞ্জয় বললো—নেমিয়ার, তুমি এইবার যাও। আজ থেকেই লেগে যাও। থুব ভাল করে অর্গানাইজ কর।

--বহুৎ আচ্ছা বাবুজী।

নেমিয়ার চলে গেলে সঞ্জয় অন্ধকারে অনেকক্ষণ চুপ করে দাঁভিয়ে রইল। এম-এ পাশ সঞ্জয় ক্যাশমূলী হয়ে গেছে। তার অপমানিত প্রতিভাবেন ব্যর্থ রোমে ফণা নামিয়ে দিন গুণছিল। এইবার ফিরে ছোবল দিতে হবে, যতথানি বিষ ঢালতে পারা যায়।

অন্ধকারে চুপ করে দাঁড়িয়ে তার সমস্ত ভাবনাকে সংগ্রামের সাজে সাজিয়ে তৈরী হ'ল সঞ্জয়। রতনলাল মিলের চিমনিটা অস্পষ্ট দেখা যায়। ডাইনোসরের মত ঘাড় উচিয়ে তাকিয়ে আছে চুরাশী পরগণার বিস্তীর্ণ আথের ক্ষেতের দিকে। ঐ দানবীয় চব্বির স্তৃপের ভেতর কোথায় হৃদ্পিগু লুকিয়ে আছে তা সঞ্জয়ের অজানা নয়, ঠিক সেইখানে তাক করে আঘাত দিতে হবে।

মন ভরা উল্লাস নিয়ে সঞ্জয় রুক্মিণার ঘরে চুকলো।

—সন্তা ? আমার আর কি দেবার বাকী আছে ? আর ছেড়েই ব। দেব কেন ?

ক্ষিণী যেন একটু অন্তপ্ত হয়েই হাত দিয়ে সঞ্জয়ের মৃথ চেপে ধরে বললো—আচ্ছা! আচ্ছা! মাপ করো। আর বলবে। না। তবে তুমি নিজেই সেদিন নেশার ঘোরে বলছিলে, আমি নাকি সরবতের গেলাস, সরবত নই।

সঞ্জয়ের প্রত্যুত্তরের অপেক্ষা না করেই রুক্মিণী বললো—আমার কিছু থোক টাকা চাই। একবার ভাল করে তাকিয়ে দেখ তো আমার দিকে।

# গোত্রান্তর

ক্রিণী গায়ের আঁচলটা নামিয়ে সোজা হয়ে দাঁড়ালো—বুঝেছ পূ
আমার চলবে কি করে প

—হা বুঝেছি। স্ক্র গন্তীর হয়ে গেল।

রতনলাল মিলের সমস্ত মেশিন বন্ধ। অতিকটে তু'চার গাড়ী মাল যোগাড় হয়েছে। কলকাতার মার্কেটের অর্ডার মেটাবাব শেষ দিন এগিয়ে আসছে। রায়বাহাত্র পাগল হয়ে সদরে এস-ডি-ও'র বাংলোতে দৌডদৌডি করছেন।

চুরাশী পরগণার ফদল শুকোচ্ছে মাঠে মাঠে। এজেন্টর। গাড়ী আর টাকার ভোড়া নিয়ে বস্তি বস্তি ঘুরে বেডাচ্ছে।—মাল ছাড়বে ভোছাড়। পাতা লাল হবেছে কি এক আনাও দর দেব না। কিশাণরা হেদে চুপ করে থাকে।

নেমিয়ার একেবারে উধাও খ্যেছে। বাডীতেও থাকে না, আফিসেও আদে না। দাড়কাকের মত সে দিনরাত চুরাশী পর্যাণার মাঠে ঘাটে বস্তিতে উড়ে বেড়ায়। —থবরদার, এজেন্টদের কথায় কেউ ঘাবড়িয়ে। না। রতনলাল মিল ঠাঙা হয়ে আসছে।

চ্রাশী পরগণার ওপর শকুন উছছে ক'দিন থেকে। গো-মছক লেগেছে। মুনিরামের একটা ছেলেও মারা গেছে বদস্তে।

সাহুরা খেরোবাধা থাতা আর তমস্তথের মথি নিয়ে দরজায় দরজায় হানা দিচ্ছে তাগাদায়। একজন রিকুটার বিশ জন তুরীকে গেঁথে নিয়ে দরে পড়েছে মালয় রবার বাগানের জন্ত। কদম সাগরের রাস্তায় গরুর গাড়ী লুট হয়েছে: মিলিটারী পুলিশ রুট মার্চ করে গেছে।

পঙ্গপালের মত কোভারমার গয়লার। এসেছে দলে দলে। মোষ কিনছে পাঁচ টাকায়, তুধের গরু আটি টাকায়, বাছুর বার আনা। সাহুর।

চড়া স্থদে রূপোর গ্য়না বন্ধক নিচ্ছে, পেতল কাঁসার বাসন বিলিয়ে যাচ্ছে নাটীর দবে।

চ্রাশী পরগণায় ঘরে ঘরে দেছ কোনার গাছের পাতা। ঘরে ঘরে দানা আনাজ নিংশেষ।

এক মাস হতে চললো। রায়বাহাত্বর এজেণ্টদের গালাগালি দিয়েছেন।—যেমন করে পার মাল নিয়ে এস। মার্কেটে আর ইজ্জং থাকে না। মেশিনে মর্চে পড়ে গেল।

এস-ডি-ও এসে মিল দেখে গেছেন। পেয়াদা দিয়ে চুরাশা পরগণায় ঢোল পিটিয়ে দিয়েছেন। —সব কোই হঁসিয়ার হো যাও। ফসল ছাড়, একদিন মাত্র সময় দেওয়া গেল। নইলে কাল থেকেই লয়াবাদ পরগণা থেকে ফসল আনা হবে।

মুনিরাম আর স্থলাল এল সন্ধ্যেবেলা। ঘেরো কুকুরের মত চেহার।।
এখনও ভরসা জল জল করছে ওদের চোখে, হাত পেতে হুকুম চাইছে।
বাবজী এইবার কি করতে হবে হুকুম দাও।

সঞ্জয় বললো—আর কটা দিন সবুর কর।

মুনিরাম আর স্থখলাল চুপ করে অনেকক্ষণ বসে থেকে চলে গেল। তাদের কিছু একটা বলবার হয় তো ছিল। বলা আর ২'ল না।

ঘটনাগুলি কেমন ঘোরাল হয়ে আসছে। রায়বাহাত্র এখনও তাকে ভাকলো না, এই সঙ্কটে একটা পরামর্শের জন্ম। আভাসে সঞ্জয় একদিন জানিয়েও ছিল—যদি বলেন তো কিষাণদের আমি শাস্ত করি।

এদিকে রুক্মিণী আবার এক কাঁটা গিলে বসে আছে। তুদিকেই একটা ব্যবস্থা এবার করা উচিত। কিন্তু নেমিয়ার ছাড়া কি করে কাজ হয়। কাজের বেলা লোকটা স্তিট্ট বড় সহায়!

নেমিয়ার এসে সামনে দাঁডালো।

# গোত্রান্তর

কেরোদিনের বাতির ময়লা আলো। নোংরা থাকি প্যাণ্ট, ছেডা কামিজ, পাথীর বাদার মত রুক্ষ চুলে ভরা মাথাটা। কেল্লো নেমিয়ার দাঁড়িয়ে আছে—লোহার মৃত্তির মত ঋজু ও কঠিন। গোত্রহীন মান্তবেব স্বরূপ দেগে আজ সঞ্জয় আঁথকে উঠেছে, বদে আছে মাথা নীচ করে।

নেমিয়ার চাইতে এনেছে মিলের ক্যাশঘরের চাবি। — সিরিসিটির মত চেটে নিয়ে আসবো যা কিছু ক্যাশ আছে। ঘরে আগুন লাগিফে দেবো। ফাইল রেজিষ্টার ছাই হয়ে যাবে! ভোমাকে দায়ী করবে কি দিয়ে পু কে বলবে কত ব্যালান্স ছিল পু দাও, চাবি দাও।

সঞ্জয় ঘাড়টা একবার তুলে তাকালো বাইরের অন্ধকারের দিকে। আলোটা একটু উজ্জ্বল থাকলে দেখা যেত, দম্কা শিহরে তার হাটু তুটো থব থব কবে উঠলো।

নেমিয়ার যেন ভয়য়র অর্থহীন এক ব্যালাভ গাইছে।—ঢ়ৢরাশী পরগণার রসদ চাই। তারপর দেখবো, লয়াবাদের সড়ক দিয়ে কোন মরদকা বাচ্চা বাইরের মাল আনতে পারে। কেউ বেচবে না ফসল, ক্ষেতে ক্ষেতে শুকিয়ে যাবে, পুড়িয়ে ছাই করে দেওয়াহবে। কিষাণেরম সব কসম থেয়েছে। আজ রাত্রে লাঠি মাজা হচ্ছে য়রে মরে। সব তেঃ গেছে, কিন্তু রতনলাল মিলকে দেখে নেবে তারা। মাথা দেবে, মাথা নেবে।

বদন্তে ক্ষতাক্ত মৃথ, গোল গোল চোথ, বেঁটে রোগা খুঁটে রঙের চেহারা নেমিয়ার, যাকে চড়ুই পাথীও ভয় পায় না—সেই এসে দাঁড়িয়েছে সঞ্জয়ের স্বমুথে অতি আসন্ধ এক বিপ্লবের ক্রমান হাতে নিয়ে।

নেতিয়ে পড়েছে সঞ্জয়। নেনিয়ার পিঠে হাত বুলিয়ে দিয়ে বললো—

অত ভাবনা কিসের কমরেজ দাদা! তোমার কিষাণ ফৌজকে থেতে হবে
তো। দাও, আর দেরী করোনা।

ক্যাশঘরের চাবির ভোড়া নিয়ে নেমিয়ার অন্ধকারে পিছলে সরে পড়লো।

উদ্ভান্তের মত অনেকক্ষণ পায়চারী করে সঞ্জয় এসে দাড়ালো ঘরের বাইরে একটু ঠাণ্ডা হাওয়া পেতে। একটা সামান্ত দলাদলির এ রুদ্র পরিণাম সে কল্পনা করতে পারে নি। সার্কাস দেখবার জন্ত যে সিংহকে গাঁচার বাইরে আনা হয়েছে, একটু সামান্ত খোঁচা দিতেই সেটা এমন বুনো হাক ছেড়ে অবাধ্য হয়ে উঠবে, কে এতটা ভেবেছিল।

—নেমিয়ার। অন্ধকারে সঞ্জয়ের ভাঙা গলা কেঁপে উঠলো। দৌড দিল সঞ্জয়।

ক্ষিণীর ঘরের জানালার ফাঁক দিয়ে মৃত্ আলোর সঙ্গে তারযন্ত্রের বিলাপের মত একটা স্বর ঠিকরে এসে পড়েছে। সঞ্জয় দম বন্ধ করে জানালার ফাঁকে চোথ লাগিয়ে দাঁড়িয়ে রইল।

মেঝের ওপর লুটোচ্ছে রুক্মিণী। সাড়ীর ভার থসে গিয়ে কোমরে শুধু গেরোটা লেগে আছে। থোপাটা মাটিতে ঘসা থেয়ে নোংরা হয়ে গেছে। কাচের চুড়িগুলো ভেঙে ছড়িয়ে রয়েছে এদিক ওদিক। আহত সপিনীর মত রুক্মিণী যেন কোমর ভেঙে অবশ ভাবে পড়ে আছে। মাথাটা শুধু এপাশে ওপাশে আছাড় থেয়ে পড়ছে

রুক্মিণীর প্রাণবায়ু যেন করাল ঝঞ্চার মত সমস্ত শরীরে একবার গুমরে উঠলো। এমন অবস্থায় অনেকে তো মার। যায়। রুক্মিণীর কপালেও কি তাই আছে!

অনাবৃত মন্থণ হাঁটুর ওপর অতি পরিচিত দেই নীল শিরার আঁকা-বাকা রেথাগুলি, জোঁকের মত ফুলে উঠেছে। ঠোঁটের ওপর দাতের পাটী চেপে বদে গেছে। চোথের কোণ থেকে তোড়ে তোড়ে জল গড়িয়ে

# গোত্রাস্থর

পড়ছে কান ভাসিয়ে। চাপা আর্ত্তপ্তর পদায় পদায় তীক্ষ হয়ে উঠছে। ফুসফুসটা ফেটে যায় বৃঝি! এই কি মৃত্যু!

কী নিষ্ঠুর বিভ্রম! সমস্ত যন্ত্রণা ধন্য করে কপট মৃত্যুর আড়ালে এক নবজীবনের রক্তবীজ পৃথিবীর মাটিতে হাত বাডিয়েছে। সঞ্জয় এক লাফে পিছিয়ে এসে গাছের নীচে দাঁডালো।

নেমিয়ার কোথায় ? সঞ্জয় এপিয়ে নেমিয়ারের ছরের দরজার ফাঁকে টক দিল।

কালো প্যাণ্ট পরে, কোমরে একটা চওড়া বেল্ট ক'সে নেমিয়ার বসে বসে চিবোচ্ছে বাসি রুটি। হাঁড়ি থেকে ঢেলে পচাই থাচে এক এক চুমুক। একটা ধারালো ভোজালী সামনে রাথা। মুথে অন্তুত এক প্রসন্নতা; শুকনো ঠোঁট ছুটো নেক্ডের মৃত হাস্চে।

এ-ঘরে ভাই, ও-ঘরে বোন। পুরাকল্পের বর্জর পৃথিবীর চুজন কুপিত ডাইন ও ডাইনী যেন তুক্ করে সর্বনাশের আহ্বান করছে!

নদীতে বান ডাকে, ভয়াল জলের তোড় আসে গর্জন করে। জেলে তার যথাসকাম ঘাড়ে তুলে দৌড় দেয়। সঞ্জয় দৌড়ল।

সড়ক না ধরে, মাঠের ঢালু খাড়াই খাদ গঠ ডিঙিয়ে সঞ্জয় দৌড়ে চলেছে। মিল ফটকের আলোটা ঘোলাটে আলেয়ার মত কুয়াশায় দপ দপ দপ করছে। আর বেশী দুর নয়।

মকতপুরই বা কতদ্র। আজ শেষ রাত্রে ট্রেণ ধরলে কাল বিকালেই পৌছে যাবে। শিরিষ গাছে হয়তো স্থাটি পেকেছে। সোনালী বৈকালে হাল্কা বাতাসে বাজে মোটা ঘুঙ্রের বোলের মত। বড়দা বারান্দায় বসে গুড়ের তৈরী চা খান। মা উঠোনে বসে লক্ষীর পিঁড়ি ধুতে থাকেন। পুতৃল আকাশে আঙুল তুলে শহ্মচিলের ঝাঁক গোণে—এক চুই তিন। স্থমিত্রা। হয়তো তার বিয়ে হয়নি। তার শবরীদৃষ্টি

ঘুরে বেড়ায় মকতপুরের বাড়ীর জানালায়—পথে—ধাবমান মোটর বাদের দিকে।

রায়বাহাত্র রতনলাল, স্থাবাবৃ, মূনিবজী। সামনে টুলের ওপর বসে আছে সঞ্জয়—বিশীর্ণ রোগীর মত। ভাঙা কাঁসরের মত গলার আওয়াজ। এক গেলাস গ্রম তুধ থেতে দেওয়া হয়েছে সঞ্জয়কে।

রায়বাহাত্র ডাকলেন—শঙ্কর পালোয়ান, ক্যাশঘরে পাহারা বসাও। নেমিয়ার বাব্জীকে ছুরি দেখিয়ে চাবি নিয়ে গেছে। আজ রাতেই চুরি করতে আসবে। চোট্টা শালাকে ধরে কাঁচা থেয়ে ফেলতে হবে।

মূনিবজীকে হুকুম দিলেন—বাবুজী ষ্টেশনে যাবেন। এথনি একটা ভাল ঘোড়ায় গদি চড়িয়ে দাও। আর আমার সিন্দুক থোল, বকশিস দিতে হবে। বড় ইমানদার ছেলে!

আদাব জানিয়ে সঞ্জয় উঠলো । রায়বাহাত্র বললেন—কটা দিন বাড়ী গিয়ে বিশ্রাম কর । তারপর এসো আমার গোরথপুর মিলে—শও রূপেয়; তন্থা।

রামথড়ির বেঞ্জের গায়ে গায়ে সরু জংলী পথে ঘোড়া ছুটিয়ে চলেছে সঞ্জয়। আকাশের বৃক্টা লাল হয়ে গেছে। কিযাণেরা আগুন জ্বালিয়ে দিয়েছে নিজের নিজের কেতে। পুড়ে পুড়ে শুদ্ধ হচ্ছে চুরাশী পরগণা।

সামনের মাঠটা পার হলেই ষ্টেশন, ডিষ্টাণ্ট সিগনালের আলোটা নীল তারার মত ভেসে রয়েছে। ছপ্ করে একটা শব্দ। ঘোড়াটা একটা স্রোতে পা দিয়েছে।

সঞ্জয় ঘোড়া থেকে নেমে স্রোতের ধারে বসে আঁজলা ভরে জল থেল। গেরস্থের মূর্গী চুরি করে থেয়ে একটা শেয়াল ভেজা বালির ওপর বসে র্ গোঁপের রক্ত চাটছিল। সেও এসে জল থাবার জন্ম স্রোতে মূথ নামালো।